সিটি কর্পোরেশন
বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিটি কর্পোরেশন
বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল

জানুয়ারি ২০২৫

স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিটি কর্পোরেশন বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল

স্বত্বাধিকারী
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
www.lgd.gov.bd

প্রকাশকাল

জানুয়ারি ২০২৫

সহযোগিতায়

স্ট্রেন্দেনিং ক্যাপাসিটি ফর সিটি কর্পোরেশন (C4C-2) প্রকল্প
জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি (JICA)

সুচিপত্র

শব্দ সংক্ষেপণ ও ব্যাখ্যা v
১. ভূমিকা ১
১.১ বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল প্রণয়নের উদ্দেশ্য ১
১.২ বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়ালের রূপরেখা ২
২. বাজেট ব্যবস্থাপনা পদ্ধতির আইনগত ভিত্তি ৩
৩. বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি ৪
৩.১ বাজেট প্রণয়ন ৫
৩.২ বাজেট বাস্তবায়ন ৮
৩.৩ বাজেট পরিবীক্ষণ (Budget Monitoring) ১০
৩.৪ বাজেট রিপোর্ট ১১
৪. BACS এর ভিত্তিতে প্রস্তুতকৃত বাজেট ফর্ম ১৪
৪.১ BACS এর ভিত্তিতে প্রণীত চার্ট অব একাউন্টস ১৪
৪.২ বাজেট ফর্মের কাঠামো ১৯
৪.৩ বাজেট ফর্ম ২০
৫. BACS ভিত্তিক হিসাবরক্ষণ ও বাজেট প্রণয়ন পদ্ধতি ৩৭
৫.১ দায় হ্রাস ৪০
৫.২ সম্পদ বৃদ্ধি ৪১
৫.৩ আবর্তক ব্যয় এবং মূলধন ব্যয় ৪২
৫.৪ দায় বৃদ্ধি ৪৫
৫.৫ সম্পদ হ্রাস ৪৬
৫.৬ সাসপেন্স হিসাব (অনিশ্চিত হিসাব -Suspense Account) ৪৭
৫.৭ রাজস্ব ও মূলধন প্রাপ্তি ৪৯
৫.৮ বিভিন্ন হিসাব খাতের মধ্যে অর্থ স্থানান্তর ৫০
৬. আর্থিক পরিবীক্ষণ এবং আর্থিক হিসাব বিবরণী প্রণয়ন ৫৭
৬.১ দৈনিক হিসাবরক্ষণ পদ্ধতি ৫৭
৬.২ মাসিক সমাপনী (Month Closing) ৬৩
৬.৩ ত্রৈমাসিক সমাপনী ৬৪
৬.৪ বার্ষিক হিসাব বিবরণী প্রণয়ন ৬৪
৭. আর্থিক প্রক্ষেপণ ৭১
৭.১ সরকারের মধ্যমেয়াদি বাজেট পরিকল্পনা ৭১
৭.২ সিটি কর্পোরেশনের আর্থিক প্রক্ষেপণ ৭১
৭.৩ আর্থিক ফলাফলের প্রক্ষেপণ বিশ্লেষণ ৭৩

- সংযুক্তি ১: BACS ভিত্তিক হিসাব তালিকা ৭৫
- সংযুক্তি ২: সিটি কর্পোরেশনের BACS ভিত্তিক বাজেট ফর্ম (অর্থনৈতিক কোডসহ) ১৩৯
- সংযুক্তি ৩: হিসাব বিবরণী ফর্ম ১৭৬
  - প্রাপ্তি ও পরিশোধ বিবরণী ১৭৬
  - বাজেট ও প্রকৃত প্রাপ্তি-পরিশোধ বিবরণী ১৮১
  - ব্যালেন্সের সারসংক্ষেপ ১৮৬

শব্দ সংক্ষেপণ ও ব্যাখ্যা

এডিপি	বার্ষিক উন্নয়ন কর্মসূচি	ADP	Annual Development Program
বিএসিএস	বাজেট এন্ড একাউন্টিং ক্ল্যাসিফিকেশন সিস্টেম	BACS	Budget and Accounting Classification System
বিএমডিএফ	বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড	BMDF	Bangladesh Municipal Development Fund
সিএও	প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা	CAO	Chief Account Officer
প্রনিক	প্রধান নির্বাহী কর্মকর্তা	CEO	Chief Executive Officer
সিএলসিসি	সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি	CLCC	City Level Coordination Committee
এফডি	অর্থ বিভাগ	FD	Finance Division
এফআরসি	ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল	FRC	Financial Reporting Council
অব	অর্থবছর	FY	Financial Year
আইবাস++	ইন্টিগ্রেটেড বাজেট এন্ড একাউন্টিং সিস্টেম	iBAS++	Integrated Budget and Accounting system + +
আইএফএমআইএস	ইন্টিগ্রেটেড ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম	IFMIS	Integrated Financial Management Information System
জাইকা	জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সি	JICA	Japan International Cooperation Agency
এলজিডি	স্থানীয় সরকার বিভাগ	LGD	Local Government Division
এমবিএফ	মিনিস্ট্রি বাজেট ফ্রেমওয়ার্ক	MBF	Ministry Budget Framework
এমটিবিএফ	মধ্যমেয়াদি বাজেট কাঠামো	MTBF	Medium-Term Budget Framework
পিডিসিএ	প্ল্যান-ডু-চেক-অ্যাকশন	PDCA	Plan-Do-Check-Action
পিইএমএস	সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচী (অর্থ বিভাগের)	PEMS	Public Expenditure Management Strengthening Program (of Finance Division)
পিএফএম	সরকারি আর্থিক ব্যবস্থাপনা	PFM	Public Financial Management
এসপিএফএমএস	স্ট্রেন্দেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাবল সার্ভিস ডেলিভারি (অর্থ বিভাগের)	SPFMS	Strengthening Public Financial Management Program to Enable Service Delivery (of Finance Division)

১. ভূমিকা

১.১ বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল প্রণয়নের উদ্দেশ্য

বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল প্রণয়নের প্রাথমিক উদ্দেশ্য হলো বাজেট ও একাউন্টিং ক্লাসিফিকেশন সিস্টেম (BACS-বিএসিএস) ভিত্তিক বাজেট ফর্ম ব্যবহার করে সিটি কর্পোরেশন (সিসি) কর্তৃক বাজেট প্রণয়ন, সম্পাদন, পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রণয়ন কাজে সহায়তা করা। অর্থ বিভাগের সার্বিক সহযোগিতা এবং জাইকা ও পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম (এসপিএফএমএস) শীর্ষক প্রকল্পের কারিগরি সহায়তার মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) কর্তৃক সিটি কর্পোরেশনসমূহের সক্ষমতা বৃদ্ধির জন্য BACS-ভিত্তিক বাজেট ফর্মগুলি তৈরি করা হয়েছে।

বাংলাদেশ সরকার ২০১৮-২০১৯ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগসমূহে বাজেট প্রণয়ন ও হিসাবরক্ষণের BACS এবং ইন্টিগ্রেটেড বাজেট অ্যান্ড একাউন্টিং সিস্টেম (iBAS++) প্রবর্তন করেছে। BACS এমন একটি "যৌক্তিক একাউন্টিং কাঠামো যার মাধ্যমে বাজেটসহ আর্থিক লেনদেনসমূহ লিপিবদ্ধকরণ, সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং প্রতিবেদন প্রণয়ন করা হয়"। মন্ত্রণালয়/বিভাগসমূহ অর্থাৎ, সরকারের Budgetary Central Government প্রতিষ্ঠানসমূহ তাদের বাজেট প্রণয়ন এবং হিসাবরক্ষণের ক্ষেত্রে BACS ভিত্তিক Chart Accounts ব্যবহার করে।

আইবাস++ (iBAS++) বাংলাদেশ সরকারের এমন একটি সমন্বিত আর্থিক ব্যবস্থাপনা তথ্য ও ব্যবস্থাপনা পদ্ধতি (Integrated Financial Management and Information System-IFMIS), যার মধ্যে সরকারি সংস্থাসমূহের বাজেট প্রস্তুতি থেকে নিরীক্ষা পর্যন্ত সকল পর্যায়ের সরকারি আর্থিক ব্যবস্থাপনা (Public Finncial Management-PFM) অর্ন্তভুক্ত রয়েছে। আইবাস++ (iBAS++) এ হিসাব রক্ষণের জন্য BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস ব্যবহার করা হয়।

সরকারি অর্থ অর্থাৎ Public Money ব্যয়ের ক্ষেত্রে সিটি কর্পোরেশন আইবাস++(iBAS++) ব্যবহার করতে পারে তবে এতে কোন বাধ্যবাধকতা নেই; এমনকি নিজস্ব কোন আর্থিক ব্যবস্থাপনা বা Financial Management System ব্যবহার করতে পারে। কিন্তু তা না করে সিটি কর্পোরেশনসমূহ ম্যানুয়াল পদ্ধতিতেই তাদের আর্থিক ব্যবস্থাপনা পরিচালনা করছে। সিটি কর্পোরেশনের নিকট হালনাগাদকৃত অভিন্ন বাজেট ফর্ম না থাকায় বিভিন্ন সিটি কর্পোরেশন ভিন্ন ভিন্ন ধরণের ফর্মে বাজেট প্রণয়ন করছে। এছাড়াও, অনেক ক্ষেত্রেই সিটি কর্পোরেশনের জন্য প্রযোজ্য আইনগুলো হালনাগাদ না হওয়ায় প্রাসঙ্গিক বিধি-বিধানের অভাবে যথাযথভাবে লেনদেন লিপিবদ্ধ করতে গিয়ে অসুবিধার সম্মুখিন হচ্ছে।

BACS-এর উপর ভিত্তি করে অভিন্ন বাজেট ফর্ম প্রস্তুত করা হলে সিটি কর্পোরেশনসমূহ আরও দক্ষতার সহিত এবং নির্ভুলভাবে বাজেট ব্যবস্থাপনায় সক্ষম হবে, যা সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ভবিষ্যতে সিটি কর্পোরেশনসমূহ আইবাস++ (iBAS++) এর পূর্ণাঙ্গ প্রবর্তনের জন্য প্রস্তুত হবে এবং নতুন ক্ল্যাসিফিকেশন সম্পর্কে সিটি কর্পোরেশনসমূহের ধারণা ও সক্ষমতা বৃদ্ধি পাবে।

যেহেতু BACS একাউন্ট কোডের একটি অংশ, যা বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক অনুমোদিত, তাই কয়েকটি সিটি কর্পোরেশন স্বীয় আর্থিক ব্যবস্থাপনা পদ্ধতি অর্থাৎ Financial Management System এর ডেভেলপমেন্ট করতে চাইলে সেই সকল সিস্টেমে BACS ভিত্তিক বাজেটিং ও একাউন্টিং সিস্টেম প্রবর্তন করতে আইনি বাধ্যবাধকতা রয়েছে। এতে করে সিটি কর্পোরেশনসমূহ সরকারি বাজেট ও একাউন্টিং এর স্ট্যান্ডার্ড ও প্রসিডিউর অনুসরণে সক্ষম হবে।

১.২ বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়ালের রূপরেখা

সিটি কর্পোরেশনসমূহ কিভাবে BACS এর ভিত্তিতে প্রণয়নকৃত বাজেট ফর্ম ব্যবহারের মাধ্যমে বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং প্রতিবেদন প্রস্তুত করবে সে বিষয়ে এই বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়ালটিতে বিস্তারিত আলোচনা করা হবে।

সিটি কর্পোরেশনের আর্থিক ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যেমনঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা এবং অন্যান্য হিসাবরক্ষণ কর্মকর্তা ও কর্মচারীগণ এই ম্যানুয়ালের মূল ব্যবহারকারী। প্রকৌশল বিভাগসহ অন্যান্য বিভাগের কর্মকর্তাদেরকেও ম্যানুয়ালের মূল বিষয়গুলি সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

ম্যানুয়ালটির দ্বিতীয় অধ্যায়ে বাজেট ব্যবস্থাপনার আইনি কাঠামো এবং তৃতীয় অধ্যায়ে সামগ্রিক বাজেট প্রণয়ন প্রক্রিয়া ব্যাখ্যা করা হয়েছে। এরপর, ম্যানুয়ালের চতুর্থ অধ্যায়ে BACS-এর উপর ভিত্তি করে প্রণীত বাজেট ফর্মগুলির রূপরেখা উপস্থাপন করা হয়েছে। উক্ত ফর্মগুলিতে BACS-এর ইকোনোমিক কোড এবং সেগুলোর বর্ণনা রয়েছে। অত্র ম্যানুয়ালের পঞ্চম অধ্যায়ে হিসাবসমূহের নতুন তালিকার ভিত্তিতে হিসাবরক্ষণ ও বাজেট প্রণয়ন পদ্ধতিগুলি দেখানো হয়েছে। এছাড়াও, BACS প্রবর্তনের পর সিটি কর্পোরেশনের বাজেট, হিসাবরক্ষণ অর্থাৎ আর্থিক ব্যবস্থাপনায় কি ধরণের পরিবর্তন হবে সেই বিষয়েও পঞ্চম অধ্যায়ে ব্যাখ্যা করা হয়েছে। ম্যানুয়ালের ষষ্ঠ অধ্যায়ে আর্থিক প্রক্ষেপণসমূহের (Financial Projection) একটি সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করা হয়েছে যা সিটি কর্পোরেশনগুলো বিনিয়োগ এবং কর্মী নিয়োগের সিদ্ধান্ত নেয়ার সময় ব্যবহার করবে বলে আশা করা যায়।

২. বাজেট ব্যবস্থাপনা পদ্ধতির আইনগত ভিত্তি

সিটি কর্পোরেশনসমূহ আইনি কাঠামোর (Legal Framework) ভিত্তিতে প্রণীত বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি অনুসরণ করে থাকে। সিটি কর্পোরেশন অনুসৃত বাজেট ব্যবস্থাপনায় প্রযোজ্য প্রধান প্রধান প্রচলিত আইন, বিধি ও পদ্ধতির নাম নিম্নে দেয়া হলো:

- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯,
- বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫,
- মিউনিসিপ্যাল কর্পোরেশন (ট্যাক্সেশন) রুলস, ১৯৮৬ এবং
- সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০১৬।

সিটি কর্পোরেশন বাজেট ব্যবস্থাপনায় রেফারেন্স হিসাবে ব্যবহৃত অন্যান্য আইনি উপকরণগুলো হলো:
- ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন (বাজেট প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৭৪ এবং
- পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯।

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯: এ আইনের ৭৬ ও ৭৭ ধারায় সিটি কর্পোরেশনের বাজেট সম্পর্কিত বিধান রয়েছে। যেহেতু এ আইনের অধীন বিধিমালা করার সুযোগ রয়েছে, তাই বাজেট ও হিসাবরক্ষণ অর্থাৎ আর্থিক ব্যবস্থাপনার জন্য পৃথক বিধিমালার প্রয়োজন আছে।

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫: এই বিধিমালায় সকল প্রকার নগর স্থানীয় সরকারসমূহের ক্ষেত্রে প্রযোজ্য হিসাবরক্ষণ ও বাজেট পদ্ধতি বর্ণনা করা হয়েছে। এ প্রসংগে উল্লেখ্য যে, বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫ এ বর্ণিত অনেক নিয়মই ১৯৭০ পরবর্তী সময়ে জারিকৃত বিভিন্ন বিধিমালায় প্রতিস্থাপন করা হয়েছে।

এ ছাড়াও, তৎকালীন ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন (বর্তমান ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন) এবং পৌরসভাসমূহের জন্য প্রণীত হলেও সিটি কর্পোরেশনসমূহ ঢাকা মিউনিসিপ্যাল কর্পোরেশন (বাজেট প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৭৪, এবং পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এ উদ্ধৃতি বা Reference হিসাবে ব্যবহৃত হতে পারে।

এর বাইরেও সিটি কর্পোরেশনের বাজেট আইটেম ও বাজেট বাস্তবায়ন এর সাথে সম্পর্কিত আরো বেশ কয়েকটি আইনি উপকরণ (Legal Instrument) রয়েছে। এ সমস্ত আইনি উপকরণের প্রধান কয়েকটির নাম নিম্নে প্রদান করা হলো:

- সরকারী ক্রয় আইন (Public Procurement Act), ২০০৬ এবং সরকারী ক্রয় বিধিমালা (Public Procurement Rules), ২০০৮;
- Contributory Provident Fund Rules, 1979 (কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড রুলস, ১৯৭৯);
- General Provident Fund Rules, 1979 (জেনারেল প্রভিডেন্ট ফান্ড রুলস, ১৯৭৯);
- The Local Authorities Loans Rules, 1915 (স্থানীয় কর্তৃপক্ষ ঋণ বিধিমালা, ১৯১৫);
- হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) আইন, ২০১৮ এবং হাট ও বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০১৮ (খসড়া);
- সিটি কর্পোরেশন (কাউন্সিলর এবং সংরক্ষিত আসনের কাউন্সিলরদের দায়িত্ব ও সুবিধাবলি) বিধিমালা, ২০১২ (২০১৭ সালে সংশোধিত);
- ঢাকা সিটি কর্পোরেশন চুক্তিনামা (নির্মাণ, মালিকানা, পরিচালনা ও হস্তান্তর) বিধিমালা, ২০১৪;
- সরকারি কর্মকর্তাদের বেনিফিট/প্রাপ্য সার্কুলার (১৪ অক্টোবর ২০১৫);
- মিউনিসিপ্যাল কর্পোরেশন কর্মচারী (গ্র্যাচুইটি এবং প্রভিডেন্ট ফান্ড) বিধিমালা, ১৯৮৮;
- বেশ কয়েকটি সিটি কর্পোরেশনের জন্য সরকার অনুমোদিত নিয়োগ বিধিমালা;
- বেশ কয়েকটি সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত বাজার বিধিমালা (সরকার কর্তৃক গেজেটকৃত);
- সরকার ও বেশ কয়েকটি সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত সিটি কর্পোরেশন কার্যাবলি সম্পৃক্ত বিভিন্ন নীতিমালা।

৩. বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি

বাজেট ব্যবস্থাপনার চারটি প্রধান ধাপ, যথা: (১) বাজেট প্রণয়ন, (২) বাস্তবায়ন, (৩) পরিবীক্ষণ এবং (৪) প্রতিবেদন প্রণয়ন এর সমন্বয়ে পরিচালত একটি বার্ষিক প্রক্রিয়া। অর্থ-বছর শুরু হওয়ার পূর্বেই সিটি কর্পোরেশনসমূহ সংশ্লিষ্ট অর্থ-বছরের বাজেট প্রণয়ন ও অনুমোদন করে এবং এরপর সমগ্র অর্থ-বছর জুড়ে উক্ত অনুমোদিত বাজেট বাস্তবায়ন এবং পরিবীক্ষণ করা হয়। অর্থবছর সমাপ্তির পর সিটি কর্পোরেশন বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করার জন্য বাজেট বাস্তবায়নের ফলাফল সংকলন করে এবং তদনুযায়ী প্রস্তুতকৃত হিসাব বিবরণী অর্থবছরের ডিসেম্বর মাস শেষ হওয়ার পূর্বেই প্রকাশ করে।

এখানে বলা যেতে পারে যে, বাজেট ব্যবস্থাপনা হলো চার ধাপের সমস্যা সমাধান পদ্ধতি সম্বলিত একটি পিডিসিএ (Plan-Do-Check-Action: PDCA) (পরিকল্পনা-কার্যকারণ-যাচাই-উদ্যোগ) চক্র। সিটি কর্পোরেশন সমগ্র অর্থবছর জুড়ে চারটি ধাপে (ক) বাজেট (পরিকল্পনা) প্রণয়ন করে, (খ) রাজস্ব সংগ্রহ এবং ব্যয় (কার্যকারণ) এর মাধ্যমে বাজেট বাস্তবায়ন করে, (গ) বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ শেষে প্রতিবেদন (যাচাই) প্রস্তুত করে এবং অতঃপর (ঘ) বাজেট সম্পাদন পর্যালোচনা করে পরবর্তী অর্থবছরের বাজেট প্রণয়নের জন্য পদক্ষেপ গ্রহণ করে।



চিত্র ৩-১: বাজেট ব্যবস্থাপনার পিডিসিএ চক্র

অর্থবছর জুড়ে সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট বিধিমালা ও প্রবিধানের ভিত্তিতে কীভাবে বাজেট ব্যবস্থাপনা পদ্ধতি চলমান রাখে সে বিষয়টি এ অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে।

৩.১ বাজেট প্রণয়ন

পরবর্তী অর্থবছরের খসড়া বাজেট প্রণয়নের জন্য সিটি কর্পোরেশনের পর্যাপ্ত সময় প্রয়োজন। যদিও সিটি কর্পোরেশন কখন বাজেট প্রণয়ন আরম্ভ করবে সে বিষয়ে সংশ্লিষ্ট বিধিমালাসমূহে সুনির্দিষ্ট করে বলা নেই, তবে সিটি কর্পোরেশনসমূহকে এপ্রিল মাসের প্রথম হতে বা অর্থ-বছর শেষ হওয়ার ৩ মাস আগে থেকে বাজেট প্রণয়ন প্রস্তুতি শুরু করার জন্য পরামর্শ দেয়া হয়। উদাহরণ হিসাবে বলা যায়, বাজেট প্রণয়ন আরম্ভ করার বিষয়টি পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর বিধি ৬-এ বিষয়টি নির্দিষ্ট করা আছে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

বিধি ৬। বাজেট প্রণয়ন পদ্ধতি – প্রত্যেক পৌরসভা, -

ক. কোন অর্থ বৎসর শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে পরবর্তী অর্থ বৎসরের জন্য বাজেট প্রণয়নের কাজ শুরু করিবে;

খ. যেই অর্থ বৎসরের জন্য বাজেট প্রণয়ন করিবে সেই অর্থ বৎসরে সরকার কর্তৃক অনুমোদিত বিভিন্ন কর, রেইট, টোল এবং ফি সমূহ হইতে সম্ভাব্য আয়ের একটি হিসাব এবং বিভিন্ন খাতে ব্যয়ের একটি হিসাব প্রস্তুত করিবে;

.....

('ক' এ দেয়া (Underline) ম্যানুয়াল লেখকের দেয়া) .....

(১) নীতি নির্দেশিকা প্রণয়ন

বাজেট প্রণয়নের শুরুতে সিটি কর্পোরেশন বাজেট প্রস্তুতের জন্য নীতি-নির্দেশিকা প্রণয়ন করে, যা পরবর্তী অর্থ-বছরের বাজেটের জন্য সামগ্রিক দিক নির্দেশ প্রদান করে থাকে।

নীতি নির্দেশিকা প্রণয়নের জন্য বিগত কয়েক বছরের কর ও ফি আদায়ের পরিমান পর্যালোচনা করে সিটি কর্পোরেশনের রাজস্ব প্রাক্কলন করতে হবে। সিটি করেপারেশনের বিভিন্ন রাজস্ব প্রাক্কলনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়গুলো হলো: (১) বিগত বছরগুলোতে রাজস্ব আদায়ের সক্ষমতা, (২) বর্তমানের রাজস্ব চাহিদা/দাবী, (৩) বিগত বছরগুলোতে বকেয়া রাজস্ব দাবী ইত্যাদির উপর নজর দেয়া। রাজস্ব/কর আদায়ে সিটি কর্পোরেশনের সুস্পষ্ট লক্ষ্যমাত্রা থাকা উচিত এবং পরবর্তী অর্থবছরের জন্য রাজস্ব/কর আদায়ের পরিকল্পনাও নির্ধারণ করা প্রয়োজন।

এরপর সিটি কর্পোরেশন রাজস্ব বাজেট (Revenue Budget) এর আবর্তক ব্যয়- (Recurrent Expenditure) এবং উন্নয়ন বাজেটের (Development Budget) ব্যয়ের সীমা নির্ধারণ করে থাকে।

হিসাব বিভাগের সহায়তায় প্রধান নির্বাহী কর্মকর্তা রাজস্ব প্রাক্কলন এবং ব্যয়সীমা নির্ধারণের জন্য নীতি-নির্দেশিকা প্রণয়ন করবেন। অতঃপর উক্ত নীতিমালা কাউন্সিল সভায় অনুমোদনের পর তা সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।

(২) সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক বাজেট প্রাক্কলন

এরপর রাজস্ব ও ব্যয় সংক্রান্ত আলোচনার জন্য একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় অনুষ্ঠিত আলোচনা অনুযায়ী বিভাগসমূহ পরবর্তী অর্থবছরের জন্য রাজস্ব আয় ও ব্যয় (প্রাপ্তি ও পরিশোধ) এর প্রাক্কলন করে। এরপর বিভাগগুলো তথ্য সংকলনপূর্বক প্রাক্কলিত রাজস্ব আয় ও ব্যয়ের বিবরণী হিসাব বিভাগে প্রেরণ করে।

(৩) বিভিন্ন বিভাগের সাথে বাজেট নিয়ে আলোচনা এবং খসড়া বাজেট প্রণয়ন

অতঃপর হিসাব বিভাগ খসড়া বাজেট প্রণয়নের জন্য বাজেট সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে বিস্তারিত আলোচনা করে। প্রধান নির্বাহী কর্মকর্তা (প্রনিক) উক্ত আলোচনাকে অর্থবহ করার জন্য আলোচনা খসড়া বাজেটের নীতি-নির্দেশিকার সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই করেন। সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে আলোচনার ভিত্তিতে হিসাব বিভাগ পরবর্তী অর্থবছরের জন্য বাজেটের প্রথম খসড়া প্রণয়ন করে।

(৪) স্থায়ী কমিটির সভায় বাজেট পর্যালোচনা

সিটি কর্পোরেশনের প্রথম খসড়া বাজেট প্রস্তুতের পর সিটি কর্পোরেশনের অর্থ ও সংস্থাপন সম্পর্কিত স্থায়ী কমিটি উক্ত খসড়া বাজেট পর্যালোচনা করে। মে মাসের প্রথম দিকে বাজেট পর্যালোচনার জন্য স্থায়ী কমিটির সভা আয়োজন করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে।

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯

৫৬। সভার কার্যপদ্ধতি ও কার্য পরিচালনা। -

এই আইনের বিধান সাপেক্ষে, কর্পোরেশন উহার সভা এবং উহার স্থায়ী কমিটি কিংবা অন্যান্য কমিটির সভার কার্যপদ্ধতি ও কার্য পরিচালনার জন্য প্রবিধান প্রণয়ন করিতে পারিবে; অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত হইবে -

(ক) বাজেটের প্রাক্কলন স্থায়ী কমিটি কর্তৃক মতামত প্রদানের পর বাজেট সভায় অনুমোদিত হইবে;

(খ) ধারা ৫৯ এ বর্ণিত যে কোন চুক্তি বিষয়ক সিদ্ধান্ত চূড়ান্ত করিবার পূর্বে সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মতামত গ্রহণ করিতে হইবে।

('ক' এ দেয়া (Underline) ম্যানুয়াল লেখকের দেয়া)

<রেফারেন্স> সিটি কর্পোরেশন (স্থায়ী কমিটি) মডেল প্রবিধান, ২০১৯

তফসিল ক - অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী

১। কর্পোরেশনের খসড়া বার্ষিক বাজেট পর্যালোচনা, কর্পোরেশনের আয় ও ব্যয় বিশ্লেষণ এবং কর্পোরেশনের সাধারণ সভায় উপস্থাপনের সময় উক্ত বিষয়ে যথাযথ সুপারিশ প্রদান। অর্থবৎসর আরম্ভের পূর্বেই আইন অনুযায়ী কর্পোরেশন কর্তৃক বাজেট অনুমোদনের বিষয়টি নিশ্চিতকরণ।

('ক' এ দেয়া (Underline) ম্যানুয়াল লেখকের দেয়া)

(৫) কাউন্সিল সভায় আলোচনা

স্থায়ী কমিটির সভায় বাজেট পর্যালোচনার পর হিসাব বিভাগ ও প্রধান নির্বাহী কর্মকর্তা (প্রনিক) কাউন্সিল সভায় খসড়া বাজেট উপস্থাপন করেন। হিসাব বিভাগ উক্ত সভায় কাউন্সিলরদের প্রদত্ত মন্তব্য সংগ্রহ করবে এবং তা খসড়া বাজেটে প্রতিফলিত করবে।

(৬) সিএলসিসির সাথে পরামর্শ

কাউন্সিল সভায় আলোচনার পর বিষয়টি সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির (সিএলসিসি) সভায় আলোচনা করা হয়। সিটি কর্পোরেশন কোনরূপ সিএলসিসি গঠন না করে থাকলে স্থানীয় সরকার বিভাগ প্রণীত সিটি কর্পোরেশনের জন্য নাগরিক সম্পৃক্ততা নির্দেশনার (২০২০) আলোকে বিষয়টি সম্পন্ন করতে পারে।

(৭) বাজেট অনুমোদন ও স্থানীয় সরকার বিভাগে দাখিল

স্থায়ী কমিটি কর্তৃক বাজেট পর্যালোচনা এবং সিএলসিসির সাথে পরামর্শের পর প্রণীত বাজেট অনুমোদনের জন্য মেয়র কাউন্সিল সভায় উপস্থাপন করবেন। স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন, ২০০৯ এর ৭৬ ধারার বিধান অনুযায়ী জুন মাসের ১ তারিখের আগে সিটি কর্পোরেশনকে অবশ্যই কাউন্সিল সভায় বাজেট অনুমোদন করাতে হবে।

কাউন্সিল সভায় বাজেট অনুমোদনের পর সিটি কর্পোরেশন অনুমোদিত বাজেটের একটি অনুলিপি সরকারের (স্থানীয় সরকার বিভাগ) নিকট প্রেরণ করবে। সিটি কর্পোরেশন বাজেট প্রেরণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট হতে সংশোধিত বাজেট পেতে পারে। কিন্তু সিটি কর্পোরেশন সরকারের (স্থানীয় সরকার বিভাগ) নিকট হতে বাজেট প্রেরণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত বাজেটের উপর কোন প্রকার মন্তব্য বা সংশোধনী না পেলে অর্থ বছর শুরু হওয়ার দিন হতে সিটি কর্পোরেশন তার প্রণীত বাজেট বাস্তবায়ন আরম্ভ করবে।

কোন কোন সিটি বর্পোরেশন জুলাই মাসের ১ (এক) তারিখের পর বাজেট প্রণয়ন এবং তা কাউন্সিল সভায় অনুমোদন করে থাকে। বিষয়টি বিধি বহির্ভূত এবং সিটি কর্পোরেশনসমূহের উচিত ইহা কঠোরভাবে এড়িয়ে চলা। কাউন্সিল সভার অনুমোদন ব্যতিরেকে বাজেট বাস্তবায়ন ও সরকারের নিকট দাখিল করা স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন, ২০০৯ এর পরিপন্থী।

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯

৭৬। বাজেট

(১) কর্পোরেশন প্রতি বৎসর পহেলা জুনের পূর্বে উহার পরবর্তী আসন্ন অর্থ বৎসরের প্রাক্কলিত আয়-ব্যয়ের একটি বিবরণ নির্ধারিত পদ্ধতিতে প্রস্তুত ও অনুমোদন করিবে, যাহা অতঃপর বাজেট বলিয়া অভিহিত হইবে, এবং কর্পোরেশন উহার একটি প্রতিলিপি সরকারের নিকট প্রেরণ করিবে।

(২) কর্পোরেশন পহেলা জুনের পূর্বে উহা উপ-ধারা (১) এ বর্ণিত পদ্ধতিতে যদি উহার বাজেট প্রস্তাব ও অনুমোদন না করে, তাহা হইলে সরকার প্রয়োজনীয় বিবরণ প্রস্তুত ও প্রত্যয়ন করাইতে পারিবে, এবং অনুরূপভাবে প্রত্যয়িত বিবরণ কর্পোরেশনের অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

(৩) সরকার উপ-ধারা (১) অনুযায়ী বাজেটের প্রতিলিপি প্রাপ্তির ত্রিশ (৩০) দিনের মধ্যে আদেশ দ্বারা উহা পরিবর্তন করিতে পারিবে এবং অনুরূপ পরিবর্তিত বাজেট কর্পোরেশনের অনুমোদিত বাজেট বলিয়া গণ্য হইবে।

(৪) কোন অর্থ বৎসর শেষ হইবার পূর্বে উক্ত অর্থ বৎসরের জন্য যে কোন সময়ে সংশোধিত বাজেট প্রস্তত ও অনুমোদন করা যাইবে, এবং উক্ত সংশোধিত বাজেট, যথাসম্ভব, এই ধারার বিধান সাপেক্ষে হইবে।

(উপরের Underlined বাক্যাংশ সমূহ ম্যানুয়াল লেখকের দেয়া)

(৮) বাজেট প্রকাশনা

কাউন্সিল সভায় বাজেট অনুমোদিত হওয়ার পর হিসাব বিভাগ অনুমোদিত বাজেট মুদ্রণ করবে এবং জনসাধারণকে বাজেট সম্পর্কে অবহিত করার জন্য মুদ্রিত বাজেট নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা করবে। সিটি কর্পোরেশনসমূহকে উক্ত অনুমোদিত বাজেট তাদের নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সুপারিশ করা হলো।

উপরে বর্ণিত বাজেট প্রণয়ন প্রক্রিয়ার বিশ্লেষণ প্রতিটি পদক্ষেপের সময়সীমা নির্দেশ করে নীচের সারণিতে সংক্ষিপ্তভাবে বর্ণনা করা হলো।

সারণী ৩-১: বার্ষিক বাজেট প্রণয়ন সময়সীমা

সময়সীমা		বাজেট প্রণয়ন কার্যাবলি	দায়িত্ব	প্রধান প্রধান কাজ
এপ্রিল	প্রথম সপ্তাহ	বাজেট প্রণয়নের জন্য নীতি-নির্দেশিকা নির্ধারণ	• প্রনিক • হিসাব বিভাগ	• হিসাব বিভাগের সহযোগিতায় প্রনিক রাজস্ব আদায়, ব্যয় এবং উদ্বৃত লক্ষ্যমাত্রার উপর ভিত্তি করে বাজেটের জন্য তার নীতি-নির্দেশিকা প্রণয়ন করবেন। • সংশ্লিষ্ট বিভাগসমূহের নিকট প্রেরণের পূর্বে কাউন্সিল সভায় নীতি-নির্দেশিকাটির অনুমোদন গ্রহণ করবেন।
	দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহ	সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক বাজেট প্রক্কলন	• সংশ্লিষ্ট বিভাগ প্রধান	• বিভাগীয় বাজেট প্রণয়নের কাজে জড়িত বিভাগসমূহ তাদের বিভাগীয় কর্মচারীদেরকে কাজে লাগিয়ে পরবর্তী অর্থবছরের জন্য তাদের ব্যয় পরিকল্পনা প্রণয়ন করে তা হিসাব বিভাগে প্রেরণ করবে। উক্ত ব্যয় পরিকল্পনায় সংশ্লিষ্ট বিভাগের পরিচালন পরিকল্পনা প্রতিফলিত হয়।
	চতুর্থ সপ্তাহ	বাজেট আলোচনা ও খসড়া বাজেট প্রণয়ন	• প্রনিক • হিসাব বিভাগ	• প্রনিক এবং হিসাব বিভাগ সংশ্লিষ্ট বিভাগের সাথে আলোচনার মাধ্যমে খসড়া বাজেট চূড়ান্ত করবে।
মে	প্রথম সপ্তাহ	বাজেট আলোচনা ও খসড়া বাজেট প্রণয়ন	• হিসাব বিভাগ • স্থায়ী কমিটি	• স্থায়ী কমিটি পর্যালোচনা করে নিশ্চিত করবে যে, খসড়া বাজেটটি নীতি-নির্দেশিকা এবং অন্যান্য পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ।
	দ্বিতীয় সপ্তাহ	কাউন্সিল সভায় খসড়া বাজেটের উপর আলোচনা	• প্রনিক	• খসড়া বাজেট সম্পর্কে কাউন্সিলরদের মতামত নেয়ার জন্য প্রনিক ও হিসাব বিভাগ কাউন্সিল সভায় বাজেট উপস্থাপন করবে।
	তৃতীয় সপ্তাহ	সিএলসিসি (সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি) এর সাথে আলোচনা	• প্রনিক • সিএলসিসি • হিসাব বিভাগ	• খসড়া বাজেটের উপর মত বিনিময়ের জন্য প্রনিক ও হিসাব বিভাগ সিএলসিসি'র একটি সভা আহ্বান করবে। • হিসাব বিভাগ মেয়রের নির্দেশনাসহ সিএলসিসি সভা হতে গৃহীত মতামত খসড়া বাজেটে প্রতিফলিত করবে।
	চতুর্থ সপ্তাহ	বাজেট অনুমোদন ও স্থানীয় সরকার বিভাগে প্রেরণ	• মেয়র • প্রনিক	• মেয়র খসড়া বাজেট অনুমোদনের জন্য কাউন্সিল সভায় পেশ করবেন। • অনুমোদনের পর প্রনিক উহা স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।
জুন	প্রথম সপ্তাহ	বাজেট প্রকাশনা	• হিসাব বিভাগ • আইটি কর্মকর্তা-কর্মচারী/বিভাগ	• হিসাব বিভাগ অনুমোদিত বাজেট ছাপিয়ে এবং নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে জনসাধারণের অবহিতির জন্য উপস্থাপন করবে। • আইটি বিভাগ উক্ত বাজেট সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ করবে।

৩.২ বাজেট বাস্তবায়ন

সিটি কর্পোরেশন অনুমোদিত বাজেট বাস্তবায়নের মাধ্যমে তার জনগণকে বছর জুড়ে প্রশাসনিক পরিষেবা (Public Service) প্রদান করে থাকে। এ ক্ষেত্রে মনে রাখা দরকার, বাজেট বাস্তবায়নের সাথে সিটি কর্পোরেশনের ব্যয় এবং রাজস্ব বৃদ্ধি উভয়ই অন্তর্ভুক্ত।

যেহেতু এখনও স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর আলোকে প্রত্যাশিত বাজেট বাস্তবায়ন সংক্রান্ত বিধিমালা প্রণয়ন করা হয়নি, সিটি কর্পোরেশনসমূহ ঢাকা পৌর কর্পোরেশন (বাজেট প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৭৪ এবং পৌরসভা বাজেট (প্রস্তুত ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯ এর উদ্ধৃতি (রেফারেন্স) দিতে পারে।

সিটি কর্পোরেশনসমূহের উচিত নিম্নেবর্ণিত নিয়মাবলি অনুসরণ করা:

(ক) সিটি কর্পোরশন তার প্রতিটি বাজেট শিরোনামে বরাদ্দকৃত অর্থের বেশি ব্যয় করতে পারবে না,

(খ) সিটি কর্পোরেশন প্রয়োজনে প্রতিটি বাজেট খাতের অর্থ পুনর্বণ্টন করতে পারবে, তবে উক্ত পুনর্বন্টনকৃত অর্থের পরিমাণ মূল বাজেটে বরাদ্দকৃত অর্থের ১০% এর বেশি হবে না, এবং

(গ) সিটি কর্পোরেশনের রাজস্ব হিসাবের সমাপনি স্থিতি অবশ্যই তার এক মাসের ব্যয়ের বেশি থাকতে হবে।

<ন্যুনতম সমাপনি স্থিতির রেফারেন্স>

ঢাকা পৌর কর্পোরেশন (বাজেট প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৭৪.

ন্যুনতম সমাপনি স্থিতি. - কর্পোরেশনের ন্যূনতম সমাপনি স্থিতির পরিমান সাধারণভাবে সারা বৎসরের মোট সংস্থাপন ব্যয় ও নির্ধারিত মাসিক চার্জের এক-দ্বাদশাংশ বা এক মাসের গড় ব্যয়ের কম হইবে না।

<অতিরিক্ত ব্যয় ও বাজেট সংশোধনীর রেফারেন্স>

<রেফারেন্স> ঢাকা পৌর কর্পোরেশন (বাজেট প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৭৪।

৯. অতিরিক্ত ব্যয় পুনঃবরাদ্দ। - কর্পোরেশন বাজেটের প্রতিটি হিসাব খাতে বর্ণিত অর্থের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করিতে পারিবে না;

তবে, শর্ত থাকে যে, সিটি কর্পোরেশন সংশ্লিষ্ট খাতে বরাদ্দের ১০ শতাংশের অনধিক অর্থ অন্য খাত হইতে পুনর্বন্টন করিতে পারিবে। তবে চার্জযুক্ত ব্যয় হইতে কোন অর্থ এই পুনর্বন্টনে স্থানান্তর করা যাইবে না।

(উপরের Underlined বাক্যাংশ ম্যানুয়াল লেখকের দেয়া)

১১. সংশোধিত প্রাক্কলন। (১) যদি সিটি কর্পোরেশন এই মর্মে সন্তুষ্ট হয় যে, বাজেট সংশোধন না করিলে বাজেটে প্রদর্শিত প্রাপ্তি ও ব্যয় এবং বাজেটের সাথে সম্পর্কিত বৎসরের প্রাপ্তি ও ব্যয়ের প্রকৃত অগ্রগতির মধ্যে যথেষ্ট পার্থক্য হওয়ার সম্ভাবনা রহিয়াছে, সেক্ষেত্রে সিটি কর্পেরেশন বাজেটের সংশোধিত প্রাক্কলন প্রণয়ন করিতে পারিবে।

পৌরসভা বাজেট (প্রণয়ন ও অনুমোদন) বিধিমালা, ১৯৯৯

১২। ব্যায়ের খাত উপযোজন: কোন পৌরসভা উহার বাজেটে বরাদ্দকৃত এক খাত বা উপ-খাতের অর্থ অন্য খাত বা উপ-খাতে উপযোজন করিতে পারিবে না:

তবে শর্ত থাকে যে, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা বা অনুরূপ অন্য কোন কারণে একান্ত প্রয়োজন হইলে, নির্ধারিত কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে এইরূপ উপযোজন করা যাইবে।

উপরে বর্ণিত নিয়মাবলি অনুসরণ করে সিটি কর্পোরেশনকে একটি বাস্তবসম্মত বাজেট প্রণয়ন করতে হবে এবং উক্ত বাজেটের বাস্তবায়ন নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে। তহবিলে পর্যাপ্ত পরিমাণে নগদ অর্থ আছে কিনা তা নিশ্চিত করার জন্য সিটি কর্পোরেশনের নগদ স্থিতিও পর্যবেক্ষণ করা প্রয়োজন।

৩.৩ বাজেট পরিবীক্ষণ (Budget Monitoring)

সিটি কর্পোরেশন সমগ্র অর্থবছর জুড়ে তার অনুমোদিত বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ করে। এ পরিবীক্ষণে প্রতিটি আইটেমের ব্যয়ের পরিমান বাজেটে বর্ণিত বরাদ্দের মধ্যে রয়েছে কিনা তা পরীক্ষা করা হয়। এছাড়াও বার্ষিক পরিকল্পনা অনুযায়ী কর, ফি এবং অন্যান্য রাজস্ব যথাযথভাবে আদায় করা হচ্ছে কিনা সেই বিষয়েও লক্ষ্য রাখতে হবে।

সিটি কর্পোরেশন তার অ্যাবস্ট্রাক্ট রেজিস্টার ব্যবহার করে সকল আইটেমের মাসিক বাজেট বাস্তবায়ন সংকলন করে। এরপর সিটি কর্পোরেশন বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫-এ উল্লিখিত ত্রৈমাসিক এবং বার্ষিক প্রাপ্তির হিসাব (ফর্ম ৮৯) এবং ত্রৈমাসিক এবং বার্ষিক পরিশোধের হিসাব (ফর্ম ৯০) এ উক্ত বাজেট বাস্তবায়নের সার-সংক্ষেপ লিপিবদ্ধ করে।

বিধি-২৪৭। প্রত্যেক মাস সমাপ্ত হইলে, হিসাবরক্ষককে এ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে সংরক্ষিত প্রতিটি খাত ও উপ-খাত হইতে হিসাবের জেরসমূহ পৃথক একটি রেজিস্টারে ইংরেজি (বর্তমানে বাংলা ভাষায়) ভাষায় সংশ্লিষ্ট খাত ও উপ-খাত এর নামানুসারে অন্তর্ভুক্ত করিতে হইবে। এই অন্তর্ভুক্তিকরণ নির্দিষ্ট মাসের নামানুসারে নির্ধারিত ফরম নং ৮৯ ও ৯০ অনুসারে সম্পাদন করিতে হইবে।

যদি, অনুমোদিত বাজেটের খাতওয়ারি সংখ্যার তুলনায় বাস্তবে ব্যয়ের খাতের সংখ্যা অধিক হয় এবং তাহা বিস্তারিতভাবে দেখাইবার প্রয়োজন হইলে ব্যয়ের রেজিস্টারে বাজেটের অতিরিক্ত ব্যয়ের খাতসমূহ যুক্ত করা যাইতে পারিবে।

(বিধি-২৪৭ এ ব্রাকেটে লেখা ম্যানুয়াল লেখকের দেয়া)

বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫-এ প্রদত্ত ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি হিসাব (ফর্ম ৮৯) এবং ত্রৈমাসিক ও বার্ষিক পরিশোধ হিসাব (ফর্ম ৯০) এর ফর্মগুলি নিম্নরূপ:

সারণী ৩-২: ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তির হিসাব

ফর্ম ৮৯

(বিধি ১৮০ এবং ২৪৩ দেখুন)

ত্রৈমাসিক এবং বার্ষিক প্রাপ্তির হিসাব

প্রাপ্তির খাত	অনুমোদিত বাজেটের প্রাক্কলন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	মোট প্রথম ত্রৈমাসিক	----	মোট চতুর্থ ত্রৈমাসিক	বছরের মোট
১	২	৩	৪	৫	৬		২০	২১
মোট প্রাপ্তি								
প্রারম্ভিক স্থিতি								

সারণী ৩-৩: ত্রৈমাসিক এবং বার্ষিক পরিশোধের হিসাব

ফর্ম ৯০

(বিধি ৪৭ দেখুন)

ত্রৈমাসিক এবং বার্ষিক পরিশোধের হিসাব

ব্যয়ের খাত	অনুমোদিত বাজেট অনুযায়ী প্রাক্কলন	জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	মোট প্রথম ত্রৈমাসিক	----	মোট চতুর্থ ত্রৈমাসিক	বছরের মোট
১	২	৩	৪	৫	৬		২০	২১
মোট ব্যয়								
সমাপনী স্থিতি								

প্রতি মাসের শেষে বাজেট বাস্তবায়নের অংশ হিসেবে রাজস্ব প্রাপ্তি ও পরিশোধের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাবের সারাংশ প্রণয়ন করে সিটি কর্পোরেশন নিম্নোলিখিত বিষয়গুলো পরীক্ষা করে।

সারণী ৩-৪: মাসিক বাজেট পরিবীক্ষণের চেকলিস্ট

- প্রতি মাসের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা (কর, ফি এবং অন্যান্য রাজস্ব) অর্জিত হয়েছে কিনা।
- কোন আইটেমের ব্যয়ের পরিমাণ অনুমোদিত বাজেটের চেয়ে বেশি কিনা।
- রাজস্ব হিসাব উপাংশ ১ এর সমাপনী স্থিতির পরিমান এক মাসের অনুমিত ব্যয়ের তুলনায় বেশি কিনা।
- রাজস্ব হিসাব উপাংশ ২ এর সমাপনী স্থিতির পরিমান পানি শাখার কর্মকর্তা-কর্মচারীদের এক মাসের বেতন-ভাতা বাবদ ব্যয়ের চাইতে বেশি কিনা।

উপরে বর্ণিত চেকলিস্টের ভিত্তিতে সিটি কর্পোরেশন ত্রৈমাসিক ও বার্ষিক প্রাপ্তি এবং ত্রৈমাসিক ও বার্ষিক পরিশোধের হিসাব প্রতি মাসে স্থায়ী কমিটির সভা ও কর্পোরেশনের মাসিক সভায় পেশ করে।

সিটি কর্পোরেশন প্রয়োজন মনে করলে অর্থবছরের তৃতীয় কোয়ার্টার বা মার্চ মাসের শেষে বাজেট সংশোধন করতে পারে।

উপরে আলোচনা অনুযায়ী প্রতিটি আইটেমের জন্য অর্থ বরাদ্দে বাজেটের পুনর্বন্টিত অর্থের পরিমান মূল বাজেটের ১০% এর মধ্যে হওয়া উচিত।

৩.৪ বাজেট রিপোর্ট

প্রতি অর্থবছর শেষে সিটি কর্পোরেশন প্রাপ্তি ও পরিশোধের ত্রৈমাসিক ও বার্ষিক হিসাবের সংকলন অনুযায়ী উক্ত অর্থবছরের বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করে থাকে। এক্ষেত্রে নিম্নবর্ণিত ধাপগুলো অনুসরণ করতে হয় ঃ

(১) সাসপেন্স একাউন্টের স্থিতি পর্যালোচনা

অর্থবছর শেষ হওয়ার আগেই সিটি কর্পোরেশনকে সাসপেন্স একাউন্টের স্থিতি শূন্যের ঘরে নামিয়ে আনতে হবে। যদি সিটি কর্পোরেশন সরকারের পক্ষে কোন কর, যথা আয়কর বা মূল্য সংযোজন কর (ভ্যাট) আদায় করে, তবে আর্থিক বছর শেষ হওয়ার পূর্বেই উক্ত আদায়কৃত সমুদয় অর্থ সিটি কর্পোরেশনকে রাজস্ব ট্রেজারি সিঙ্গেল একাউন্টে স্থানান্তর করতে হবে।[১]

(২) ব্যাংক স্থিতি পর্যালোচনা

অর্থবছর শেষ হওয়ার পর সিটি কর্পোরেশনের ব্যাংক হিসাবের স্থিতি রাজস্ব হিসাব উপাংশ ১, রাজস্ব হিসাব উপাংশ ২, উন্নয়ন হিসাব এবং মূলধন হিসাবের স্থিতির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা সিটি কর্পোরেশন পরীক্ষা করে দেখে।

তাত্ত্বিকভাবে, সিটি কর্পোরেশনে সংরক্ষিত ক্যাশবুক এবং ব্যাংক একাউন্টের সমাপনী স্থিতি (Closing Balance) সামঞ্জস্যপূর্ণ হওয়া বাঞ্চনীয়। কিন্তু এই দুইয়ের স্থিতি বা Balance সর্বদা সামঞ্জস্যপূর্ণ নাও হতে পারে যদিঃ

- ক্যাশবুকে এন্ট্রিতে ভুল থাকে,
- সিটি কর্পোরেশনে স্থানান্তরিত কোন অর্থের হিসাব ক্যাশবুকে এন্ট্রি করা না হয়, এবং / অথবা
- ইস্যুকৃত চেক আর্থিক বছর শেষ হওয়ার আগে ক্লিয়ারিং না হলে।

ব্যাংক স্টেটমেন্টে লেনদেন লিপিবদ্ধ করা হয়েছে কিন্তু তা ক্যাশবুকে লিপিবদ্ধ করা হয় নাই এমন কোন লেনদেন রয়েছে কিনা তাও হিসাব বিভাগকে পরীক্ষা করতে হবে। এই ধরনের লেনদেনের মধ্যে নিম্নে বর্ণিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে পারেঃ

- ব্যাংক জমার বিপরীতে সুদ,
- ব্যাংক ফি বা ব্যাংকের চার্জ, এবং
- অন্যান্য জমা (যেমন, জমি হস্তান্তর কর বাবদ)।

যদি রেকর্ডভুক্ত হয়নি এমন লেনদেন সনাক্ত করা যায় তবে হিসাব বিভাগ তদনুযায়ী তাদের ক্যাশবইটি সংশোধন করবে।

এর পরেও, সিটি কর্পোরেশনের কোন চেক অমীমাংসিত থাকলে সিটি কর্পোরেশনের ক্যাশবুকের সমাপনি স্থিতি এবং ব্যাংক একাউন্ট স্টেটমেন্টের সমাপনী স্থিতি সামঞ্জস্যপূর্ণ নাও হতে পারে।

সেক্ষেত্রে হিসাব বিভাগ ব্যাংকের সাথে তার হিসাবের রিকনসিলিয়েশন (Bank reconciliation) বা সংগতিসাধন করে থাকে। এই সমন্বয়কে "ব্যাংক রিকনসিলিয়েশন" বা ব্যাংক সংগতিসাধন বলা হয়। ব্যাংক রিকনসিলিয়েশনের প্রক্রিয়াগুলি নিম্নরূপঃ

ক) যে সমস্ত চেকে টাকা পরিশোধ করা হয়েছে, কিন্তু ব্যাংকের সাথে উক্ত পরিশোধিত চেক নিষ্পত্তি করা হয়নি, সেগুলো সনাক্তকরণ,
খ) যে সমস্ত চেক পাওয়া গেছে এবং ব্যাংকে জমা দেয়া হয়েছে কিন্তু নিষ্পত্তি করা হয় নি সেগুলো সনাক্তকরণ, এবং
গ) ক্যাশবুকের সমাপনী স্থিতি সমন্বয়করণ।

সিটি কর্পোরেশন ব্যাংক একাউন্টের স্থিতি সংশোধন করে, পরিশোধিত কিন্তু অমীমাংসিত চেকের পরিমাণ যুক্ত করে এবং জমা করা অমীমাংসিত চেকের পরিমাণ বাদ দিয়ে ব্যাংক একাউন্টের সাথে ক্যাশবুকের হিসাব সমন্বয় করে। তখন সমন্বিত ব্যাংক একাউন্টের স্থিতি ক্যাশবুকের সমাপনী স্থিতির সমান হয়।

[১] নীতিগতভাবে, সিটি কর্পোরশেন এ জাতীয় রাজস্ব প্রাপ্তির পরে যত শীঘ্র সম্ভব ট্রেজারী সিঙ্গেল একাউন্টে জমা দিবে।

[সমন্বিত ব্যাংক হিসাবের স্থিতি]

= [ব্যাংক হিসাবের স্থিতি] + [অনিস্পত্তিকৃত পরিশোধিত চেক] – [অনিস্পত্তিকৃত ব্যাংকে জমাকৃত চেক]

= [ক্যাশবুকের সমাপনী স্থিতি]

(৩) বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত

এর পর সিটি কর্পোরেশন বার্ষিক হিসাব বিবরণী বা আর্থিক বিবরণী প্রস্তুত করা শুরু করে।

নভেম্বর মাস শেষ হওয়ার আগেই সিটি কর্পোরেশনের হিসাব বিবরণী প্রস্তুত করার জন্য সুপারিশ করা যাচ্ছে, যাতে করে উক্ত বিবরণী সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট স্থায়ী কমিটির সভায় এবং সিটি করেপোরেশন সভায় পর্যালোচনা করা যায়। সংশ্লিষ্ট স্থায়ী কমিটি এবং কর্পোরেশনের সভার পর্যালোচনাকৃত হিসাব বিবরণী সম্পর্কে কোন প্রকার সংশোধনের প্রস্তাব না থাকলে সিটি কর্পোরেশন স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন, ২০০৯ এর ৭৭(২) ধারার বিধান অনুযায়ী উক্ত হিসাব বিবরণী **ডিসেম্বর মাসের** মধ্যে **স্থানীয় সরকার বিভাগে** প্রেরণ করে।

স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন, ২০০৯

৭৭. হিসাবসমূহ. - ...

(২) প্রতি অর্থ বৎসরের শেষে একটি বার্ষিক হিসাব-বিবরণী প্রস্তুত করিতে হইবে ও উহা পরবর্তী অর্থ বৎসরের ৩১ ডিসেম্বরের মধ্যে নির্ধারিত ছকে সরকারের নিকট প্রেরণ করিবে।

(৩) কর্পোরেশন উপ-ধারা (২) এর অধীনে প্রস্তুতকৃত বার্ষিক হিসাব বিবরণীর একটি প্রতিলিপি সর্বসাধারণের পরিদর্শনের জন্য উহার কার্যালয়ের কোন প্রকাশ্য স্থানে টাংগাইয়া দিবে এবং উক্ত বিষয়ে জনসাধারণের নিকট হইতে প্রাপ্ত সকল আপত্তি ও পরামর্শ বিবেচনা করিবে।

(ধারা ২ এ লাইনের আন্ডারলাইন ম্যানুয়াল লেখকের দেয়া)

সিটি কর্পোরেশন তার বার্ষিক হিসাব বিবরণী বা আর্থিক বিবরণী জনসাধারণের পরিদর্শনের জন্য কর্পোরেশনের কোন উন্মুক্ত স্থানে এবং তার ওয়েবসাইটে প্রকাশ করবে। এর মাধ্যমে সিটি কর্পোরেশন অর্থবছরের অর্জন, যেমন সমাপ্ত উন্নয়ন কাজ জনসাধারণের নিকট প্রদর্শন করতে পারে।

৪. BACS এর ভিত্তিতে প্রস্তুতকৃত বাজেট ফর্ম

জাইকা ও Strengthening Public Financial Management to Enable Service Delivery (SPFMS) শীর্ষক প্রকল্পের কারিগরি সহায়তায় স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) Budget and Accounting Classification System (BACS) এর ভিত্তিতে বাজেট ফর্মসমূহ প্রণয়ন করেছে, যা অর্থ বিভাগ অনুমোদন করেছে। এ অধ্যায়ে উক্ত বাজেট ফর্মগুলি ব্যাখ্যা করা হয়েছে। এ ফর্মগুলি প্রণয়নের সময় স্থানীয় সরকার বিভাগ যতদুর সম্ভব প্রচলিত একাউন্টিং এবং আর্থিক বিধি-বিধানের সাথে সংগতি রক্ষা করেছে। BACS এর ভিত্তিতে প্রণীত এ নতুন ফর্মগুলি ব্যবহার করে ২০২৩-২৪ অর্থবছর থেকে বাজেটের হিসাব পরিচালনা ও সম্পাদন শুরু করার জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনসমূহকে নির্দেশ প্রদান করা হয়েছে।

৪.১ BACS এর ভিত্তিতে প্রণীত চার্ট অব একাউন্টস

(১) BACS এর ভিত্তিতে প্রণীত চার্ট অব একাউন্টসের সংক্ষিপ্ত বিবরণ

সিটি কর্পোরেশনগুলি BACS এর ভিত্তিতে প্রণীত বাজেট ফর্মসমূহে নতুন চার্ট অব একাউন্টসে বর্ণিত একাউন্টিং আইটেমগুলো ব্যবহার করে। BACS এর সবগুলো একাউন্টস আইটেমের জন্য আলাদা আলাদা "অর্থনৈতিক কোড" রয়েছে যা' সিটি কর্পোরেশনের আর্থিক লেনদেনের প্রকৃতি বর্ণনা করে। BACS এর সর্বনিম্ন স্তরের আইটেমসমূহের প্রতিটিতে ৭-সংখ্যার কোড রয়েছে। এ কোডসমূহ ধরণ/টাইপ (১ সংখ্যা), বিভাগ (১ সংখ্যা), উপ-বিভাগ (১ সংখ্যা), আইটেম (১ সংখ্যা), উপ-আইটেম (১ সংখ্যা) এবং বিস্তারিত (২ সংখ্যা), মোট ৭টি সংখ্যা নিয়ে গঠিত।

সারণী ৪-১: অর্থনৈতিক কোডসমূহের গঠন

অর্থনৈতিক ভাগ (অর্থনৈতিক কোড)					
ধরণ (Type) (১)	বিভাগ (Category) (১)	উপ-বিভাগ (Sub-Category) (১)	আইটেম (Item) (১)	উপ-আইটেম (Sub-Item) (১)	বিস্তারিত (Detail) (২)

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

৭ সংখ্যা বিশিষ্ট অর্থনৈতিক কোডের প্রথম কোড দ্বারা লেনদেনের 'ধরণ'কে বুঝানো হয়। হিসাবের খাতে ৯ ধরণের লেনদেন রয়েছে, যা' সারণী ৪-২এ দেখানো হলো:

সারণী ৪-২: হিসাবের ধরণ

কোড	ধরণ	বর্ণনা
১	রাজস্ব (Revenue)	নগদ অর্থের অন্তর্মুখী প্রবাহ
২	মূলধন প্রাপ্তি (Capital Receipt)	নগদ অর্থের অন্তর্মুখী প্রবাহ
৩	আবর্তক ব্যয় (Recurrent Expenditure)	নগদ অর্থের বহির্মূখী প্রবাহ
৪	মূলধন ব্যয় (Capital Expenditure)	নগদ অর্থের বহির্মূখী প্রবাহ
৫	হোল্ডিং লাভ/লোকসান (Holding Gain/Loss)	আর্থিক সম্পদ এবং দায় এর লাভ ও ক্ষতি
৬	হিসাব খাতা (ভলিউম) পরিবর্তন (Volume Change)	সম্পদ এবং দায়ের লাভ ও ক্ষতি
৭	সম্পদ (Financial Assets)	অন্তর্মুখী ও বহির্মূখী প্রবাহ এবং সম্পদের পরিমান
৮	দায় (Liabilities)	অন্তর্মুখী ও বহির্মূখী প্রবাহ এবং দায় এর পরিমান
৯	নেট আর্থিক মূল্য (Equity)	আর্থিক সম্পদ ও দায় এর পার্থক্য

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

সিটি কর্পোরেশনসমূহ বাজেট প্রণয়নের ক্ষেত্রে উপরে বর্ণিত নয় ধরণের অর্থনৈতিক কোডের মধ্যে বর্তমানে ১ রাজস্ব, ২ মূলধন প্রাপ্তি, ৩ আবর্তক ব্যয়, ৪ মূলধন ব্যয়, ৭ সম্পদ এবং ৮ দায় ব্যবহার করলেও ৫ হোল্ডিং লাভ/ক্ষতি, ৬ ভলিউম পরিবর্তন এবং ৯ নেট আর্থিক মূল্য ব্যবহার করা হয় না। তবে ভবিষ্যতে প্রয়োজন হলে তারা এগুলো ব্যবহার করতে পারবে। অর্থনৈতিক কোডসমূহের "ধরণ" এর সংজ্ঞা সারণী ৪-৩ এ বর্ণনা করা হয়েছে।

সারণী ৪-৩: সিটি কর্পোরেশনে ব্যবহারযোগ্য অর্থনৈতিক কোডসমূহের সংজ্ঞা

ধরণ	সংজ্ঞা
১. রাজস্ব	রাজস্ব হলো একটি রিপোর্টিং সময়কালে সরকারের নিকট অর্থনৈতিক সুবিধা বা পরিষেবা সম্ভাবনার মোট অন্তর্মুখী প্রবাহ।
২. মূলধন প্রাপ্তি	কোন প্রতিষ্ঠান/সংস্থা (এনটিটি) কর্তৃক অতীতের কোন Event বা লেনদেনের ফলে সৃজিত ভবিষ্যতে অর্থনৈতিক সুবিধা (Eonomic Benefits) বা পরিষেবার সম্ভাবনাকেই সম্পদ (Asset) বলা যায়। সম্পদ আর্থিক এবং অ-আর্থিক, দুই প্রকারের হতে পারে। সরকার অ-আর্থিক সম্পদ বিক্রি করে (Proceeds from sale of Assets) যে অর্থ পায়, তাকে **মূলধন প্রাপ্তি (Capital Receipts)** হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়।
৩ আবর্তক ব্যয়	রিপোর্টিং সময়কালে সম্পদের বহিঃপ্রবাহ বা ব্যবহার বাবদ খরচ বা দায় এর আকারে অর্থনৈতিক সুবিধা বা পরিষেবা সম্ভাবনা হ্রাস পায় এবং এর ফলে সরকারের নেট মূল্য (Net Worth) হ্রাস পায় তখন তাকে আবর্তক ব্যয় বলে।
৪. মূলধন ব্যয়	সম্পদ হ'ল কোন সংস্থার অতীতের কোন ঘটনা (Event) বা লেনদেনের (Transaction) ফলে ভবিষ্যত অর্থনৈতিক সুবিধা বা পরিষেবা প্রাপ্তির সম্ভাবনা থাকে। সরকার অ-আর্থিক সম্পদ (Non-Financial Asset) ক্রয় করলে বা অন্য কোন উপায়ে কোন অ-আর্থিক সম্পদ ভোগ করার অধিকার অর্জন করলে, উক্ত ব্যয়সমূহ মূলধন ব্যয় হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়।
৭. সম্পদ	আর্থিক দাবি, আর্থিক স্বর্ণ এবং আন্তর্জাতিক মুদ্রা তহবিলের বরাদ্দকৃত এসডিআর (Special Drawing Rights) সম্পদ এ ক্ষেত্রে আর্থিক সম্পদ বা Financial Assets হিসেবে বিবেচিত। কোন **আর্থিক দাবি** তখনই **আর্থিক সম্পদ** হিসেবে বিবেচিত হয় যখন সরকার **দেনাদারের** নিকট হতে এক বা একাধিক কিস্তিতে আইনসংগতভাবে অর্থ আদায় করতে পারে।
৮. দায়	দায় হল অতীতের লেনদেনের মাধ্যমে সৃষ্ট বর্তমান আর্থিক আবশ্যকতা, যার নিষ্পত্তি সম্পদের বহিঃপ্রবাহ ঘটবে। একই সাথে আশা করা যায় যে, দায় পরিশোধের ফলে অর্থনৈতিক সুবিধা বা পরিষেবা আদান-প্রদানের সম্ভাবনা সৃষ্টি হবে।

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

উপরের সারণির বর্ণনায় সুস্পষ্ট যে, অর্থনৈতিক কোড ৭-সংখ্যার ছয়টি স্তর নিয়ে গঠিত, যথা, (ক) হিসাবের ধরণ (স্তর -১), (খ) হিসাবের বিভাগ (স্তর -২), (গ) হিসাবের উপ-বিভাগ (স্তর -৩), (ঘ) আইটেম (স্তর -৪), (ঙ) উপ-আইটেম (স্তর-৫), এবং (চ) বিস্তারিত বিবরণ (স্তর-৬)। নিম্নের সারণি-৪-৪ এ আইটেমগুলি বিভিন্ন স্তরে শ্রেণিবদ্ধ করে দেখানো হয়েছে।

সারণী ৪-৪: অর্থনৈতিক কোডের কাঠামো

ধরণ (স্তর-১)
বিভাগ (স্তর-২)
উপ-বিভাগ (স্তর-৩)
আইটেম (স্তর-৪)
উপ আইটেম (স্তর-৫)
বিস্তারিত বিবরণ (স্তর-৬)

হিসাবের বিভিন্ন স্তরের অনুকুলে অর্থনৈতিক কোড ব্যবহার পদ্ধতির উদাহরণ নিম্নের সারণী ৪-৫ এ দেয়া হলোঃ

সারণী ৪-৫: স্তরভিত্তিক অর্থনৈতিক কোডের উদাহরণ

ধরণ (স্তর-১)	বিভাগ (স্তর-২)	উপ-বিভাগ (স্তর-৩)	আইটেম (স্তর-৪)	উপ-আইটেম (স্তর-৫)	বিস্তারিত বিবরণ (স্তর- ৬)	বর্ণনা
১						রাজস্ব
	১১					করসমূহ
		১১৩				সম্পত্তির ওপর কর
			১১৩১			অস্থাবর সম্পত্তির ওপর আবর্তক কর
				১১৩১২		হোল্ডিং ট্যাক্স
					১১৩১২০১	ইমারত ও জমির উপর কর
৩						আবর্তক ব্যয়
	৩১					কর্মচারীদের প্রতিদান (compensation)
		৩১১				মজুরি ও বেতন
			৩১১১			নগদ মজুরি ও বেতন
				৩১১১১		অফিসারদের বেতন
					৩১১১১০১	মূল বেতন (অফিসার)
					৩১১১১০২	ব্যক্তিগত বেতন

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস প্রায়শঃই হালনাগাদ করা হয় বিধায় সিটি কর্পোরেশনগুলোকে অর্থ বিভাগ বা **SPFMS** প্রকল্প প্রণীত সর্বশেষ হালনাগাদকৃত চার্ট অব একাউন্টস সংগ্রহ করে ব্যবহার করার জন্য সুপারিশ করা হচ্ছে।

(২) BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস এর ব্যবহার

সিটি কর্পোরেশনগুলো BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস এর ব্যবহার আরম্ভ করলে তারা তাদের ইতোপূর্বে ব্যবহৃত সবগুলো আইটেম সরাসরি নাও খুঁজে পেতে পারে। সেক্ষেত্রে BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস থেকে সমতুল্য আইটেম সনাক্ত করার জন্য সিটি কর্পোরেশনসমূহকে অনুরোধ করা যাচ্ছে।

সিটি কর্পোরেশন (i) নতুন বাজেট একাউন্টিং কোড এবং আইটেম সৃজন করতে পারে না, (ii) বাজেট আইটেমসমূহের নাম পরিবর্তন করতে পারে না, বা (iii) কোড ব্যতিরেকে কোন বাজেট আইটেমের নামও ব্যবহার করতে পারে না।

সিটি কর্পোরেশনসমূহ BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস-এ অন্তর্ভুক্ত নয় এমন নতুন আইটেম অর্থনৈতিক সেগমেন্টে (অর্থনৈতিক কোড কাঠামোয়) রাখতে চাইলে তাদেরকে প্রথমেই চার্ট অব একাউন্টে অনুরূপ আইটেমগুলির সন্ধান করতে হবে।

সিটি কর্পোরেশন চার্ট অব একাউন্টস-এ নতুন আইটেম সৃজন অত্যাবশ্যকীয় বলে বোধ করে তাহলে তাকে অবশ্যই স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে অর্থ বিভাগের সাথে পরামর্শ করতে হবে। BACS ম্যানুয়ালের বিধান অনুযায়ী কেবলমাত্র কোন নতুন আইটেমের BACS মাস্টার কোড তালিকা হালনাগাদ হওয়ার পরেই সিটি কর্পোরেশন নতুন আইটেম ব্যবহার করতে পারবে।

Budget & Accounting Classification Manual এর উল্লেখযোগ্য অংশ

৯.৩ "মাস্টার কোড তালিকা"-য় নতুন কোড যুক্ত করা, অপ্রয়োজনীয় কোড মুছে ফেলা বা প্রয়োজন মাফিক সংশোধন করা এবং সামগ্রিকভাবে "মাস্টার কোড তালিকা" সংরক্ষণ করার দায়িত্ব অর্থ বিভাগের উপর ন্যাস্ত। "মাস্টার কোড তালিকা" সংশোধনের প্রয়োজন হলে অর্থ বিভাগ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের নিকট হতে অনুমোদন গ্রহণ করে "মাস্টার কোড তালিকা" সংশোধন করবে।

উৎস: অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এটা মনে রাখা প্রয়োজন, যেসব ইকোনমিক কোড বিশেষভাবে মন্ত্রণালয় বা কেন্দ্রীয় সরকারেরর জন্য প্রযোজ্য, সেই ইকোনমিক কোডগুলি সিটি কর্পোরেশনের জন্য ব্যবহার করা যাবে না। এই ধরণের কতিপয় আইটেমের উদাহরণ নিম্নে দেয়া হলোঃ

সারণী ৪-৬: সিটি কর্পোরেশন ব্যবহার করতে পারে না এমন ধরণের অর্থনৈতিক কোডের উদাহরণ

১১১১১০১	ব্যাক্তি কর্তৃক দেয় আয়কর
১১৩১১০১	ভূমি উন্নয়ন কর
১১৪১১০১	দেশজ পণ্য ও সেবার ওপর মুসক
১১৪১১০৩	দেশজ সেবার ওপর সম্পূরক শুল্ক
১১৫১১০১	কাস্টমস শুল্ক

মাঝে মাঝে সিটি কর্পোরেশনকে বাজেট ডকুমেন্টে বিশেষ ধরণের কোন ইকোনমিক কোডের আইটেমের বিবরণ প্রদান করতে হয়। উদাহরণ হিসাবে বলা যায়, সিটি কর্পোরেশন তার বাজেট কোড-এ **৪১১১৩০২-সড়ক ও মহাসড়ক** এর ব্যয়ের বিবরণ যেমন প্রকল্পের নাম, অবস্থান এবং ব্যয় দেখাতে পারে।

এ ক্ষেত্রে, সিটি কর্পোরেশন বিস্তারিত বিবরণ প্রদানের জন্য সাব-ফর্ম ব্যবহার করতে পারে এবং এই বিস্তারিত সাব-ফর্ম ব্যবহারে করার জন্য বাজেট, একাউন্টিং কোড ও চার্ট অব একাউন্টস-এর তালিকাভুক্ত আইটেম ব্যবহার করা অত্যাবশ্যকীয় নয়।

(৩) BACS-ভিত্তিক বাজেট ফর্মে ব্যবহৃত প্রাপ্তি ও দায়

সারণী ৪-২ এবং সারণী ৪-৩ এ ব্যাখ্যাসমূহ লক্ষ্য করলে দেখা যাবে যে, BACS ভিত্তিক নতুন বাজেট ফর্মগুলিতে ব্যবহৃত প্রাপ্তি এবং পরিশোধের শ্রেণিবিন্যাস পূর্বোক্ত ফর্মের শ্রেণিবিন্যাস হতে আলাদা।

সিটি কর্পোরেশনের জন্য প্রণীত বর্তমান হিসাব খাতে “প্রাপ্তি” এখন (ক) (আবর্তক) রাজস্ব, (খ) মূলধন রাজস্ব, (গ) সম্পদ হ্রাস, এবং (ঘ) দায় বৃদ্ধি এই ৪ ভাগে এবং “ব্যয়” (ক) আবর্তক ব্যয়, (খ) মূলধন ব্যয়, (গ) সম্পদ বৃদ্ধি, এবং (ঘ) দায় হ্রাস, এই ৪ ভাগে ভাগ করা হয়েছে।



চিত্র ৪-১: BACS এ প্রাপ্তি ও পরিশোধের শ্রেণিবিন্যাস

১) প্রাপ্তি

উপরে উল্লিখিত হিসাবে, প্রাপ্তিগুলি (আবর্তক) রাজস্ব, মূলধন রাজস্ব, সম্পদ হ্রাস এবং দায় বৃদ্ধি, এই চার ভাগে বিভক্ত।

আবর্তক রাজস্ব হলো কর, ভাড়া, ফি, চার্জ বা অনুদান হতে নগদ প্রাপ্তি এবং "মূলধন রাজস্ব" হ'ল অফিস সরঞ্জাম বা আসবাবপত্রের মতো অ-আর্থিক সম্পদ বিক্রয় হতে প্রাপ্ত আয়।

নগদ প্রাপ্তির অন্যান্য ধরণগুলো হলো "সম্পদ হ্রাস" এবং "দায় বৃদ্ধি"।

কখনো কখনো সিটি কর্পোরেশন বাড়ি, কম্পিউটার, গাড়ি বা মোটর সাইকেল কেনার জন্য কর্মকর্তা-কর্মচারীদেরকে ঋণ দিয়ে থাকে এবং কর্মকর্তা-কর্মচারীগণ সিটি কর্পোরেশনের নিকট হতে গৃহীত ঋণ পরিশোধ করে। এর ফলে সিটি কর্পোরেশনের আর্থিক সম্পদের (ঋণ) পরিমাণ হ্রাস পাওয়ায় উক্ত নগদ প্রাপ্তিকে "সম্পদ হ্রাস" হিসাবে বিবেচনা করা হয়।

ব্যাংক বা সরকারের কাছ থেকে সিটি কর্পোরেশন ঋণ গ্রহণের সময়ও অর্থ পেয়ে থাকে। এই অর্থ প্রাপ্তিকে "রাজস্ব" হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় না, "দায় বৃদ্ধি" হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়।

২) পরিশোধ

অনুরূপভাবে, পরিশোধগুলির জন্য অর্থ ব্যয়, যেমন বেতন, প্রশাসনিক ব্যয়, ফি, চার্জ এবং কমিশন ইত্যাদি

"আবর্তক ব্যয়" হলো পণ্য ও পরিষেবাগুলির জন্য অর্থ ব্যয়, যেমন বেতন, প্রশাসনিক ব্যয়, ফি, চার্জ এবং কমিশন ইত্যাদি, যা' "মূলধন ব্যয়" এর অন্তর্ভুক্ত নয়। "মূলধন ব্যয়" হলো মোটর গাড়ি, কম্পিউটার বা অফিস সরঞ্জামের মতো অ-আর্থিক স্থায়ী সম্পদ অর্জনের জন্য নগদ অর্থ ব্যয়। যে সকল পণ্যের সুনির্দিষ্ট মান রয়েছে এবং যা এক বছরেরও বেশি সময় ধরে ব্যবহার করা যেতে পারে, সে সকল পণ্য ভোগ্য গণ্য হিসাবে বিবেচিত না হয়ে "সম্পদ" হিসাবে বিবেচিত হয়।

সিটি কর্পোরেশন কখনো কখনো তার কর্মকর্তা-কর্মচারীদেরকে ঋণ হিসাবে নগদ অর্থ প্রদান করে। এই ধরনের ঋণ প্রদান "আর্থিক সম্পদ বৃদ্ধি" হিসাবে গণ্য করা হয়।

অপর দিকে, সিটি কর্পোরেশন তার ঋণ (দায়) পরিশোধের জন্য পাওনাদারকে [উদাহরণস্বরূপ, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)] অর্থ পরিশোধ করে। এই পরিশোধ "দায় হ্রাস" হিসাবে বিবেচিত হয়, কারণ অর্থ পরিশোধ বিএমডিএফ এর নিকট সিটি কর্পোরেশনের দায় বা ঋণ হ্রাস করতে ব্যবহৃত হয়েছিল।

৪.২ বাজেট ফর্মের কাঠামো

সিটি কর্পোরেশনসমূহের বাজেট ফর্মগুলো এই ম্যানুয়ালের সংযোজনী ২ এ সংযোজন করা হয়েছে।

বাজেট ফর্মগুলি সার-সংক্ষেপ/সামারী শীট এবং (ক) রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1), (খ) রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2), (iii) উন্নয়ন হিসাব (Development Account) এবং (ঘ) মূলধন হিসাব (Capital Account) সম্পর্কীত বেশ কয়েকটি প্রধান ফর্ম নিয়ে গঠিত।

বাজেটের সার সংক্ষেপে/সামারী শীটে সিটি কর্পোরেশনের সবগুলো প্রধান ফর্মের সংক্ষিপ্তসার সংযোজন করা হয়, যা সিটি কর্পোরেশন বাজেটের সংক্ষিপ্ত রূপ দেখানোর জন্য সবচাইতে উপযুক্ত।



চিত্র ৪-২: বাজেট ফর্মের কাঠামো

রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1) ফর্মটিতে সিটি কর্পোরেশনের রাজস্ব হিসাবের নগদ অন্তর্মুখী প্রবাহ এবং বহিঃপ্রবাহ দেখানো হয়েছে। তদনুযায়ী, সিটি কর্পোরেশন রাজস্ব হিসাবের অন্তর্মুখী প্রবাহ হিসাবে (আবর্তক) রাজস্ব যেমন হোল্ডিং ট্যাক্স রাজস্ব এবং বহিঃপ্রবাহ হিসেবে কর্মকর্তা/কর্মচারীদের বেতন বা অনুরূপ ধরণের আইটেম অন্তর্ভুক্ত হয়।

রাজস্ব হিসাব ফর্মটির উপাংশ ২ (Revenue Account Part 2) এ সিটি কর্পোরেশনের পানি সংক্রান্ত পরিষেবা সম্পর্কিত নগদ অন্তর্মুখী প্রবাহ এবং বহিঃপ্রবাহ দেখানো হয়। সিটি কর্পোরেশন এলাকায় পানি সরবরাহের জন্য পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা) থাকলে সিটি কর্পোরেশন এই ফরম ব্যবহার করে না।

উন্নয়ন হিসাব (Development Account) ফর্মটি সিটি কর্পোরেশনের উন্নয়ন রাজস্ব এবং উন্নয়ন ব্যয়ের হিসাব সম্পর্কীত ফর্ম। এই ফর্মের মাধ্যমে সিটি কর্পোরেশনের সকল প্রকার উন্নয়ন কার্যক্রম সম্পর্কিত লেনদেন যেমন, সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ, সরকার এবং উন্নয়ন অংশীদারদের অর্থায়নকৃত প্রকল্পের মাধ্যমে উন্নয়ন কাজের লেনদেন দেখানো হয়। এ ফর্মে সরকার এবং উন্নয়ন অংশীদারদের নিকট হতে প্রাপ্ত উন্নয়ন অনুদান (Project Grants) দেখানো হয়।

মূলধন হিসাব ফর্মে সিটি কর্পোরেশনের আর্থিক সম্পদ সম্পর্কিত সকল প্রকার লেনদেন দেখানো হয়, যেমন কর্মচারীদের ঋণ এবং দায়, আর্থিক প্রতিষ্ঠান থেকে গৃহীত ঋণ। এই ফর্মে সিটি কর্পোরেশনের অনুকুলে জমাকৃত নিরাপত্তা জামানত, কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রদেয় আনুতোষিক তহবিল এবং ভবিষ্য তহবিলের বৃদ্ধি ও হ্রাস দেখায়।

আলোচ্য ফর্মগুলিতে বর্ণিত আইটেমসমূহের বিস্তারিত বিবরণ দেখানোর জন্য অতিরিক্ত সাব-ফর্ম ব্যবহার করা যেতে পারে। উদাহরণ হিসাবে বলা যায়, সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স হতে প্রাপ্ত রাজস্ব (যার অর্থনৈতিক কোড ১১৩১২০১ ইমারত ও জমির উপর কর) কে ‘চলতি আদায়’ এবং‘বকেয়া আদায়’ এই দুই ভাগে দেখাতে চাইতে পারে। এক্ষেত্রে BACS এ কোন অর্থনৈতিক কোড না থাকায় সাব-ফর্ম ব্যবহার করে সিটি কর্পোরেশন এ বিষয়গুলো দেখাতে পারে।

সিটি কর্পোরেশন তার নাগরিক, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহকে উন্নয়ন ব্যয়ের বিস্তারিত বিবরণী দেখাতে চাইতে পারে। সে ক্ষেত্রে, উদাহরণ হিসাবে বলা যায়, সড়ক ও মহাসড়ক সম্পর্কিত প্রকল্পের নাম, অবস্থান এবং ব্যয়ের বিস্তারিত বর্ণনা উল্লেখপূর্বক হিসাব কোড ৪১১১৩০২ এ উপস্থাপন করা যেতে পারে।

৪.৩ বাজেট ফর্ম

(১) সার-সংক্ষেপ/ সামারী শীট

উপরের ব্যাখ্যা অনুযায়ী, বাজেটের সার-সংক্ষেপ/সামারী শীটে সিটি কর্পোরেশন বাজেটের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হয়। বাজেটের সার-সংক্ষেপ (ক) রাজস্ব হিসাব উপাংশ ১, (খ) রাজস্ব হিসাব উপাংশ ২, (গ) উন্নয়ন হিসাব, এবং (ঘ) মূলধন হিসাবের প্রারম্ভিক স্থিতি, নগদ অন্তর্মুখী প্রবাহ, বহিঃপ্রবাহ এবং সমাপনী স্থিতি সংক্ষিপ্ত আকারে প্রকাশ করে।

বাজেট ফর্ম এর সারসংক্ষেপ শীট নিম্নের সারণী (সারণী ৪-৭) এ দেয়া হলোঃ

সারণী ৪-৭: সার-সংক্ষেপ শীট (সরলীকৃত সংস্করণ)

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০x১ - x২	২০x২ - x৩	২০x২ - x৩	২০x৩ - x৪
সার-সংক্ষেপ					
প্রাপ্তি					
১	রাজস্ব				
১১	করসমূহ				
১৩	অনুদান				
১৪	অন্যান্য রাজস্ব				
২	মূলধন প্রাপ্তি				
৭	সম্পদ				
৮	দায়				
	প্রারম্ভিক স্থিতি (ব্যাংক জামানত)				
	মোট				
পরিশোধ					
৩	আবর্তক ব্যয়				
৪	মূলধন ব্যয়				
৭	সম্পদ				
৮	দায়				
	সমাপনী স্থিতি				
	মোট				

সারণী ৪-৮: সার-সংক্ষেপ শীট (সরলীকৃত সার-সংক্ষেপ, চলমান)

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০x১ - x২	২০x২ - x৩	২০x২ - x৩	২০x৩ - x৪
	সার-সংক্ষেপ				
	রাজস্ব হিসাব				
	উপাংশ ১				
	প্রারম্ভিক স্থিতি				
	প্রাপ্তি				
	পরিশোধ				
	রাজস্ব হিসাব উপাংশ ১ হতে উপাংশ ২ এ স্থানান্তর				
	রাজস্ব হিসাব উপাংশ ২ হতে উন্নয়ন হিসাবে স্থানান্তর				
	সমাপনী স্থিতি				
	উপাংশ ২ (শুধুমাত্র প্রযোজ্য সিটি কর্পোরেশনের জন্য)				
	প্রারম্ভিক স্থিতি				
	প্রাপ্তি				
	পরিশোধ				
	রাজস্ব হিসাব উপাংশ ১ হতে উন্নয়ন হিসাবে স্থানান্তর				
	সমাপনী স্থিতি				
	উন্নয়ন হিসাব				
	প্রারম্ভিক স্থিতি				
	প্রাপ্তি				
	রাজস্ব হিসাব উপাংশ ১ হতে স্থানান্তর				
	রাজস্ব হিসাব উপাংশ ২ হতে স্থানান্তর				
	পরিশোধ				
	মূলধন হিসাব				
	প্রারম্ভিক স্থিতি				
	সমাপনী স্থিতি				

রাজস্ব হিসাব উপাংশ ১ হতে উপাংশ ২ এ স্থানান্তর

রাজস্ব হিসাব উপাংশ ১ ও ২ হতে উন্নয়ন হিসাবে স্থানান্তর

বাজেটের সারসংক্ষেপ শীটের উপাংশ ১ অংশে এ সিটি কর্পোরেশনের সামগ্রিক প্রাপ্তি ও পরিশোধ এবং উপাংশ ২ এ পানি সরবরাহের একাউন্ট-ভিত্তিক প্রাপ্তি ও পরিশোধের সার-সংক্ষেপ দেখানো হয়। বাজেট সার-সংক্ষেপের দ্বিতীয় অংশে সিটি কর্পোরেশনের প্রাপ্তি এবং পরিশোধ ছাড়াও প্রতিটি হিসাবের প্রারম্ভিক স্থিতি এবং সমাপনী স্থিতি লিপিবদ্ধ করা হয়।

উপরের সারণির (সারণী ৪-৮) বর্ণনা অনুযায়ী বিভিন্ন হিসাব, যেমন রাজস্ব হিসাব উপাংশ ১, রাজস্ব হিসাব উপাংশ ২, এবং উন্নয়ন হিসাব, একটি হতে অপরটিতে "স্থানান্তর" বা Transfer দ্বারা সংযুক্ত।

এই উদাহরণে দেখানো হয়েছে যে, সিটি কর্পোরেশন তার তহবিল রাজস্ব হিসাব উপাংশ ১ হতে অর্থ রাজস্ব হিসাব উপাংশ ২ এ এবং উন্নয়ন হিসাবে স্থানান্তর করে থাকে। অন্যভাবে বলা যায়, সিটি কর্পোরেশন তার রাজস্ব হিসাব উপাংশ ১ এর উদ্বৃত্ত তহবিল রাজস্ব হিসাব উপাংশ ২ এর পানি সরবরাহ পরিষেবার জন্য ব্যবহার করে থকে। সিটি কর্পোরেশন রাজস্ব হিসাব উপাংশ ১ এর উদ্বৃত্ত তহবিল তার উন্নয়ন কর্মকান্ড পরিচালনার জন্য উন্নয়ন হিসাবে স্থানান্তর করে।

সিটি কর্পোরেশন মূলত: তার কর্মকর্তা-কর্মচারীদের আনুতোষিক প্রদানের জন্য রাজস্ব হিসাব উপাংশ ১ হতে তহবিল মূলধন হিসাবে স্থানান্তর করে থাকে। সিটি কর্পোরেশন ভবিষ্যতে কর্মচারীদের আনুতোষিক প্রদানের জন্য রাজস্ব হিসাবের উপাংশ ১ হতে তহবিল মূলধন হিসাবে স্থানান্তর করে ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় আনুতোষিক তহবিল সংগ্রহ করে।

(২) রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্ম এবং উপাংশ ২ ফর্ম

বাজেটের সার-সংক্ষেপ শীট উপস্থাপনের পর (সারণী ৪-৮) বাজেটের মূল ফর্মসমূহ, যথাঃ **(ক) রাজস্ব হিসাব ফর্ম উপাংশ ১ (Revenue Account Part 1), (খ) রাজস্ব হিসাব ফর্ম উপাংশ ২ (Revenue Account Part 2), (গ) উন্নয়ন হিসাব ফর্ম (Development Account) এবং (ঘ) মূলধন হিসাব (Capital Account) ফর্ম** যোগ করা হলো।

রাজস্ব হিসাব ফর্মের উপাংশ ১ এ সিটি কর্পোরেশনের নিয়মিত উৎস হতে প্রাপ্ত নগদ আয় এবং অর্থ ব্যয় লিপিবদ্ধ করা হয়। এ সমস্ত আয়-ব্যয় উন্নয়ন কার্যক্রমের অংশ হিসাবে শ্রেণিবদ্ধ করা হয় না। রাজস্ব হিসাব ফর্মের উপাংশ ১ এ লিপিবদ্ধ আবর্তক ব্যয়ের মধ্যে বেতন প্রদান, বিদ্যুৎ বিল/চার্জ এবং স্থির ব্যয় অন্তর্ভুক্ত রয়েছে, অপরদিকে এই হিসাবের মূলধন ব্যয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে আসবাবপত্র, অফিস সরঞ্জাম এবং যানবাহনের মতো অ-আর্থিক স্থায়ী সম্পদ ক্রয় জনিত ব্যয়।

রাজস্ব হিসাব ফর্ম উপাংশ ২ এ সিটি কর্পোরেশন পরিচালিত পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন সংক্রান্ত পরিষেবা থেকে নগদ প্রাপ্তি এবং পরিষেবার জন্য প্রয়োজনীয় ব্যয় দেখানো হয়। কিন্তু ওয়াসা (WASA-Water and Sanitation Authority) যদি সিটি কর্পোরেশনে পৃথকভাবে পানি সরবরাহ সংক্রান্ত পরিষেবা প্রদান করে তবে সে ক্ষেত্রে সিটি কর্পোরেশন রাজস্ব হিসাব উপাংশ ২ ফর্ম ব্যবহার করে না।

১) রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্ম (Revenue Account Part 1)

রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্ম এর নিম্নের সারণী ৪-৯ এর অনুরূপ। এই ফর্মটি চারটি প্রধান অনুচ্ছেদে বিভক্ত। এগুলো হলো (১) প্রারম্ভিক স্থিতি, (২) প্রাপ্তি, (৩) পরিশোধ এবং (৪) সমাপনি স্থিতি।

সারণী ৪-৯: রাজস্ব হিসাব ফর্ম, প্রথম অংশ (সরলীকৃত সংস্করণ)

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০X১-X২	২০X২-X৩	২০X২-X৩	২০X৩-X৪
রাজস্ব হিসাব উপাংশ ১					
উপাংশ ১					
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
প্রাপ্তি					
১	রাজস্ব				
১১	করসমূহ				
১৩	অনুদান				
১৪	অন্যান্য রাজস্ব				
২	মূলধন প্রাপ্তি				

পরিশোধ					
ক. সাধারণ সংস্থাপন					
৩	আবর্তক ব্যয়				
৩১১	মজুরি ও বেতন				

৩২১	প্রশাসনিক ব্যয়				

	সম্পদ বৃদ্ধি				

	দায় হ্রাস				

খ. শিক্ষা ব্যয়					
৩	আবর্তক ব্যয়				

গ. স্বাস্থ্য					
৩	আবর্তক ব্যয়				

ঘ. হাসপাতাল/ স্বাস্থ্য পরিষেবা / মাতৃত্ব					
৩	আবর্তক ব্যয়				

ঙ. পরিচ্ছন্নতা					
৩	আবর্তক ব্যয়				

চ. বৈদ্যুতিক প্রকৌশল/ সড়ক বাতি					
৩	আবর্তক ব্যয়				

ছ. সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন					
৩	আবর্তক ব্যয়				

জ. বিবিধ					
৩	আবর্তক ব্যয়				

রাজস্ব হিসাব উপাংশ ২ এ স্থানান্তর (ব্যাংকে জমা)					
উন্নয়ন হিসাবে স্থানান্তর (ব্যাংকে জমা)					
সমাপনী স্থিতি					
৭২১২৩০২	ব্যাংকে জমা				

প্রারম্ভিক স্থিতি

রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্ম এর ব্যবহার প্রারম্ভিক স্থিতি হতে আরম্ভ হয়। স্বাভাবিকভাবেই, বর্তমান অর্থবছরের প্রারম্ভিক স্থিতি পূর্ববর্তী অর্থ বছরের সমাপনী স্থিতির সমান।

প্রাপ্তি

BACS-ভিত্তিক বাজেট ফর্মে চার প্রকারের নগদ প্রাপ্তির উল্লেখ রয়েছেঃ

(ক) (আবর্তক) রাজস্ব,
(খ) মূলধন খাতে প্রাপ্তি,
(গ) সম্পদ হ্রাস, এবং
(ঘ) দায় বৃদ্ধি।

(ক) রাজস্ব

"রাজস্ব" বলতে রাজস্ব হিসাব উপাংশ ১ এর (আবর্তক) রাজস্বকে বুঝায়, যেখানে মূলতঃ ১১ করসমূহ, ১৩ অনুদান এবং ১৪ অন্যান্য রাজস্ব অন্তর্ভুক্ত করা হয়।

১১ করসমূহ এর অন্তর্ভুক্তির মধ্যকার বিস্তারিত আইটেমের একটি হলো ***১১৩১২০১- ইমারত ও জমির উপর কর (হোল্ডিং ট্যাক্স)।***

১৩ অনুদান বলতে উন্নয়ন কার্যক্রমের জন্য প্রাপ্ত অর্থ ব্যাতিরেকে সরকারের নিকট হতে প্রাপ্ত অনুদানকে বুঝায়। রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1) সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা অনুকুলে প্রদানকৃত অর্থ, যথাঃ ***১৩৪১১০১ বেতন বাবদ সহায়তা, ১৩৪১১০২ ভাতাদি বাবদ সহায়তা*** এবং ***১৩৪১১০৩ পণ্য ও সেবা বাবদ সহায়তা প্রদর্শন করা হয়।***

১৪ অন্যান্য রাজস্বের মধ্যে ভাড়া, ইজারা, সিটি কর্পোরেশনের বিভিন্ন সম্পদ লীজ প্রদান হতে আয়, টোল, বিভিন্ন ফিস এবং জরিমানা অন্তর্ভুক্ত। এই ধারায় ব্যবহৃত ৭ ডিজিটের কোড আইটেমের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে ***১৪২১৩০৯ মার্কেট/দোকান ভাড়া, ১৪২৩২৪৮ হাটবাজার ইজারা, ১৪২২৩৩৭ সনদপত্র ফি, ইত্যাদি।***

(খ) মূলধন প্রাপ্তি

রাজস্ব হিসাব উপাংশ ১ এর **"মূলধন প্রাপ্তি"** বলতে মূলতঃ ***অ-আর্থিক সম্পদ বিক্রয় হতে প্রাপ্তি*** কে বুঝায়। অ-আর্থিক সম্পদ বলতে সেই সম্পদকে বুঝায় যার সুনির্দিষ্ট বিনিময় মূল্য রয়েছে এবং যা এক বছরের বেশি সময়ের জন্য ব্যবহারযোগ্য থাকে, যথাঃ ***২১১২৩০৯ অফিস সরঞ্জামাদি এবং ২১১২৩১৩ আসবাবপত্র।***

সিটি কর্পোরেশন ঐ সমস্ত **অ-আর্থিক সম্পদ বিক্রয়** করে নগদ অর্থ পায়। ঐ অর্থ প্রাপ্তিকে **"মূলধন প্রাপ্তি"** নামে অভিহিত করা হয়।

সারণী ৪-১০: রাজস্ব ও মূলধন প্রাপ্তির মধ্যে পার্থক্য

	সংগা	উদাহরণ
রাজস্ব	অর্থনৈতিক সুবিধা বা পরিষেবা সম্ভাবনার মোট প্রবাহ।	কর, ফিস, ভাড়া, চার্জ
মূলধন প্রাপ্তি	অ-আর্থিক সম্পদ বিক্রয় হতে প্রাপ্ত অর্থ।	অ-আর্থিক সম্পদ বিক্রয় হতে প্রাপ্ত আয়, যথা: আসবাবপত্র, অফিস সরঞ্জাম এবং যান-বাহন বিক্রয় হতে প্রাপ্ত

(গ) সম্পদ হ্রাস

সিটি কর্পোরেশন **"রাজস্ব"** এবং **"মূলধন প্রাপ্তি"** এর বাইরেও অন্যান্য খাত থেকে অর্থ পেয়ে থাকে, যেমন, **কর্মকর্তা/কর্মচারীদের ঋণ পরিশোধ**।

কখনো কখনো সিটি কর্পোরেশন তার কর্মকর্তা/কর্মচারীদেরকে বাসা-বাড়ি, কম্পিউটার, কার অথবা মটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ প্রদান করে থাকে। ঋণ গ্রহনকারী কর্মকর্তা/কর্মচারীগণ উক্ত ঋণ কিস্তিতে পরিশোধ করেন। কর্মকর্তা/কর্মচারীদের ঋণ পরিশোধের ফলে সিটি কর্পোরেশনের আর্থিক সম্পদ (ঋণ) হ্রাস পায় বিধায় ঋণ পরিশোধ বাবদ অর্থ প্রাপ্তিকে সিটি কর্পোরেশনের "সম্পদ হ্রাস" নামে অভিহিত করা হয়।

(ঘ) দায় বৃদ্ধি

সিটি কর্পোরেশন ব্যাংক অথবা বিএমডিএফ হতে ঋণ গ্রহণের মাধ্যমেও অর্থ পেয়ে থাকে। এ প্রাপ্তিকে "রাজস্ব আয়" হিসাবে অভিহিত না করে **"দায় বৃদ্ধি"** নামে অভিহিত করা হয়। অন্যান্য দায়বৃদ্ধিও এই ভাগে লিপিবদ্ধ করা হয়, যেমন: "প্রদেয় বিল"।

পরিশোধ

রাজস্ব হিসাব উপাংশ ১ এর নগদ বিল পরিশোধ সিটি কর্পোরেশনের কার্যাবলি বা বিভাগ অনুযায়ী আলাদা আলাদা লিপিবদ্ধ করা হয়। এ বিভাজনগুলো নিম্নরুপ:

- ক. সাধারণ সংস্থাপন
- খ. শিক্ষা ব্যয়
- গ. স্বাস্থ্য
- ঘ. হাসপাতাল/স্বাস্থ্য পরিষেবা/মাতৃত্ব
- ঙ. পরিচ্ছন্নতা
- চ. বৈদ্যুতিক প্রকৌশল/ সড়ক বাতি
- ছ. সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন
- জ. বিবিধ

প্রতিটি বিভাগের পরিশোধসমূহ আবার কতগুলো পৃথক ভাগে ভাগ করা হয়, যথা:

(ক) আবর্তক ব্যয়,

(খ) মূলধনী ব্যয়,

(গ) সম্পদ বৃদ্ধি, এবং

(ঘ) দায় হ্রাস।

(ক) আবর্তক ব্যয়

"আবর্তক ব্যয়" বলতে পণ্য ও সেবা খাতের বিল পরিশোধকে বুঝায়, যথা: ***৩১১ মজুরি ও বেতন, ৩২১ প্রশাসনিক ব্যয়*** এবং ***৩২২ ফি, চার্জ এবং কমিশন*** যেখানে ***৪ মূলধন ব্যয়*** অন্তর্ভুক্ত করা হয় না।

(খ) মূলধন ব্যয়

অপরদিকে "মূলধন ব্যয়" হলো অ-আর্থিক স্থায়ী সম্পদ যেমন ৪১১২১০১ মোটরযান, ৪১১২২০২ কম্পিউটার ও আনুষঙ্গিক, ৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি ইত্যাদি অর্জনের জন্য ব্যয়।

সারণী ৪-১১: আবর্তক ব্যয় এবং মূলধন ব্যয়ের মধ্যে পার্থক্য

	সংগা	উদাহরণ
আবর্তক ব্যয়	মূলধন ব্যয়ের অন্তর্ভুক্ত নয় এমন ব্যয় যার ফলে অর্থনৈতিক সুবিধা বা পরিষেবার সম্ভাবনা হ্রাস পায়।	বেতন, ভাতা, বিদ্যুৎ বিল এবং স্থায়ী সম্পদ মেরামত ও সংরক্ষণ জনিত ব্যয়।
মূলধন ব্যয়	অ-আর্থিক সম্পদ ক্রয় অথবা অর্জন জনিত ব্যয়।	আসবাবপত্র, অফিস সরঞ্জাম এবং যানবাহন ইত্যাদি সংগ্রহ বা অর্জনের জন্য ব্যয়।

যখন কোন সিটি কর্পোরেশন এক বছরের বেশি সময়ের জন্য ব্যবহার উপযোগী অ-আর্থিক সম্পদ অর্জনের জন্য মূলধন ব্যয় করলে সিটি কর্পোরেশন উক্ত অর্জিত সম্পদকে তার "সম্পদ রেজিষ্টারে" লিপিবদ্ধ করে।

সারণী ৪-১২: সম্পদ রেজিস্টার (স্থায়ী সম্পদ)

অর্থনৈতিক কোড:

সম্পদের নাম:

নির্ধারিত আইটেমের নাম:

ক্র. নং	ক্রয়/অর্জন /প্রাপ্তির তারিখ	ভাউচার রেফারেন্স নং.	বর্ণনা/ স্পেশিফিকেশন	সোর্স (নিজস্ব/প্রকল্প) সহায়তা	মূল্য (টাকা)	অবস্থান (সম্পদ রাখার স্থান/ ব্যক্তি)	কোড পরিচিতি/ মার্কিং নং)	বিক্রয়ের তারিখ	বিক্রয় মূল্য	সম্পদের অবস্থা	স্থিতি (সংখ্যায়)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

(গ) সম্পদ বৃদ্ধি

সিটি কর্পোরেশন তার কর্মকর্তা/কর্মচারীদেরকে কখনো কখনো ঋণ প্রদান করে থাকে। কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদানকৃত এ ঋণ সিটি কর্পোরেশনের ব্যয় হিসাবে বিবেচিত না হয়ে "(আর্থিক) সম্পদ বৃদ্ধি" হিসাবে বিবেচিত হয়। এ ক্যাটাগরীতে অন্তর্ভুক্ত সম্পদ ***৭২ আর্থিক***

সম্পদ, এবং এ হিসাবে অ-আর্থিক সম্পদ অন্তর্ভুক্ত হয় না। অ-আর্থিক সম্পদ ক্রয়ের জন্য ব্যয়িত নগদ পরিশোধ **"মূলধন ব্যয়"** হিসাবে শ্রেণীবদ্ধ হয়।

আর্থিক সম্পদের বিস্তারিত বিবরণী, যথা কর্মচারীদেরকে প্রদানকৃত ঋণ "লোন রোজস্টারে" লিপিবদ্ধ করা হয়ে থাকে।

সারণী ৪-১৩: লোন রেজিস্টার

ক্র. নং	ঋণ বিতরণ					ঋণ আদায়		স্থিতি (টাকা)	মন্তব্য
	ঋণ বিতরণের তারিখ	অর্থনৈতিক কোড	ঋণের প্রকার (গৃহ নির্মাণ, কম্পিউটার/ মোটর কার/ মোটর সাইকেল/ বাই সাইকেল ঋণ)	পরিমান (টাকা)	মাসিক কিস্তি (টাকা)	আদায়ের তারিখ	পরিমান (টাকা)		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯ = ৫-৮	১০

(ঘ) দায় হ্রাস

"দায় হ্রাস" অর্থের নগদ বহিঃপ্রবাহের আরেকটি রূপ। উদাহরণ হিসাবে বলা যায়, সিটি কর্পোরেশন বিএমডিএফ থেকে ঋণ (দায়) গ্রহণ করলে উক্ত ঋণ সিটি কর্পোরেশন কর্তৃক কিস্তির মাধ্যমে নিয়মিত পরিশোধ করতে হয়। উক্ত ঋণ পরিশোধ সিটি কর্পোরেশনের রাজস্ব হিসাব উপাংশ ১ এ "ব্যয়" হিসাবে বিবেচিত হবে না "দায় হ্রাস" হিসাবে বিবেচিত হবে, কারণ ঋণ পরিশোধের ফলে সিটি কর্পোরেশনের দায় বা ঋণের পরিমান হ্রাস পায়।

২). রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) ফর্ম

রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) ফর্ম এ পানি সরবরাহ পরিষেবা খাতের অর্থ আয়-ব্যয়ের হিসাবে দেখানো হয়। নিম্নের সারণী ৪-১৪ এ রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) ফর্ম এর উদাহরণ দেয়া হলো। যে সমস্ত সিটি কর্পোরেশন তার জনগণকে পানি সরবরাহ পরিষেবা প্রদান করে না, তাদের জন্য এ ফর্ম প্রযোজ্য নয়।

রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) ফর্ম এ রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1) ফর্ম এর অনুরূপ পদ্ধতিতে হিসাবরক্ষণ করা হয়। রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1) ফর্ম এর মতো উপাংশ ২ (Revenue Account Part 2) তেও প্রথমে **"প্রারম্ভিক স্থিতি"** এর পর **"প্রাপ্তি"** ও **"ব্যয়"**এর হিসাব লিপিবদ্ধ করা হয়। রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) ফর্ম এ লিপিবদ্ধকৃত প্রাপ্তি পানি ব্যবহারকরীদের পরিশোধকৃত পানির বিল হতে প্রাপ্ত। রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) এর প্রাপ্তি পানি সরবরাহ পরিষেবা প্রদানের জন্য প্রয়োজনীয় অর্থের তুলনায় কম হলে উক্ত ঘাটতি মেটানোর জন্য কোন কোন সিটি কর্পোরেশন প্রয়োজন অনুযায়ী রাজস্ব হিসাবের উপাংশ ১ (Revenue Account Part 1) এর উদ্বৃত্ত বা আয়কৃত তহবিল হতে প্রাপ্ত অর্থ রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) এ স্থানান্তর করা হয়।

সারণী ৪-১৪: রাজস্ব হিসাব ফর্ম উপাংশ ২ (সরলীকৃত সংস্করণ)

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০X১-X২	২০X২-X৩	২০X২-X৩	২০X৩-X৪
উপাংশ ২					
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
প্রাপ্তি					
রাজস্ব হিসাব উপাংশ ১ হতে স্থানান্তর (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
১	রাজস্ব				
১১৪৪২০৪	পানি রেইট				
১৪	অন্যান্য রাজস্ব				

	দায় বৃদ্ধি				
৮	দায়সমূহ				

পরিশোধ					
ক. সাধারণ সংস্থাপন					
৩	আবর্তক ব্যয়				
৩১১	মজুরি ও বেতন				

	দায় হ্রাস				
খ. বিদ্যুৎ বিল					
৩	আবর্তক ব্যয়				
৩২১	মজুরি ও বেতন				

গ. পাম্প হাউজ, নলকূপ ও পাইপলাইন					
৩	আবর্তক ব্যয়				

৪	মূলধন ব্যয়				

ঘ. অন্যান্য (সেবাসমূহ, স্থাপনা এবং বিবিধ)					
৩	আবর্তক ব্যয়				

৪	মূলধন ব্যয়				

	দায় হ্রাস				

উন্নয়ন হিসাবে স্থানান্তর (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
সমাপনী স্থিতি					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				

রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) এর পরিশোধ বিভিন্ন ভাগে বিভক্ত, যথা:

- ক. সাধারণ সংস্থাপন
- খ. বিদ্যুৎ বিল
- গ. পাম্প হাউজ, নলকূপ ও পাইপ লাইন, এবং
- ঘ. অন্যান্য

সিটি কর্পোরেশনের পানি সরবরাহ পরিষেবা খাতের সাধারণ ব্যয়, যথা: বেতন, ভাতা এবং প্রশাসনিক ব্যয় **ক. সাধারণ সংস্থাপনে** লিপিবদ্ধ করা হয়। অনুরূপভাবে, সিটি কর্পোরেশনের পানি সরবরাহ পরিষেবা খাতের সুনির্দিষ্ট ব্যয় **খ. বিদ্যুৎ বিল** এবং **গ. পাম্প স্টেশন, নলকূপ ও পাইপ লাইন** খাতে লিপিবদ্ধ করা হয়।

৩) উন্নয়ন হিসাব ফর্ম

উন্নয়ন হিসাব ফর্মে উন্নয়ন কার্যক্রম সম্পর্কিত প্রাপ্তি এবং ব্যয় লিপিবদ্ধ করা হয়। রাজস্ব হিসাব ফর্ম উপাংশ ১ এবং রাজস্ব হিসাব ফর্ম উপাংশ ২ এর অনুরূপ উন্নয়ন হিসাব ফর্মেও প্রারম্ভিক স্থিতি, প্রাপ্তি, ব্যয় এবং সমাপনি স্থিতি দেখানো হয়।

উন্নয়ন হিসাবে প্রাপ্তির প্রধান আইটেমগুলো হলো **রাজস্ব হিসাব উপাংশ ১ হতে স্থানান্তরিত অর্থ** এবং অনুদান।

রাজস্ব হিসাব উপাংশ ১ এর প্রাপ্তি কর, ফিস ইত্যাদি। সিটি কর্পোরেশনের উন্নয়ন ব্যয় নির্বাহের জন্য রাজস্ব হিসাব উপাংশ ১ হতে উন্নয়ন হিসাবে অর্থ স্থানান্তর করা হয়। অপরদিকে, উন্নয়ন হিসাবে লিপিবদ্ধকৃত অনুদান হলো সিটি কর্পোরেশনের উন্নয়ন কাজের জন্য বার্ষিক উন্নয়ন পরিকল্পনামূলে সরকার হতে প্রাপ্ত অনুদান।

উন্নয়ন হিসাব ফর্ম (সারণী ৪-১৫) লক্ষ্য করলে দেখা যাবে, **"দায় বৃদ্ধি"** সিটি কর্পোরেশনের উন্নয়ন হিসাব খাতের একটি প্রাপ্তি আইটেম। এর কারন হলো মাঝে মাঝে সিটি কর্পোরেশন তার উন্নয়ন কাজ পরিচালনা করার জন্য বিভিন্ন উৎস হতে ঋণ গ্রহণ করে থাকে। সাধারনতঃ এই ঋণ অর্থনৈতিক কোডঃ ৮১৩১৪০১ কেন্দ্রীয় সরকার থেকে গৃহীত ঋণ অথবা বিএমডিএফ হতে গৃহীত ঋণ।

সারণী ৪-১৫: উন্নয়ন হিসাব ফর্ম (সরলীকৃত)

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০X১-X২	২০X২-X৩	২০X২-X৩	২০X৩-X৪
উন্নয়ন হিসাব					
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
প্রাপ্তি					
রাজস্ব হিসাব উপাংশ ১ হতে স্থানান্তর					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
রাজস্ব হিসাব উপাংশ ২ হতে স্থানান্তর					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
১	রাজস্ব				
১৩	অনুদান				
১৩২	আন্তর্জাতিক সংগঠন থেকে প্রাপ্ত অনুদান				

১৩৪	সরকারের থেকে গৃহীত				

দায় বৃদ্ধি					
৮	দায়				
৮১৩১৩০১	ব্যাংক থেকে গৃহীত ঋণ				

পরিশোধ					
ক. সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল এবং নন-ডিপিপি সরকারি অর্থায়নে অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন					
৪	মূলধন ব্যয়				
৪১১	স্থায়ী সম্পদ				
৪১১১১০১	আবাসিক ভবন				
	…				
খ. ডিপিপি অর্থায়িত প্রকল্প					
৪	মূলধন ব্যয়				
৪১১	স্থায়ী সম্পদ				
৪১১১১০১	আবাসিক ভবন				

৪১৪	অউৎপাদিত সম্পদ				
৪১৪১১০১	ভূমি অধিগ্রহণ/ক্রয়				

দায় হ্রাস					
৮	দায়				
৮১১৩৩০১	ঠিকাদারের নিরাপত্তা জমা				
গ. উন্নয়ন সহযোগীদের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প					
৪	মূলধন ব্যয়				
৪১১	স্থায়ী সম্পদ				
দায় হ্রাস					
৮	দায়				
৮১১৩৩০১	ঠিকাদারের নিরাপত্তা জমা				
পরিশোধ					
৩৪৫	আর্থিক প্রতিষ্ঠানকে দেয় সুদ				
দায় হ্রাস					
৮১৩১৩০১	ব্যাংক থেকে গৃহীত ঋণ				
সমাপনী স্থিতি					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				

উন্নয়ন হিসাব ফর্মের পরিশোধগুলিকে "মূলধন ব্যয়" হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়। এই জাতীয় মূলধন ব্যয়কে বেশ কয়েকটি ভাগে ভাগ করা হয়, যথা:

ক. সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থ ও উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বহির্ভূত সরকারি অর্থায়নে অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন,

খ. ডিপিপি অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প, এবং

গ. উন্নয়ন অংশীদারদের অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্প।

সিটি কর্পোরেশন তার স্থায়ী সম্পদের ধরণ অনুযায়ী উন্নয়ন কাজের ব্যয়গুলি আলাদা করে এবং তা BACS-ভিত্তিতে তৈরিকৃত হিসাব চার্টে লিপিবদ্ধ করে। এই জাতীয় স্থায়ী সম্পদের জন্য সিটি কর্পোরেশনগুলি যে সমস্ত BACS কোড এবং আইটেম ব্যবহার করে সেগুলোর নমুনা নীচের সারণিতে (সারণি-৪-১৬) দেয়া হলো।

সারণী ৪-১৬: উন্নয়ন হিসাব ব্যয়ের কোড ও আইটেম (নমুনা)

৪১১১১০১ আবাসিক ভবন	৪১১১৩১০ খনন
৪১১১২০১ অনাবাসিক ভবন	৪১১১৩১৫ স্বল্প মূলধনি কাজ
৪১১১৩০১ স্মৃতিসৌধ	৪১১১৩১৭ অন্যান্য ভবন ও স্থাপনা
৪১১১৩০২ সড়ক ও মহাসড়ক	৪১১১৩২০ খেলা/ প্রশিক্ষণ মাঠ
৪১১১৩০৩ সেতু	৪১১১৩২৩ পাম্প হাউজ
৪১১১৩০৫ কালভার্ট	৪১১১৩২৬ টার্মিনালসমূহ
৪১১১৩০৬ সেচ কাঠামো	৪১১১৩২৭ কবরস্থান/শ্মশানঘাট
৪১১১৩০৭ নিকাশ (drainage) কাঠামো	৪১১১৩২৮ পদচারী সেতু
৪১১১৩০৮ নলকূপ স্থাপন	৪১১১৪০১ ল্যান্ডস্কেপিং
৪১১১৩০৯ স্বাস্থ্য বিধান (sanitation) ও পানি সরবরাহ	৪১৪১১০১ ভূমি অধিগ্রহণ/ক্রয়

সিটি কর্পোরেশন আরো বিস্তারিত তথ্য, যেমন প্রকল্পের নাম সংযোজনের প্রয়োজন মনে করে তাহলে সিটি কর্পোরেশন সাব-ফর্ম ব্যবহার করতে পারে। নিম্নের সারণিতে সাব-ফর্মের উদাহরণ দেয়া হলো:

সারণী ৪-১৭: উন্নয়ন হিসাবে ব্যবহৃত সাব-ফর্মের উদাহরণ

বিস্তারিত	ব্যয় (টাকা)
৪১১১৩০২ সড়ক ও জনপথ	
সড়ক নির্মাণ (সেকশন AAA – BBB, ৫ কিমি)	১০,০০০,০০০
সড়ক সারফেসিং (সেকশন CCC – DDD, ৩ কিমি)	৫,০০০,০০০
সড়ক নির্মান (সেকশন EEE – FFF, ৭ কিমি)	২২,০০০,০০০
মোট	৩৭,০০০,০০০

"দায় হ্রাস" পরিশোধ আইটেমটি রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্মের আইটেমসমূহের অনুরূপ একটি আইটেম। সিটি কর্পোরেশন কখনো কখনো বিএমডিএফ থেকে ঋণ গ্রহণ করে এবং বিধান অনুযায়ী উক্ত ঋণ কিস্তিতে পরিশোধ করে। ঋণ পরিশোধের সময় সিটি কর্পোরেশন ঋণের আসল এবং সুদকে আলাদা আলাদাভাবে পরিশোধ করে থাকে। সিটি কর্পোরেশন "দায় হ্রাস" অংশে ঋণের আসল পরিশোধ রেকর্ড করে এবং উক্ত ঋণের সুদ **৩৪৫ আর্থিক প্রতিষ্ঠানকে দেয় সুদ** অথবা **৩৪৫১২০২ বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড হতে গৃহীত ঋণের সুদ** হিসাবে লিপিবদ্ধ করা হয়।

৪) মূলধন হিসাব ফর্ম

মূলধন হিসাব ফর্মে আর্থিক সম্পদ ও দায়গুলির পরিবর্তন লিপিবদ্ধ করা হয়, যেমন, ঋণ (লোন), আনুতোষিক তহবিল, ভবিষ্য তহবিল, জামানত (ঠিকাদারদের নিরাপত্তা জামানত), প্রদেয় বিল এবং সাসপেন্স একাউন্ট।

সারণী ৪-১৮: মূলধন হিসাব ফর্ম (সরলীকৃত)

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০X১-X২	২০X২-X৩	২০X২-X৩	২০X৩-X৪
মূলধন হিসাব					
লোন (ঋণ) হিসাব					
প্রারম্ভিক স্থিতি					
৮১৩১৩০১	ব্যাংক থেকে গৃহীত ঋণ				
প্রাপ্তি					
৮১৩১৩০১	ব্যাংক থেকে গৃহীত ঋণ				
পরিশোধ					
৮১৩১৩০১	ব্যাংক থেকে গৃহীত ঋণ				
সমাপনী স্থিতি					
৮১৩১৩০১	ব্যাংক থেকে গৃহীত ঋণ				
আনুতোষিক তহবিল হিসাব					
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টি.এস.এ.)				
প্রাপ্তি					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টি.এস.এ.)				
পরিশোধ					
৩৭৩১১০১	আনুতোষিক				
সমাপনী স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টি.এস.এ.)				
ভবিষ্য তহবিল হিসাব					
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টি.এস.এ.)				
প্রাপ্তি					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টি.এস.এ.)				
সমাপনী স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টি.এস.এ.)				
প্রদেয়/ জমা					
প্রারম্ভিক স্থিতি					
৮১১৩৩০১	ঠিকাদারের নিরাপত্তা জমা				
প্রদেয়/ জমা বৃদ্ধি					
৮১১৩৩০১	ঠিকাদারের নিরাপত্তা জমা				
প্রদেয়/ জমা ফেরত					
৮১১৩৩০১	ঠিকাদারের নিরাপত্তা জমা				
সমাপনী স্থিতি					
৮১১৩৩০১	ঠিকাদারের নিরাপত্তা জমা				
প্রদেয় বিল/ সাসপেন্স হিসাব					
প্রারম্ভিক স্থিতি					
৮১৭২১০৮	প্রদেয় বিল				
প্রদেয় বিল/ সাসপেন্স হিসাব বৃদ্ধি					
৮১৭২১০৮	প্রদেয় বিল				
প্রদেয় বিল/ সাসপেন্স হিসাব নিস্পন্ন					
৮১৭২১০৮	প্রদেয় বিল				
সমাপনী স্থিতি					
৮১৭২১০৮	প্রদেয় বিল				
ঋণ (সম্পদ, কর্মচারীদেরকে প্রদেয়) হিসাব					
প্রারম্ভিক স্থিতি					
৭২১৫১০১	গৃহনির্মাণ ঋণ				
কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদত্ত ঋণ					
৭২১৫১০১	গৃহনির্মাণ ঋণ				
কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদানকৃত ঋণ ফেরত					
৭২১৫১০১	গৃহনির্মাণ ঋণ				
সমাপনী স্থিতি					
৭২১৫১০১	গৃহনির্মাণ ঋণ				

লোন (ঋণ)

সিটি কর্পেরেশন যখন তার উন্নয়ন কার্যক্রমের জন্য ঋণ গ্রহণ করে বা উন্নয়ন কার্যক্রমের জন্য গৃহীত ঋণ পরিশোধ করে, তখন উক্ত ঋণের লেনদেন সিটি কর্পোরেশন তার উন্নয়ন হিসাবে লিপিবদ্ধ করে। মূলত, সিটি কর্পোরেশন তার মূলধন হিসাব ফর্মে প্রারম্ভিক স্থিতি, ঋণ স্থিতিতে পরিবর্তন এবং সমাপনী স্থিতি দেখায়।

এই অংশে সিটি কর্পোরেশনের গৃহীত ঋণের প্রারম্ভিক স্থিতি, নতুন ঋণ প্রাপ্তি, ঋণ পরিশোধ এবং সমাপনী স্থিতি দেখায়।

সমাপনী স্থিতি অথবা আর্থিক বছর শেষে বকেয়া ঋণের পরিমাণ নিম্নরূপে গণনা করা হয়:

প্রারম্ভিক স্থিতি + প্রাপ্ত ঋণ – গৃহীত ঋণ পরিশোধ = সমাপনী স্থিতি

আনুতোষিক তহবিল হিসাব

এই অনুচ্ছেদে সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের জন্য সংরক্ষিত আনুতোষিক তহবিলের স্থিতি দেখানো হয়েছে। উক্ত হিসাবে প্রারম্ভিক স্থিতি, প্রাপ্তি, পরিশোধ এবং সমাপনী স্থিতি দেখানো হয়। সিটি কর্পোরেশন আনুতোষিক হিসাবে কর্মকর্তা-কর্মচারীদের আমানতের সুদও রেকর্ড করে, যা অবসর গ্রহণের সময় সিটি কর্পোরেশন তার কর্মকর্তা-কর্মচারীদেরকে প্রদান করে।

সিটি কর্পোরেশন যাতে এই তহবিলের অর্থ অন্য কোন কাজে ব্যবহার করতে না পারে তা নিশ্চিত করার জন্য সিটি কর্পোরেশনের উচিত ব্যাংকে 'আনুতোষিক তহবিল' নামেই পৃথক হিসাব খোলা। এ ছাড়াও, সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদেরকে তাদের আনুতোষিক তহবিলের স্থিতি সম্পর্কে নিয়মিত অবহিত করা বাঞ্চনীয়।

ভবিষ্য তহবিল হিসাব

আনুতোষিক তহবিলের হিসাবরক্ষণের মতো একই পদ্ধতিতে সিটি কর্পোরেশন আনুতোষিক তহবিল হিসাবের প্রারম্ভিক স্থিতি, প্রাপ্তি, পরিশোধ এবং সমাপনী স্থিতি প্রদর্শনের মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের জন্য সংরক্ষিত ভবিষ্য তহবিলের স্থিতি দেখায়।

সিটি কর্পোরেশন তার রাজস্ব হিসাব উপাংশ ১ হতে ভবিষ্য তহবিল হিসাবে অর্থ গ্রহণ করে বা অর্থ স্থানান্তর করে। এ ছাড়াও, সিটি কর্পোরেশন তার কর্মকর্তা-কর্মচারীদের বেতন বিল হতে অর্থ কর্তন করে এবং উক্ত কর্তনকৃত অর্থের হিসাব এই একাউন্টে রাখা হয়।

সিটি কর্পোরেশন তার ব্যাংকে জমা এবং সঞ্চয়পত্র থেকেও সুদ পায়। সিটি কর্পোরেশন উক্ত খাত হতে প্রাপ্ত সুদ **১৪১১২০৫ বিনিয়োগ হতে প্রাপ্ত সুদ** হিসাবে লিপিবদ্ধ করে এবং কর্মকর্তা-কর্মচারীদেরকে অবসর গ্রহণের পর তাদেরকে অর্থ প্রদানের জন্য এই অর্থ ব্যবহার করে।

সিটি কর্পোরেশন তার আনুতোষিক তহবিল হিসাব হতে কর্মকর্তা-কর্মচারীদেরকে বিভিন্ন প্রকারের ঋণ প্রদান করে, যেমন গৃহ নির্মাণ ঋণ, কম্পিউটার ক্রয় ঋণ ইত্যাদি। সিটি কর্পোরেশন এ হিসাবে তার কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বিতরণকৃত ঋণ এবং তাদের ঋণ পরিশোধের তথ্য লিপিবদ্ধ করে।

কর্মকর্তা-কর্মচারীদের নিকট অর্থবছরে বিভিন্ন প্রকার ঋণ গ্রহণ ও পরিশোধজনিত লেনদেন এবং হিসাবের সমাপনী স্থিতি প্রকাশ করার জন্য সিটি কর্পোরেশনকে অনুরোধ করা হলো। সিটি কর্পোরেশন যাতে ভবিষ্য তহবিলের অর্থ অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার না করে তা নিশ্চিত করার স্বার্থে ব্যাংকে ভবিষ্য তহবিল হিসাব শিরোনামে পৃথক হিসাব খোলার জন্য সিটি কর্পোরেশনের নিকট জোর সুপারিশ করা হলো।

ঠিকাদারদের জামানত

ঠিকাদারী কাজের জন্য সিটি কর্পোরেশন ঠিকাদারদের বিল হতে নিরাপত্তা জামানত হিসাবে সাধারনতঃ চুক্তিতে বর্ণিত টাকার অংকের ১০% কর্তন করে রাখে। ঠিকাদারকে তাদের কাজ শেষ হওয়ার পর বিল হতে চুক্তি মূল্যের ৯০% এবং সিটি কর্পোরেশনের পক্ষ হতে উক্ত কাজের অনুকুলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ছাড়পত্র ইস্যু করার পর বিলের অবশিষ্ট ১০% প্রদান করা হয়।

সিটি কর্পোরেশন তার মূলধন হিসাবের "পরিশোধ যোগ্য/জামানত" অনুচ্ছেদে প্রারম্ভিক স্থিতি, জামানত বৃদ্ধি, জামানত ফেরত এবং সমাপনী স্থিতি লিপিবদ্ধ করে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ছাড়পত্র প্রাপ্তির পর হিসাব বিভাগ ঠিকাদারদেরকে বিলের অবশিষ্ট ১০% প্রদান করার জন্য প্রথমে মূলধন হিসাব হতে জামানত উন্নয়ন হিসাবে স্থানান্তর করে এবং অতঃপর নিরাপত্তা জামানতের অর্থ ঠিকাদারকে ফেরত প্রদান করে।

ঠিকাদারদের নিরাপত্তা জামানত একটি ব্যাংকে পৃথক হিসাব খুলে সংরক্ষণ এবং বাজেট ডকুমেন্টে ঠিকাদারকে পরিশোধযোগ্য বকেয়া স্থিতির বিবরণী হিসাব বিবরণীর Summary of Balance বা বিভিন্ন স্থিতির সারাংশতে প্রদর্শন প্রকাশ করার জন্য দৃঢভাবে সুপারিশ করা হচ্ছে।

পরিশোধযোগ্য বিল

সিটি কর্পোরেশন তার মূলধন হিসাবে পরিশোধযোগ্য বিলের পরিমান লিপিবদ্ধ করে। সরবরাহকারী বা ঠিকাদারদের বিল পরিশোধে বিলম্ব হলে সিটি কর্পোরেশনকে এ জাতীয় অপরিশোধিত বিলের হিসাব পরিশোধযোগ্য বিল হিসাবে মূলধন হিসাবে লিপিবদ্ধ করতে হবে।

সিটি কর্পোরেশন তার মূলধন হিসাব ফর্মের "পরিশোধযোগ্য/সাসপেন্স একাউন্ট" অনুচ্ছেদে প্রারম্ভিক স্থিতি, পরিশোধযোগ্য বিলের বৃদ্ধি, পরিশোধযোগ্য বিল পরিশোধ (হ্রাস) এবং সমাপনী স্থিতি সংক্ষেপে লিপিবদ্ধ করে। সিটি কর্পোরেশনের উচিত তার পরিশোধযোগ্য বিলের হিসাব বাজেট ডকুমেন্টে এবং হিসাব বিবরণীতে প্রকাশ করা।

আর্থিক স্বচ্ছতা অর্জনের জন্য সিটি কর্পোরেশনগুলিকে প্রদানযোগ্য সকল বিল লিপিবদ্ধ করতে হবে এবং যে সমস্ত বিল ইতোমধ্যেই পরিশোধ করা হয়েছে সেগুলি বাদ যাবে।

ঋণ (সম্পদ, কর্মকর্তা-কর্মচারীদের জন্য) হিসাব

মূলধন হিসাবের "ঋণ (সম্পদ, কর্মকর্তা-কর্মচারীদের জন্য) " অনুচ্ছেদে সিটি কর্পোরেশন তার কর্মকর্তা-কর্মচারীদের জন্য ঋণের স্থিতি বিবরণী যেমন, বাসাবাড়ি বা কম্পিউটার ক্রয়ের জন্য ঋণ সংক্ষেপে লিপিবদ্ধ করে।

সিটি কর্পোরেশনের রাজস্ব হিসাব উপাংশ ১ এ যখন এই জাতীয় ঋণ বিতরণ বা ঋণ পরিশোধের বিষয়টি লিপিবদ্ধ করা হয়, সিটি কর্পোরেশন তখন তার মূলধন হিসাবের "ঋণ (কর্মকর্তা-কর্মচারীদের জন্য সম্পদ) " অনুচ্ছেদের প্রারম্ভিক স্থিতি, বৃদ্ধি, হ্রাস এবং সমাপনী স্থিতি হিসাবে লিপিবদ্ধ করে।

৫) সাব-ফরম

প্রয়োজন হলে সিটি কর্পোরেশন হিসাবরক্ষণের ক্ষেত্রে, বিশেষ করে যখন সিটি কর্পোরেশন মূল ফর্মে যথা: রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্ম, রাজস্ব হিসাব উপাংশ ২ ফর্ম এবং মূলধন হিসাব ফর্মে বর্ণিত কোন হিসাবের বিশদ তথ্য প্রদর্শন করতে চায়, তখন সিটি কর্পোরেশন সাব-ফর্ম ব্যবহার করে।

উদাহরণ হিসাবে বলা যায়, সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স রাজস্ব এর বিস্তারিত বিবরণী প্রকাশের জন্য সাব-ফর্ম ব্যবহার করে। সিটি কর্পোরেশন ওয়ার্ড ভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায় এবং বর্তমান ও বকেয়া আদায়ের পরিমান পৃথকভাবে দেখাতে চাইতে পারে, কিন্তু তা **১১৩১২০১ ইমারত ও জমির ওপর কর** হিসাবে দেখানো সম্ভব নয়।

সারণী ৪-১৯: ইমারত ও জমির ওপর কর দেখানোর জন্য ব্যবহৃত সাব-ফর্মের উদাহরণ

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০X১-X২	২০X২-X৩	২০X২-X৩	২০X৩-X৪
১১৩১২০১	**ইমারত ও জমির ওপর কর**				
	বকেয়া	২০০,০০০,০০০	৭০০,০০০,০০০	১৭০,০০০,০০০	৮০০,০০০,০০০
	সার-চার্জ	১০,০০০,০০০	১০০,০০০,০০০	১০,০০০,০০০	১০০,০০০,০০০
	চলতি	৫৭০,০০০,০০০	৯৫০,০০০,০০০	৬৭৫,০০০,০০০	৯৫০,০০০,০০০
	উপ-মোট	**৭৮০,০০০,০০০**	**১,৭৫০,০০০,০০০**	**৮৫৫,০০০,০০০**	**১,৮৫০,০০০,০০০**
	রেয়াত	(১২,০০০,০০০)	(৭০,০০০,০০০)	(৩০,০০০,০০০)	(৭৫,০০০,০০০)
	মোট	**৭৯২,০০০,০০০**	**১,৮২০,০০০,০০০**	**৮৮৫,০০০,০০০**	**১,৯২৫,০০০,০০০**

সিটি কর্পোরেশন তার উন্নয়ন ব্যয়ের বিবরণ, যেমন: প্রকল্পের নাম এবং তাদের বিবরণ সাব-ফর্মগুলিতে প্রদর্শন করতে পারে। নিম্নের উদাহরণে, সিটি কর্পোরেশন ৪১১১৩০২ সড়ক ও মহাসড়কের জন্য ব্যয় বিবরণী দেখানো হয়েছে।

সারণী ৪-২০: উন্নয়ন ব্যয় বিবরণীর সাব-ফর্মের উদাহরণ

বিস্তারিত	ব্যয় (টাকা)
৪১১১৩০২ সড়ক ও মহাসড়ক	
সড়ক নির্মাণ (সেকশন AAA – BBB, ৫ কিঃমিঃ)	১০,০০০,০০০
সড়ক সার্ফেসিং (সেকশন CCC – DDD, ৩ কিঃমিঃ)	৫,০০০,০০০
সড়ক নির্মাণ (সেকশন EEE – FFF, ৭ কিঃমিঃ)	২২,০০০,০০০
মোট	**৩৭,০০০,০০০**

৫. BACS ভিত্তিক হিসাবরক্ষণ ও বাজেট প্রণয়ন পদ্ধতি

BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস এবং বাজেট ফর্ম প্রবর্তনের পরে সিটি কর্পোরেশনের হিসাবরক্ষণ পদ্ধতিতে আংশিক পরিবর্তন বাঞ্চনীয়/আবশ্যক।

সবচাইতে গুরুত্বপূর্ণ এই যে, BACS অনুসারে সিটি কর্পোরেশনসমূহের অর্থের নগদ অন্তঃপ্রবাহ (Cash Inflow) বা নগদ বহিঃপ্রবাহকে (Cash Outflow) (আবর্তক) রাজস্ব, মূলধন প্রাপ্তি, সম্পদ হ্রাস এবং দায় বৃদ্ধি, প্রভৃতি ভাগে বিভাজন করা প্রয়োজন।

অনুরূপভাবে, সিটি কর্পোরেশন আবর্তক ব্যয়, মূলধন ব্যয়, দায় হ্রাস এবং সম্পদের বৃদ্ধিকে অর্থের নগদ অন্তঃপ্রবাহ (Cash Inflow) বা নগদ বহিঃপ্রবাহে (Cash Outflow) বিভাজন করে।



চিত্র ৫-১: BACS এ প্রাপ্তি ও পরিশোধের শ্রেণিবিন্যাস

BACS-ভিত্তিক হিসাবরক্ষণ পদ্ধতিতে সিটি কর্পোরেশন প্রতিটি লেনদেন এ BACS-ভিত্তিক চার্ট অব একাউন্টস অনুসরণ করে হিসাবের কোড এবং আইটেম বসাবে। সিটি কর্পোরেশনসমূহ BACS এর উপর ভিত্তি করে মাসিক ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়নের সংক্ষিপ্তসারও তৈরি করবে। মনে রাখতে হবে, সিটি কর্পোরেশনসমূহ প্রচলিত বিধি-বিধান অনুসরণ করেই হিসাবরক্ষণ করবে, তবে তাদের ব্যবহৃত একাউন্টস কোড এবং আইটেমগুলির পরিবর্তন হবে।

BACS-ভিত্তিক হিসাবরক্ষণ পদ্ধতি অনুসরণ করে হিসাব সম্পাদন করার জন্য সিটি কর্পোরেশনকে (আবর্তক) ব্যয়, মূলধন ব্যয়, (আর্থিক) সম্পদ বৃদ্ধি এবং দায় হ্রাসের মতো সবচেয়ে উপযুক্ত একাউন্টিং ক্ল্যাসিফিকেশন (accounting category) সনাক্ত করতে হবে।

সিটি কর্পোরেশনসমূহ নিম্নে-বর্ণিত চিত্রগুলি ব্যবহার করে ক্যাশ ভিত্তিক একাউন্টিং (Cash basis of accounting) সনাক্ত করতে পারে।

প্রাপ্তি/নগদ অন্তর্মুখী প্রবাহের শ্রেণিবিন্যাস

যখন সিটি কর্পোরেশন নগদ অর্থ পাবে, তখন সিটি কর্পোরেশন নিম্নে-বর্ণিত ফ্লোচার্ট ব্যবহার করে উক্ত প্রাপ্তিকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করতে পারবে।



চিত্র ৫-২: বাজেট বিভাজন (প্রাপ্তি) সনাক্ত করার জন্য ফ্লো চার্ট

রাজস্ব প্রাপ্তির উপযুক্ত খাত সনাক্ত করার জন্য নগদ অন্ত:প্রবাহ (Cash Inflow) এর কারণে কোন কোন খাত বৃদ্ধি পেয়েছে বা কোন কোন আইটেম হ্রাস পেয়েছে তা নির্ধারণ করাও জরুরি।

সিটি কর্পোরেশন **ঋণ গ্রহণের** মাধ্যমে নগদ অর্থ পেলে ঋণের স্থিতির (দায়) পরিমাণ বেড়ে যায়। এই নগদ প্রাপ্তিকে তাই **"দায় বৃদ্ধি"** হিসাবে বিবেচনা করা হয়।

সিটি কর্পোরেশন যদি তার কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে গৃহীত **ঋণ পরিশোধ** বাবদ অর্থ পায় তাহলে সিটি কর্পোরেশনের **কর্মকর্তা/কর্মচারীদের ঋণের (আর্থিক সম্পদ) স্থিতির পরিমান হ্রাস পায়**। ঋণ পরিশোধ বাবদ এই নগদ প্রাপ্তিকে সিটি কর্পোরেশনের **"সম্পদ হ্রাস"** হিসাবে বিবেচনা করা হয়।

কখনো কখনো সিটি কর্পোরেশন আয়কর বা মূল্য সংযোজন কর হিসাবে **সরকারের পক্ষ হতে অস্থায়ীভাবে অর্থ আদায় করে**। যেহেতু সিটি কর্পোরেশন এ রাজস্ব আয়কে তার নিজস্ব "রাজস্ব" হিসাবে শ্রেণিবদ্ধ করতে পারে না, তাই এ ধরণের নগদ প্রাপ্তির ফলে সিটি কর্পোরেশনের "অনিশ্চিত হিসাব" বা **"Suspense Account"** এর ব্যালান্স বা স্থিতি বৃদ্ধি পায়।

অন্যান্য রাজস্ব যা "দায় বৃদ্ধি", "সম্পদ হ্রাস" এবং "সাসপেন্স একাউন্ট" হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় না তা হ'ল **"মূলধন প্রাপ্তি"** বা **" মূলধন রাজস্ব"**।

যদি সিটি কর্পোরেশন তার অ-আর্থিক সম্পদ যেমন যানবাহন বা অফিস সরঞ্জাম বিক্রয় হতে নগদ অর্থ পায় তবে উক্ত অর্থকে "মূলধন প্রাপ্তি" হিসাবে শ্রেণিবদ্ধ করে। সিটি কর্পোরেশন অন্যান্য নগদ অর্থ প্রাপ্তিকে "রাজস্ব" হিসাবে বিবেচনা করে। "রাজস্ব" হিসাবের মধ্যে হোল্ডিং ট্যাক্স রাজস্ব বা সরকার নিকট হতে প্রাপ্ত অনুদান অন্তর্ভুক্ত।

নগদ অর্থের বহির্মুখী প্রবাহ/ নগদ দায় পরিশোধ

অনুরূপভাবে, সিটি কর্পোরেশন দায় পরিশোধকে বিভিন্ন শ্রেণিতে পৃথক করার জন্য নীচের ফ্লো চার্ট ব্যবহার করে।



চিত্র ৫-৩: বাজেট শ্রেণি সনাক্ত করার জন্য ফ্লো চার্ট(পরিশোধ)

সিটি কর্পোরেশন ঋণ পরিশোধের জন্য অর্থ প্রদান করলে সিটি কর্পোরেশনের **ঋণ (দায়) এর পরিমাণ হ্রাস পায়।** সিটি কর্পোরেশনের ঋণ পরিশোধের জন্য এই নগদ অর্থ প্রদানকে **"দায় হ্রাস"** হিসাবে বিবেচনা করা হয়।

যদি সিটি কর্পোরেশন তার কর্মকর্তা/কর্মচারীদেরকে ঋণ প্রদানের জন্য নগদ অর্থ প্রদান করে তবে সিটি কর্পোরেশনের আর্থিক সম্পদের পরিমাণ বা কর্মকর্তা/কর্মচারীদের ঋণের পরিমাণ বৃদ্ধি পায়। তাই, অর্থের এই নগদ বহিঃপ্রবাহকে **"সম্পদ বৃদ্ধি"** হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়।

অন্যান্য পরিশোধ, যা **"দায় হ্রাস"** বা **"সম্পদ বৃদ্ধি"** হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় না, তা **"ব্যয়"** হিসাবে শ্রেণীবদ্ধ হয়।

যদি সিটি কর্পোরেশন **অ-আর্থিক (ভৌত) সম্পদ** যেমন যানবাহন, আসবাবপত্র এবং অফিস সরঞ্জাম কেনার জন্য অর্থ ব্যয় করে তবে এই অর্থ ব্যয়কে **"মূলধন ব্যয়"** হিসাবে বিবেচনা করা হয়।

যে সকল ব্যয় "মূলধন ব্যয়" হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় না, সে সকল ব্যয়কে **"আবর্তক ব্যয়"** হিসাবে গণ্য করা হয়। আবর্তক ব্যয়ের মধ্যে বেতন, ভাতা, বিদ্যুৎ বিল, স্থায়ী সম্পদের মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

৫.১ দায় হ্রাস

উপরে যেভাবে বলা হয়েছে, সিটি কর্পোরেশনের অর্থ প্রদানকে সবসময় ব্যয় হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় না। যদি সিটি কর্পোরেশন ঋণ পরিশোধের জন্য অর্থ প্রদান করে, তবে এ অর্থ ব্যয় "দায় হ্রাস" হিসাবে লিপিবদ্ধ করা হয়। প্রদেয় (বকেয়া) বিলের জন্য অর্থ ব্যয়ও দায় হ্রাস হিসাবে লিপিবদ্ধ করা হয়।



চিত্র ৫-৪: বাজেট শ্রেণি সনাক্ত করার জন্য ফ্লো চার্ট (পরিশোধ, দায় হ্রাস)

ঋণ পরিশোধ

বিএমডিএফ এর নিকট সিটি কর্পোরেশনের বকেয়া ঋণ থাকলে সিটি কর্পোরেশন তার ব্যাংক একাউন্ট থেকে নগদ অর্থ প্রদান করে উক্ত ঋণ পরিশোধ করে। বর্তমানে BACS ভিত্তিক নতুন চার্ট অব একাউন্টের আওতায় এ জাতীয় পরিশোধ "ব্যয়" হিসাবে বিবেচিত হয় না, কিন্তু **"দায় হ্রাস"** হিসাবে বিবেচিত হয়, কেননা, এই ঋণ পরিশোধ করার ফলে **বকেয়া ঋণের পরিমাণ (ঋণ) হ্রাস পায়**।

ঋণ পরিশোধ করার সময় সিটি কর্পোরেশন মূল ঋণ পরিশোধ করে এবং একই সাথে ঋণের সুদও প্রদান করে। এটি মনে রাখা দরকার যে, **ঋণের আসল পরিশোধ "দায় হ্রাস" হিসাবে** এবং **ঋণের সুদ পরিশোধ "আবর্তক ব্যয়"** হিসাবে বিবেচনা করা হয়। কাজেই বাজেট ডকুমেন্টে ঋণের আসল ও সুদ পরিশোধকে আলাদাভাবে উল্লেখ করতে হবে।

যদি সিটি করপোরেশন ঋণের আসল এবং সুদ পরিশোধের জন্য মোট ১০৫,০০০ টাকা (আসল ১০০,০০০ টাকা এবং সুদ ৫,০০০ টাকা) প্রদান করে, তবে উক্ত পরিশোধকে বাজেট নথিতে ঋণের আসল পরিশোধ (১০০,০০০ টাকা) এবং সুদ পরিশোধ (৫,০০০ টাকা) এই দুই ভাগে আলাদা আলাদা লিপিবদ্ধ করতে হবে।

নীচের উদাহরণে যেভাবে বর্ণনা করা হয়েছে, ঋণের আসল পরিশোধ **৮১৩১৪০১ কেন্দ্রীয় সরকার থেকে গৃহীত ঋণ** হিসাবে এবং গৃহীত ঋণের সুদ পরিশোধের বিষয়টি **৩৪৫১২০১ সরকার হতে গৃহীত ঋণের সুদ** হিসাবে লিপিবদ্ধ করা হয়।

সারণী ৫-১: দায় হ্রাস: ঋণ পরিশোধের উদাহরণ

উন্নয়ন হিসাব	
পরিশোধ	
ঋণ পরিশোধ	
৩৪৫ আর্থিক প্রতিষ্ঠানকে দেয় সুদ	
৩৪৫১২০১ সরকার হতে গৃহীত ঋণের সুদ	৫,০০০
দায় হ্রাস	
৮১৩১৪০১ কেন্দ্রীয় সরকার থেকে গৃহীত ঋণ	১০০,০০০

৫.২ সম্পদ বৃদ্ধি

কখনো কখনো সিটি কর্পোরেশন তার কর্মকর্তা/কর্মচারীদেরকে ব্যাংক হিসাব হতে নগদ ঋণ প্রদান করে থাকে। এই ঋণ প্রদানের ফলে সিটি কর্পোরেশনের আর্থিক সম্পদ (ঋণ) বৃদ্ধি পায়, যা' বাজেটে **"(আর্থিক) সম্পদ বৃদ্ধি"** হিসাবে বিবেচনা করা হয়। চার্ট অব একাউন্টে উল্লিখিত এই আর্থিক সম্পদের মধ্যে রয়েছে:

- ৭২১৫১০১ গৃহ নির্মাণ ঋণ
- ৭২১৫১০২ কম্পিউটার ঋণ
- ৭২১৫১০৩ সুদমুক্ত ঋণ
- ৭২১৫১০৪ মোটরগাড়ী ঋণ
- ৭২১৫১০৫ মোটর সাইকেল ঋণ, এবং
- ৭২১৫১০৬ বাইসাইকেল ঋণ।



চিত্র ৫-৫: বাজেট শ্রেণি সনাক্ত করার জন্য ফ্লো-চার্ট (পরিশোধ, সম্পদ বৃদ্ধি)

সিটি কর্পোরেশন যখন একজন কর্মকর্তা/কর্মচারীকে ১০০,০০০ টাকা ঋণ প্রদান করে, সিটি কর্পোরেশন উক্ত ঋণের অংক বাজেটে ব্যয় হিসাবে লিপিবদ্ধ না করে "সম্পদ বৃদ্ধি" হিসাবে লিপিবদ্ধ করে।

সারণী ৫-২: সম্পদ বৃদ্ধি: কর্মকর্তা/কর্মচারীদেরকে ঋণ প্রদানের উদাহরণ

রাজস্ব হিসাব উপাংশ ১	
পরিশোধ	
ক. সাধারণ সংস্থাপন	
সম্পদ বৃদ্ধি	
৭২১৫১০১ গৃহ নির্মাণ ঋণ	১০০,০০০

সিটি কর্পোরেশন কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদানকৃত ঋণের তথ্য লোন রেজিস্টারে লিপিবদ্ধ করবে।

সারণী ৫-৩: লোন রেজিস্টার

ক্র. নং	ঋণ বিতরণ					ঋণ আদায়		স্থিতি (টাকা)	মন্তব্য
	ঋণ বিতরণের তারিখ	অর্থনৈতিক কোড	ঋণের প্রকার (গৃহ নির্মাণ, কম্পিউটার/ মোটর কার/ মোটর সাইকেল/ বাই সাইকেল ঋণ)	পরিমান (টাকা)	মাসিক কিস্তি (টাকা)	আদায়ের তারিখ	পরিমান (টাকা)		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯ = ৫-৮	১০

৫.৩ আবর্তক ব্যয় এবং মূলধন ব্যয়

উপরের বর্ণনা অনুযায়ী, সিটি কর্পোরেশনের যে সকল পরিশোধ **"দায় হ্রাস"** (যেমন ঋণ পরিশোধ), বা **"(আর্থিক) সম্পদ বৃদ্ধি"** (যেমন কর্মচারীদেরকে ঋণ প্রদান) হিসাবে শ্রেণীবদ্ধ করা হয় না সেগুলি ব্যয় হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়। ব্যয়গুলি আবার **"মূলধন ব্যয়"** বা **"আবর্তক ব্যয়"** এ দুইভাগে বিভক্ত করা হয়।



চিত্র ৫-৬: বাজেট শ্রেণি সনাক্তকরণ ফ্লো চার্ট (পরিশোধ, মূলধন ব্যয় এবং আবর্তক ব্যয়)

মূলধন ব্যয়: অ-আর্থিক সম্পদ যেমন ভবন, আসবাবপত্র, অফিস সরঞ্জাম বা যানবাহন ক্রয় বা অর্জনের জন্য যে অর্থ ব্যয় করা হয় তাকে **"মূলধন ব্যয়"** বলে। যে সমস্ত পণ্যের সুনির্দিষ্ট মূল্য রয়েছে এবং যা এক বছরেরও বেশি সময় যাবত ব্যবহার করা যায়, সে সকল পণ্য অ-আর্থিক "সম্পদ" হিসাবে বিবেচিত।

মূলধন ব্যয়, যথা: মোটরযান, অফিস সরঞ্জাম ক্রয়, ইত্যাদি রাজস্ব হিসাব উপাংশ-১ ফর্ম এ নিম্নে বর্ণিত পদ্ধতিতে প্রদর্শন করা হয়:

সারণী ৫-৪: মূলধন ব্যয়ের উদাহরণ

রাজস্ব হিসাব উপাংশ ১	
পরিশোধ	
ক. সাধারণ সংস্থাপন	
৪ মূলধন ব্যয়	
৪১১২১০১ মোটরযান	১,০০০,০০০
৪১১২৩১০ অফিস সরঞ্জামাদি	৩০,০০০

সিটি কর্পোরেশন অ-আর্থিক সম্পদ ক্রয় করার জন্য মূলধন ব্যয় করলে উক্ত অ-আর্থিক সম্পদ "সম্পদ রেজিস্টার" এ লিপিবদ্ধ অত্যাবশ্যক।

সারণী ৫-৫: সম্পদ রেজিষ্টার (স্থায়ী সম্পদ)

অর্থনৈতিক কোড:

সম্পদের নাম:

নির্ধারিত আইটেমের নাম:

ক্র. নং	ক্রয়/অর্জন /প্রাপ্তির তারিখ	ভাউচার রেফারেন্স নং.	বর্ণনা/ স্পেশিফিকেশন	সোর্স (নিজস্ব/প্রকল্প সহায়তা	মূল্য (টাকা)	অবস্থান (সম্পদের স্থান/অফিস)	কোড পরিচিতি/ মার্কিং নং)	বিক্রয়ের তারিখ	বিক্রয় মূল্য	সম্পদের অবস্থা	স্থিতি (সংখ্যায়)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

সম্পদ ও সেবা খাতে সিটি কর্পোরেশনের যে সকল ব্যয় অন্তর্ভুক্ত হয় না, সে সকল ব্যয়কে "**আবর্তক ব্যয়**" হিসাবে অন্তর্ভুক্ত করা হয়। আবর্তক ব্যয়ের উদাহরণ নিম্নে দেয়া হলো:

- মজুরি এবং বেতন
- প্রশাসনিক ব্যয় (উদাহরণঃ বিদ্যুৎ, পানি), এবং
- ভ্রমণ এবং পরিবহন ব্যয়।

আবর্তক ব্যয়, যেমন: বেতন-ভাতা প্রদান রাজস্ব হিসাব উপাংশ ১ এ নিম্নরূপে দেখানো হয়ে থাকে:

সারণী ৫-৬: আবর্তক ব্যয়ের উদাহরণ

রাজস্ব হিসাব: উপাংশ ১	
পরিশোধ	
ক. সাধারণ সংস্থাপন	
৩ আবর্তক ব্যয়	
৩১১ মজুরি ও বেতন	
৩১১১১০১ মূল বেতন (অফিসার)	৮০০,০০০
৩১১১৩২৭ অধিকাল ভাতা	২০,০০০

আগেই বলা হয়েছে মোটরযান ক্রয় একটি মূলধন ব্যয়। কিন্তু তা বলে **মোটরযান সম্পর্কীত সকল প্রকার ব্যয় মূলধন ব্যয় হিসাবে শ্রেণিবদ্ধ হয় না**। উদাহরণ হিসাবে বলা যায়, মোটরযানের মেরামত ও সংরক্ষণ ব্যয় এবং জ্বালানী বাবদ ব্যয় আবর্তক ব্যয় হিসাবে বিবেচিত।

অনুরূপভাবে, অফিস সরঞ্জাম সংগ্রহ বাবদ ব্যয় মূলধন ব্যয় কিন্তু অফিস সরঞ্জামের মেরামত ও সংরক্ষণ বাবদ ব্যয় আবর্তক ব্যয় হিসাবে বিবেচিত।

সারণী ৫-৭: আবর্তক ব্যয়ের উদাহরণ

রাজস্ব হিসাব উপাংশ ১	
পরিশোধ	
ক. সাধারণ সংস্থাপন	
৩ আবর্তক ব্যয়	
৩২৪ ভ্রমণ ও পরিবহণ	
৩২৪৩১০১ পেট্রল, ওয়েল ও লুব্রিকেন্ট	১০,০০০
৩২৫ সরবরাহ, উপকরণ ও সাধারণ ব্যয়	
৩২৫৮ মেরামত ও সংরক্ষণ	
৩২৫৮১০১ মোটরযান	১৫০,০০০
৩২৫৮১০৪ অফিস সরঞ্জামাদি	৫,০০০

৫.৪ দায় বৃদ্ধি

সিটি কর্পোরেশন আর্থিক প্রতিষ্ঠান বা সরকারের নিকট হতে ঋণ গ্রহণ করলে ঋণ গ্রহণ জনিত কারণে সিটি কর্পোরেশনের বকেয়া ঋণের পরিমান (দায়) বৃদ্ধি পায়। তাই সিটি কর্পোরেশনের ঋণ গ্রহণের মাধ্যমে নগদ অর্থ প্রাপ্তিকে **"দায় বৃদ্ধি"** হিসাবে বিবেচনা করা হয়।



চিত্র ৫-৭: বাজেট শেণি সনাক্ত করার জন্য ফ্লো চার্ট (প্রাপ্তি, দায় বৃদ্ধি)

ধরা যাক, সিটি কর্পোরেশন তার উন্নয়ন কাজ করার জন্য বিএমডিএফ এর নিকট হতে ১০,০০,০০০ (দশ লক্ষ) টাকা ঋণ গ্রহণ করেছে। সিটি কর্পোরেশনের বাজেট ডকুমেন্টে উক্ত ঋণ উন্নয়ন হিসাব ফর্মে নিম্নরূপে দেখানো হবে:

সারণী ৫-৮: দায় বৃদ্ধির উদাহরণ

উন্নয়ন হিসাব	
প্রাপ্তি	
দায় বৃদ্ধি	
৮১৩১৪০১ কেন্দ্রীয় সরকার থেকে গৃহীত ঋণ	১০,০০০,০০০

৫.৫ সম্পদ হ্রাস

কখনো কখনো সিটি কর্পোরেশন তার কর্মকর্তা/কর্মচারীদেরকে বাসা বাড়ি বা কম্পিউটার ক্রয়ের জন্য ঋণ প্রদান করে থাকে। কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদানকৃত এই ঋণকে সিটি কর্পোরেশনের "আর্থিক সম্পদ" হিসাবে বিবেচনা করা হয়।

যখন ঋণ গ্রহীতা কর্মকর্তা/কর্মচারীগণ সিটি কর্পোরেশনকে ঋণ পরিশোধ বাবদ অর্থ প্রদান করে এবং সিটি কর্পোরেশন তা গ্রহণ করে তখন কর্মকর্তা/কর্মচারীদের গৃহীত ঋণের পরিমান হ্রাস পায়। তাই, কর্মকর্তা/কর্মচারীদের ঋণ পরিশোধ সিটি কর্পোরেশনের **"সম্পদ হ্রাস"** হিসাবে বিবেচিত হয়।



চিত্র ৫-৮: বাজেট শ্রেণি সনাক্তকরার জন্য ফ্লো চার্ট (প্রাপ্তি, সম্পদ হ্রাস)

গৃহীত ঋণ পরিশোধের সময় কর্মকর্তা/কর্মচারীগণ সিটি কর্পোরেশনকে ঋণের আসল এবং সুদ বাবদ অর্থ প্রদান করে। পরিশোধিত ঋণের আসল পরিশোধের জন্য প্রাপ্তিকে "সম্পত্তির হ্রাস" হিসাবে এবং প্রাপ্ত সুদকে "(আবর্তক) রাজস্ব" হিসাবে বিবেচনা করা হয়।

ধরা যাক, ঋণ গ্রহীতা কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে গৃহনির্মাণ ঋণ পরিশোধ বাবদ সিটি কর্পোরেশন মোট ১০,৫০০ টাকা পেল, যার মধ্যে ঋণের আসল ১০,০০০ (দশ হাজার) টাকা এবং সুদ ৫০০ (পাঁচশত) টাকা রয়েছে। উক্ত হিসাব উপাংশ ১ এ নিম্নরূপে প্রদর্শন করা হয়:

সারণী ৫-৯: সম্পদ হ্রাসের উদাহরণ: কর্মকর্তা/কর্মচারীদের ঋণ পরিশোধ

রাজস্ব হিসাব উপাংশ ১	
প্রাপ্তি	
১৪ অন্যান্য রাজস্ব	
১৪১১২০৫ বিনিয়োগ হতে প্রাপ্ত সুদ	৫০০
সম্পদ হ্রাস	
৭২১৫১০১ গৃহনির্মাণ ঋণ	১০,০০০

৫.৬ সাসপেন্স হিসাব (অনিশ্চিত হিসাব -Suspense Account)

কখেনো কখনো সিটি কর্পোরেশন সরকারের পক্ষে নগদ অর্থ গ্রহণ করে। এই ধরনের নগদ প্রাপ্তি, (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধনের জন্য ফি বাবদ অর্থ প্রাপ্তি, (খ) মূল্য সংযোজন কর বাবদ অর্থ আদায়, বা (গ) আয়কর বাবদ অর্থ গ্রহণ হতে পারে।

উক্ত আদায়কৃত অর্থ সরকারের রাজস্ব এবং উক্ত রাজস্বে সিটি কর্পোরেশনের কোন মালিকানা নেই বিধায় সিটি কর্পোরেশন তাদের রাজস্ব হিসাবে উক্ত অর্থ লিপিবদ্ধ করতে পারে না। সিটি কর্পোরেশন উক্ত অর্থ প্রাপ্তিকে "সাসপেন্স একাউন্ট" বৃদ্ধি হিসাবে বিবেচনা করে।



চিত্র ৫-৯: বাজেট শ্রেণি সনাক্ত করার জন্য ফ্লো চার্ট (প্রাপ্তি, সাসপেন্স একাউন্ট)

ধরা যাক সিটি কর্পোরেশন সরকারের পক্ষে ১০,০০০ (দশ হাজার) টাকা ভ্যাট আদায় করেছে। সিটি কর্পোরেশন প্রথমে উক্ত আদায়কৃত টাকা তার সাসপেন্স একাউন্টে রাখবে এবং এর হিসাব সারণী ৫-১০ এ বর্ণিত পদ্ধতিতে রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্ম এ লিপিবদ্ধ করবে।

সারণী ৫-১০: সাসপেন্সি একাউন্টের উদাহরণ: ভ্যাট আদায় বাবদ প্রাপ্তি

রাজস্ব হিসাব, উপাংশ ১	
প্রাপ্তি	
দায় বৃদ্ধি	
৮১৭৩১০১ সাসপেন্স একাউন্ট	১০,০০০

আদায়কৃত এ রাজস্ব সরকারের বিধায় সিটি কর্পোরেশন এ অর্থ প্রাপ্তিকে তার রাজস্ব হিসাবে বিবেচনা করতে পারে না অথবা **১১৪১১০১ দেশজ পণ্য ও সেবার ওপর মূসক** খাতে লিপিবদ্ধ করতে পারে না।

সিটি কর্পোরেশন সরকারের পক্ষ হতে আদায়কৃত এই জাতীয় নগদ অর্থ যতটা তাড়াতাড়ি সম্ভব ট্রেজারির একক হিসাবে স্থানান্তর করবে। ট্রেজারির একক হিসাবে এই জাতীয় নগদ অর্থ (১০,০০০ টাকা) স্থানান্তর **"সাসপেন্স একাউন্ট (দায়)" হ্রাস হিসাবে** পরিগণিত হয় এবং তা রাজস্ব হিসাব উপাংশ ১ ফর্ম এ নিম্নরূপে লিপিবদ্ধ করা হয়:

সারণী ৫-১১: সাসপেন্স একাউন্টের উদাহরণ: ট্রেজারীতে মূসক স্থানান্তর

রাজস্ব হিসাব, উপাংশ ১	
পরিশোধ	
জ. বিবিধ	
দায় হ্রাস	
৮১৭৩১০১ সাসপেন্স একাউন্ট	১০,০০০

সিটি কর্পোরেশন সরকারের পক্ষ হতে আদায়কৃত এই জাতীয় অর্থ যেমন ভ্যাট শুধুমাত্র সাময়িক সময়ের জন্য রাখে। উপরে বর্ণিত পদ্ধতিতে সিটি কর্পোরেশন যতটা সম্ভব তাড়াতাড়ি উক্ত নগদ রাজস্ব ট্রেজারি সিঙ্গেল একাউন্টে (TSA) স্থানান্তর করবে। উক্ত সাসপেন্স একাউন্টে অর্থবছর শেষে সিটি কর্পোরেশনের কোন বকেয়া স্থিতি থাকতে পারে না বিধায় **নীতিগতভাবে সাসপেন্স একাউন্টের বৃদ্ধি বা হ্রাস সিটি কর্পোরেশনের বাজেট নথিতে উপস্থাপন করা হয় না।**

এই ধরণের নগদ প্রাপ্তির সাধারণ উদাহরণ হলো **১১৪১১০১ দেশজ পণ্য এবং সেবার ওপর মূসক** এবং **১১১১১০১ ব্যক্তি কর্তৃক দেয় আয়কর**। সিটি কর্পোরেশন ঠিকাদারদেরকে নির্মাণ বিল প্রদানের সময় উক্ত বিল হতে ভ্যাট বাবদ অর্থ কেটে নেয়। সিটি কর্পোরেশন ঠিকাদারদের নির্মাণ বিল হতে আয়করও কর্তন করে।

সারণী ৫-১২: যে সকল আইটেম সিটি কর্পোরেশন ব্যবহার করতে পারে না সেগুলোর উদাহরণ

১১১১১০১	ব্যাক্তি কর্তৃক দেয় আয়কর
১১৩১১০১	ভূমি উন্নয়ন কর
১১৪১১০১	দেশজ পণ্য ও সেবার ওপর মূসক
১১৪১১০৩	দেশজ সেবার ওপর সম্পূরক শুল্ক
১১৫১১০১	কাস্টমস শুল্ক

সিটি কর্পোরেশন উক্ত পরিশোধিত কর প্রাপ্তির পর তা সাসপেন্স একাউন্টে লিপিবদ্ধ করবে (সাসপেন্স একাউন্ট বৃদ্ধি/দায়) এবং এরপর তা ট্রেজারী সিঙ্গেল একাউন্টে (TSA) স্থানান্তর করবে (সাসপেন্স একাউন্ট হ্রাস/দায়)।

এমনও হতে পারে, সিটি কর্পোরেশন নগদ অর্থ আদায় করেছে, কিন্তু উক্ত নগদ অর্থ কোন আইটেমে শ্রেণিবদ্ধ করতে হবে এ বিষয়ে অবহিত নয়, সেক্ষেত্রে সিটি কর্পোরেশন উক্ত অর্থ সাময়িকভাবে সাসপেন্স একাউন্টের বৃদ্ধি হিসাবে শ্রেণিবদ্ধ করতে পারে। এরপর সিটি কর্পোরেশন আইটেমগুলিকে কোথায় শ্রেণিবদ্ধ করতে হবে তা জেনে সিটি কর্পোরেশন সাসপেন্সে একাউন্টের বৃদ্ধি বাতিল করে উক্ত লেনদেনের জন্য উপযুক্ত কোড এবং আইটেমে লিপিবদ্ধ করবে (যেমন ১১৩১২০১ ইমারত এবং জমির উপর কর)।

৫.৭ রাজস্ব ও মূলধন প্রাপ্তি

কোন নগদ প্রাপ্তি "দায় বৃদ্ধি", "সম্পদ হ্রাস" বা "সাসপেন্স একাউন্ট" হিসাবে শ্রেণীবদ্ধ না হলে সিটি কর্পোরেশন উক্ত প্রাপ্তিকে **"মূলধন প্রাপ্তি"** বা **"(আবর্তক) রাজস্ব"** ক্যাটাগরীতে অন্তর্ভুক্ত করতে পারে।



চিত্র ৫-১০: বাজেট বিভাজন (প্রাপ্তি, মূলধন এবং আবর্তক রাজস্ব) সনাক্তকরার জন্য ফ্লো চার্ট

সিটি কর্পোরেশন তার কোন অ-আর্থিক সম্পদ যথা: যানবাহন বা অফিস সরঞ্জাম বিক্রয় করেছে কিনা পরিক্ষণের মাধ্যমে **"মূলধন প্রাপ্তি"** (Capital Receipt) এবং **"(আবর্তক) রাজস্ব"** এর পার্থক্য নির্ণয় করতে পারে। সিটি কর্পোরেশন তার অ-আর্থিক সম্পদ বিক্রয়ের মাধ্যমে প্রাপ্ত অর্থ **"মূলধন প্রাপ্তি" (Capital Receipts)** হিসাবে শ্রেণিবদ্ধ করে।

সিটি কর্পোরেশন তার অ-আর্থিক সম্পদ (যথা: যানবাহন, অফিস সরঞ্জামাদি) বিক্রয় করে অর্থ পেয়ে থাকে (যেমন প্রাপ্তি ৩০,০০০ টাকা)। সিটি কর্পোরেশন উক্ত প্রাপ্তিকে "**মূলধন প্রাপ্তি**" হিসাবে শ্রেণিবদ্ধ করে।

রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1) ফর্ম এ উক্ত অর্থ প্রাপ্তি নিম্নে দেখানো হলো:

সারণী ৫-১৩: মূলধন প্রাপ্তির উদাহরণ

রাজস্ব হিসাব, উপাংশ ১	
প্রাপ্তি	
২ মূলধন প্রাপ্তি	
২১ অ-আর্থিক সম্পদ বিক্রয়	
২১১২৩০৯ অফিস সরঞ্জামাদি	৩০,০০০

উপরের বর্ণনা মোতাবেক সিটি কর্পোরেশন কোন অ-আর্থিক সম্পদ ক্রয় করলে তা অবশ্যই সম্পদ রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। কাজেই, সিটি কর্পোরেশন যখন কোন অ-আর্থিক সম্পদ বিক্রয় করে, তখন সম্পদ রেজিস্টার হতে বাদ দেয়া হয়।

সারণী ৫-১৪: সম্পদ রেজিস্টার (স্থায়ি সম্পদ)

অর্থনৈতিক কোড:

সম্পদের নাম:

নির্ধারিত আইটেমের নাম:

ক্র. নং	ক্রয়/অর্জন /প্রাপ্তির তারিখ	ভাউচার/ রেফারেন্স নং.	বর্ণনা/ স্পেশিফিকেশন	সোর্স (নিজস্ব/প্রকল্প সহায়তা)	মূল্য (টাকা)	অবস্থান (সম্পদের স্থান/অফিস)	কোড পরিচিতি/ মার্কিং নং)	বিক্রয়ের তারিখ	বিক্রয় মূল্য (টাকা)	সম্পদের অবস্থা	স্থিতি (সংখ্যায়)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩

মূলধন প্রাপ্তি হিসাবে শ্রেণবিদ্ধ নয় এমন অন্যান্য রাজস্ব **"(আবর্তক) রাজস্ব"** হিসাবে শ্রেণিবদ্ধ করা হয়। এইরূপ আবর্তক রাজস্বের কয়েকটির নাম নিচে দেয়া হলো:

১১৩১২০১ ইমারত ও জমির উপর কর,

১৩৪১১০১ বেতন বাবদ সহায়তা,

১৪২১৩০৯ মার্কেট/দোকান ভাড়া,

১৪২৩২৪৮ হাটবাজার ইজারা,

১৪৩১১০১ জরিমানা

৫.৮ বিভিন্ন হিসাব খাতের মধ্যে অর্থ স্থানান্তর

সিটি কর্পোরেশন তার এক হিসাব হতে অন্য হিসাবে অর্থ স্থানান্তর করে থাকে। উদাহরণ হিসাবে বলা যায়, হোল্ডিং ট্যাক্সের অর্থের একটি অংশ পানি সরবরাহ পরিষেবা খাতে ব্যবহারের জন্য রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Part 1) হতে রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Part 2) এ স্থানান্তর করা হয়। সিটি কর্পোরেশন উন্নয়ন কর্মকান্ডে ব্যবহারের জন্য হোল্ডিং ট্যাক্স বাবদ আদায়কৃত অর্থ রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Part 1) হতে উন্নয়ন হিসাবেও (Development Account) স্থানান্তর করে থাকে।

বিভিন্ন হিসাবের মধ্যে অর্থ স্থানান্তর রাজস্ব, ব্যয়, সম্পদ বা দায় হ্রাস বা বৃদ্ধি হিসাবে বিবেচিত হয় না, বিভিন্ন হিসাবের মধ্যে অর্থ স্থানান্তর হিসাবে শ্রেণীবদ্ধ করা হয়।

অর্থের প্রতিটি স্থানান্তর বাজেট ডক্যুমেন্ট বা হিসাবরক্ষণ পদ্ধতিতে দুইবার অন্তর্ভুক্ত করা হয়, যেমন (ক) অন্য হিসাবে অর্থ স্থানান্তর (নগদ অর্থের বহিঃপ্রবাহ) এবং (খ) অন্য হিসাব হতে অর্থ স্থানান্তর (নগদ অর্থের অন্তঃপ্রবাহ)।

(১) রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1) হতে উন্নয়ন হিসাবে অর্থ স্থানান্তর

অনেক সিটি কর্পোরেশন তাদের হোল্ডিং ট্যাক্স বাবদ আদায়কৃত রাজস্ব উন্নয়ন কর্মকাণ্ডে ব্যয় করে থাকে। এ জন্য সিটি কর্পোরেশনের উচিত রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1) হতে তহবিল উন্নয়ন হিসাবে স্থানান্তর করা এবং এরপ উন্নয়ন কর্মকান্ড পরিচালনার জন্য উন্নয়ন হিসাব হতে অর্থ ব্যয় করা।

রাজস্ব হিসাব উপাংশ-১ (Revenue Account Part 1) ও উন্নয়ন হিসাব (Development Account) এর জন্য সিটি কর্পোরেশনের আলাদা আলাদা ব্যাংকে একাউন্ট থাকা উচিত এবং এই জাতীয় ব্যাংক একাউন্টগুলির মধ্যে তহবিল স্থানান্তর করতে হবে। উন্নয়ন হিসাবের জন্য সিটি কর্পোরেশনের ২টি ব্যাংক একাউন্ট থাকতে পারে, যার একটি সরকার এবং অপরটি সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে পরিচালিত প্রকল্পের জন্য।

সিটি কর্পোরেশনের বিভিন্ন একাউন্টের মধ্যে স্থানান্তরযোগ্য অর্থের প্রত্যাশিত পরিমাণও বাজেট ডকুমেন্টে দেখান উচিত। রাজস্ব হিসাব উপাংশ-১ (Revenue Account Part 1) থেকে উন্নয়ন হিসাব (Development Account) এর উভয় ফর্মে তহবিল স্থানান্তর নিম্নে প্রদর্শন করা হলো:

সারণী ৫-১৫: রাজস্ব হিসাব উপাংশ-১ হতে উন্নয়ন হিসাবে স্থানান্তর

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০x১ - x২	২০x২ - x৩	২০x২ - x৩	২০x৩ -x৪
রাজস্ব হিসাব উপাংশ ১					
উপাংশ ১					
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে নগদ)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
প্রাপ্তি					
১	রাজস্ব				

পরিশোধ					
ক. সাধারণ সংস্থাপন					
৩	আবর্তক ব্যয়				

রাজস্ব হিসাব উপাংশ ২ এ স্থানান্তর (ব্যাংকে জমা)					
উন্নয়ন হিসাবে স্থানান্তর (ব্যাংকে জমা)					১০০,০০০
সমাপনী স্থিতি					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				

কোড	আইটেম	প্রকৃত	বাজেট	সংশোধিত	প্রস্তাবিত
		২০x১ - x২	২০x২ - x৩	২০x২ - x৩	২০x৩ -x৪
উন্নয়ন হিসাব					
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				
প্রাপ্তি					
রাজস্ব হিসাব উপাংশ ১ হতে স্থানান্তর					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				১০০,০০০
১	রাজস্ব				

পরিশোধ					
ক. সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল এবং নন-ডিপিপি সরকারী তহবিলের অর্থায়নে অবকাঠামো নির্মাণ					
৪	মূলধনী ব্যয়				
৪১১	স্থায়ী সম্পদ				
৪১১১১০১	আবাসিক ভবন				

সমাপনী স্থিতি					
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)				

(২) মূলধন হিসাবে স্থানান্তর

সিটি কর্পোরেশন রাজস্ব হিসাব উপাংশ-১ হতে উন্নয়ন হিসাব এবং মূলধন হিসাবে তহবিল স্থানান্তর করে থাকে। উদাহরণ হিসাবে বলা যায়, সিটি কর্পোরেশন তার তহবিল রাজস্ব হিসাব উপাংশ-১ (Revenue Account Part 1) হতে মূলধন হিসাবের **আনুতোষিক (Gratuity)** এবং **ভবিষ্য তহবিল (Provident Fund)** খাতে অর্থ স্থানান্তর করে।

(১) আনুতোষিক তহবিলে অর্থ স্থানান্তর

সিটি কর্পোরেশন তার কর্মচারীদেরকে ভবিষ্যতে আনুতোষিক প্রদানের জন্য রাজস্ব হিসাব উপাংশ-১ (Revenue Account Part 1) হতে তহবিল মূলধন হিসাবের আনুতোষিক তহবিল খাতে অর্থ স্থানান্তর করে। রাজস্ব হিসাব উপাংশ-১ (Revenue Account Part 1) এ এই স্থানান্তর অর্থের নগদ বহির্মূখী (পরিশোধ) এবং মূলধন হিসাবে নগদ আগমন (প্রাপ্তি) রূপে দেখানো হয়।

সুদ বাবদ প্রাপ্ত অর্থ কর্মকর্তা/কর্মচারীদের আনুতোষিক পরিশোধে ব্যবহৃত হয় বিধায় সিটি কর্পোরেশন ব্যাংক হতে সুদ বাবদ প্রাপ্ত অর্থও (যেমন ১,০০০ টাকা) মূলধন হিসাবে লিপিবদ্ধ করে।

সিটি কর্পোরেশন তার কর্মচারীদেরকে মূলধন হিসাব হতে আনুতোষিক (যেমন ৩০,০০০ টাকা) পরিশোধ করে এবং উক্ত পরিশোধ নিম্নরূপে লিপিবদ্ধ করা হয়।

উন্নয়ন হিসাব ফর্মে ভবিষ্য তহবিলের **প্রারম্ভিক স্থিতি, প্রাপ্তি** এবং **পরিশোধ,** এবং **সমাপনী স্থিতি** দেখানো হয়। এ প্রসংগে উল্লেখ্য যে, সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রদানকৃত ঋণ এবং তাদের নিকট হতে ঋণ পরিশোধ বাবদ অর্থ আদায় ভবিষ্য তহবিলে লিপিবদ্ধ করা হয়।

সারণী ৫-১৬: রাজস্ব হিসাব উপাংশ-১ হতে মূলধন হিসাবে স্থানান্তর

কোড	আইটেম	প্রস্তাবিত ২০x৩ -x৪
রাজস্ব হিসাব উপাংশ ১		
উপাংশ ১		
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)		
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)	
প্রাপ্তি		
পরিশোধ		
মূলধন হিসাবে স্থানান্তর (ব্যাংকে জমা)		
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)	২০,০০০
সমাপনী স্থিতি		
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)	

কোড	আইটেম	প্রস্তাবিত ২০x৩ -x৪
মূলধন হিসাব		
আনুতোষিক তহবিল হিসাব		
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)		
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)	১০০,০০০
প্রাপ্তি		
রাজস্ব হিসাব হতে স্থানান্তর		
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)	২০,০০০
আমানতের উপর সুদ		
১৪১১২০৫	বিনিয়োগ হতে প্রাপ্ত সুদ	১,০০০
পরিশোধ		
কর্মকর্তা/কর্মচারীদেরকে আনুতোষিক পরিশোধ		
৩৭৩১১০১	আনুতোষিক	৩০,০০০
সমাপনী স্থিতি (ব্যাংকে জমা)		
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)	৯১,০০০

ভবিষ্যতে কর্মকর্তা/কর্মচারীদেরকে ভবিষ্য তহবিল পরিশেধের জন্য সিটি কর্পোরেশন রাজস্ব হিসাব উপাংশ-১ (Revenue Account Part 1) হতে মূলধন হিসাবে তহবিল স্থানান্তর করলে উক্ত স্থানান্তর রাজস্ব হিসাব উপাংশ-১ (Revenue Account Part 1) এ নগদ বহিঃপ্রবাহ (পরিশোধ) হিসাবে এবং মূলধন হিসাবে নগদ অন্তঃপ্রবাহ (প্রাপ্তি) হিসাবে প্রদর্শিত হবে।

(২) নিরাপত্তা জামানত স্থানান্তর

সিটি কর্পোরেশন ঠিকাদারদের নিকট হতে প্রাপ্ত নিরাপত্তা জামানত মূলধন হিসাবে লিপিবদ্ধ রাখে। ধরে নেয়া যাক সিটি কর্পোরেশনের কোন নির্মাণ কাজের ব্যয় ১০,০০০ টাকা। বিল পরিশোধের সময় সিটি কর্পোরেশন ঠিকাদারের বিল হতে নিরাপত্তা জামানত বাবদ ১০% কর্তন করে রেখেছে। সিটি কর্পোরেশন উক্ত কর্তনকৃত ১০% (১,০০০ টাকা) উন্নয়ন হিসাব হতে মূলধন হিসাবে স্থানান্তর করে এবং সমপরিমান অন্তঃপ্রবাহ মূলধন হিসাবের "প্রদেয় (Payable) / জমা (Deposit) হিসাব বৃদ্ধি" (Increase in payable and deposit) হিসাবে লিপিবদ্ধ করে।

সারণী ৫-১৭: উন্নয়ন হিসাব এবং মূলধন হিসাবের মধ্যে স্থানান্তর

কোড	আইটেম	সংশোধিত	প্রস্তাবিত
		২০২২ - ২৩	২০২৩ -২৪
উন্নয়ন হিসাব			
প্রারম্ভিক স্থিতি (ব্যাংকে জমা)			
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)		১,০০০
প্রাপ্তি			
রাজস্ব হিসাব উপাংশ ১ হতে স্থানান্তর			
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)		
১	রাজস্ব		
১৩	অনুদান		
১৩২	আন্তর্জাতিক সংস্থার নিকট হতে প্রাপ্ত		
পরিশোধ			
ক. সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিল এবং নন-ডিপিপি সরকারী তহবিলের অর্থায়নে অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন			
৪	মূলধনী ব্যয়		
মূলধনী হিসাবে স্থানান্তর			
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)	১,০০০	
সমাপনী স্থিতি			
৭২১২৩০২	ব্যাংকে জমা (নন টিএসএ)		
কোড	**আইটেম**	**সংশোধিত**	**প্রস্তাবিত**
		২০x২ - x৩	**২০x৩ -x৪**
মূলধন হিসাব			
প্রদেয়/আমানত			
প্রারম্ভিক স্থিতি			
৮১১৩৩০১	ঠিকাদারদের নিরাপত্তা জামানত	০	১,০০০
প্রদেয়/ জামানত বৃদ্ধি			
৮১১৩৩০১	ঠিকাদারদের নিরাপত্তা জামানত	১,০০০	
প্রদেয়/জামানত ফেরত প্রদান			
৮১১৩৩০১	ঠিকাদারদের নিরাপত্তা জামানত		১,০০০
সমাপনী স্থিতি			
৮১১৩৩০১	ঠিকাদারদের নিরাপত্তা জামানত	১,০০০	

ঠিকাদারদের নিরাপত্তা জামানত পরিশোধ করার সময় সিটি কর্পোরেশন উক্ত নিরাপত্তা জামানত পুনরায় উন্নয়ন হিসাবে স্থানান্তর করবে এবং উন্নয়ন হিসাব হতে ঠিকাদারকে অর্থ প্রদান করবে।

৬. আর্থিক পরিবীক্ষণ এবং আর্থিক হিসাব বিবরণী প্রণয়ন

সিটি কর্পোরেশনের সভায় বাজেট অনুমোদনের পর সিটি কর্পোরেশন বাজেট বাস্তবায়ন, প্রাপ্তি গ্রহণ এবং অর্থ প্রদান ও ক্যাশবুকে তা লিপিবদ্ধ শুরু করে।

সিটি কর্পোরেশন প্রতি মাসে এবং প্রতি ত্রৈমাসিকে সিটি কর্পোরেশনের প্রাপ্তি এবং পরিশোধের হিসাব সংকলন করে বাজেট বাস্তবায়ন পরিবীক্ষণ করে। প্রয়োজন হলে সিটি কর্পোরেশন অর্থবছর চলাকালে তার বাজেট সংশোধন করে। অর্থ বছর শেষ হওয়ার পর সিটি কর্পোরেশন তার বার্ষিক হিসাব বিবরণী (Annual Statement of Account) বা আর্থিক বিবরণী (Financial Statement) প্রণয়নপূর্বক তা মন্ত্রণালয়ে প্রেরণ করে এবং নাগরিকদের অবগতির জন্য তা প্রকাশ করে।

বাজেট পরিবীক্ষণ এবং দৈনিক, মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক বাজেট হিসাবরক্ষণ প্রতিবেদন প্রণয়নের পর্যায়ক্রমিক প্রক্রিয়া নিম্নলিখিত সারণীর (সারণী ৬-১) আলোকে সংক্ষেপে প্রকাশ করা যেতে পারে।

সারণী ৬-১: বাজেট পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রণয়ন পদ্ধতি

সময়কাল	কার্যাবলি
দৈনিক	- ক্যাশবইয়ে লেনদেনের হিসাব লিপিবদ্ধ করা - লেজার/অ্যাবস্ট্রাক্ট রেজিস্টারেও লেনদেন লিপিবদ্ধ করা
মাসিক	- লেজার/অ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে সিটি কর্পোরেশনের সকল প্রাপ্তি ও পরিশোধ সংকলন করা - মাসিক বাজেট বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের জন্য অর্থ প্রাপ্তি ও পরিশোধের ত্রৈমাসিক এবং বার্ষিক হিসাব হাল-নাগাদ করা
ত্রৈমাসিক	- বাজেটের ত্রৈমাসিক অগ্রগতি নিরীক্ষণের জন্য অর্থ প্রাপ্তি এবং পরিশোধের ত্রৈমাসিক এবং বার্ষিক হিসাব হালনাগাদ করা। তৃতীয় ত্রৈমাসিকের পর বাজেট সংশোধন করা এবং তা সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদন করা
বার্ষিক (পরবর্তী অর্থবছরের ডিসেম্বর মাসের মধ্যে)	- বার্ষিক হিসাব বিবরণী প্রণয়ন করা - সিটি কর্পোরেশনের সভায় বার্ষিক হিসাব বিবরণী অনুমোদন করা (আর্থিক প্রতিবেদন), বার্ষিক হিসাব বিবরণী প্রকাশ করা

৬.১ দৈনিক হিসাবরক্ষণ পদ্ধতি

সিটি কর্পোরেশন তার দৈনন্দিন অর্থনৈতিক কার্যক্রমে বিভিন্ন ধরণের রাজস্ব, যথা: কর অথবা অনুদান গ্রহণ করে। সিটি কর্পোরেশন তার ব্যয় নির্বাহ যথাঃ প্রশাসনিক ব্যয়, বিভিন্ন সরঞ্জাম ক্রয় করার জন্য নগদ অর্থ ব্যয় করে থাকে।

এই জাতীয় অর্থ গ্রহণ বা পরিশোধ করার পূর্বে সিটি কর্পোরেশন প্রথমে প্রধান নির্বাহী কর্মকর্তা এবং মেয়রের অনুমোদনের জন্য লেনদেনের ভাউচারগুলি প্রস্তুত করে।

সিটি কর্পোরেশনের জন্য সুপারিশকৃত ভাউচার ফর্ম নিম্নরূপ:

সারণী ৬-২: সুপারিশকৃত ব্যয় ভাউচার ফর্ম

---- সিটি কর্পোরেশন

পরিশোধ ভাউচার

প্রাপক: ভাউচার নং

ঠিকানা: তারিখ:

বর্ণনা	টাকা

টাকার পরিমাণ (কথায়):

বাজেট/ একাউন্ট

সেকশন	বাজেট কোড	বাজেট আইটেম	বাজেট বরাদ্দ	বাজেট বাস্তবায়ন (বিএফ)	পরিশোধ
				মোট	

ব্যাংক হিসাব নং ----------

ব্যাংকের শাখার নাম: ----------

চেক নং: ----------

১	২	৩	৪	৫	৬
প্রস্তুতকারক	যাচাইকারী	বাজেটবরাদ্দ পরীক্ষক	পরীক্ষক	প্রত্যয়নকারী	অনুমোদনকারী
হিসাবরক্ষক	হিসাবরক্ষণ কর্মকর্তা	হিসাবরক্ষণ কর্মকর্তা বাজেট	প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা	প্রধান নির্বাহী কর্মকর্তা	মেয়র

চেকলিষ্ট
১. অনুমোদিত নোট শীট ২. আর্থিক অনুমোদন ৩. বিল সরবরাহকারী/ ঠিকাদার ৪. উপকরণ/ক্রয়াদেশ ৫. মাপ বই (এম.বি.) ৬. অন্যান্য

ক্যাশবইয়ে লিপিবদ্ধকারী

চেক গ্রহণকারী
স্বাক্ষর: পূর্ণ নাম:

বিল পরিশোধের পর সিটি কর্পোরেশন ভাউচারে বর্ণিত প্রকৃত এবং ক্রমপুঞ্জিভুত ব্যয়ের পরিমান পরীক্ষা করে দেখে যেন ক্রমপুঞ্জিভূত ব্যয় বাজেটে বর্ণিত প্রাক্কলিত ব্যয়ের চেয়ে বেশি কিনা।

লেনদেন করার পর সিটি কর্পোরেশন বাজেট কোড এবং আইটেমের নামসহ উক্ত লেনদেনের বিস্তারিত বিবরণী সংশ্লিষ্ট ক্যাশবইয়ে লিপিবদ্ধ করবে।

সিটি কর্পোরেশন উক্ত লেনদেন রাজস্ব হিসাব উপাংশ ১ (Revenue Account Part 1), রাজস্ব হিসাব উপাংশ ২ (Revenue Account Part 2) এবং উন্নয়ন হিসাবে পৃথক পৃথক লিপিবদ্ধ করবে।

পরিশোধ ভাউচার

প্রাপক: এবিসি স্টেশনারী

ভাউচার নং.: এ১২৩

তারিখ: জুলাই ১৪, ২০X৩

বর্ণনা

নোটবুক ক্রয়	১,০০০ টাকা

বাজেট

ক্যাশবই

তারিখ	শাখা	কোড	আইটেম	পরিমান (টাকা)	চেক নং
১৪ই জুলাই	ক. সাধারণ সংস্থাপন	৩২৫৫১০৫	অন্যান্য স্টেশনারী	১,০০০	এ ১২৩

চিত্র ৬-১: পরিশোধ ভাউচার হতে ক্যাশবুকে প্রেরীত ইনপুট

সিটি কর্পোরেশনের জন্য সুপারিশকৃত ক্যাশবই ফরম্যাটটি (সারণি-৬) পরবর্তী পৃষ্ঠায় দেয়া হয়েছে। সিটি কর্পোরেশনের জন্য সুপারিশকৃত এ ফরম্যাটটি বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫-এ প্রদত্ত ফর্ম্যাটের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে যা সিটি কর্পোরেশনের একাউন্টিং অনুশীলনকে প্রতিফলিত করে এবং এতে ৭-সংখ্যার অর্থনৈতিক কোড (একাউন্ট কোড হিসাবে ব্যবহৃত) এবং আইটেমের নামগুলির জন্য কলাম যোগ করা হয়েছে।

সারণী ৬-৩: সুপারিশকৃত ক্যাশবই ফর্ম

প্রাপ্তি

তারিখ	ক্যাটাগরি কোড	ক্যাটাগরির নাম	কোড (৭-অংক)	আইটেম	টাকার পরিমান	ব্যাংক/ হিসাব নং	বিবরণ	ফলিও

পরিশোধ

শাখা ক. সাধারণ সংস্থাপন, খ. শিক্ষা, গ. স্বাস্থ্য. ঘ. হাসপাতাল/ স্বাস্থ্য পরিষেবা, ঙ. পরিচ্ছন্নতা, চ. বৈদ্যুতিক প্রকৌশল/সড়ক বাতি ছ. সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন, জ. বিবিধ

তারিখ	শাখা	কোড (৭ অংক)	আইটেম	টাকার পরিমান	ব্যাংক/ হিসাব নং	চেক নং	বিবরণ	ফলিও

এরপর সিটি কর্পোরেশন প্রতিটি ৭-অংকের কোড আইটেমের মাসিক প্রাপ্তি এবং অর্থ পরিশোধের সংকলন করার জন্য লেনদেনসমূহ অ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে/লেজারে লিপিবদ্ধ করে। যদি সিটি কর্পোরেশ ৭-ডিজিটের বেশি তথ্য প্রয়োজন হয়, সেক্ষেত্রে সিটি কর্পোরেশন এ জাতীয় লেনদেনের তথ্য সংরক্ষণে অ্যাবস্ট্রাক্ট রেজিস্টারে আরও বেশি কলাম ব্যবহার করতে পারে।

নিম্নের সারণিতে (সারণি-৬-৪) বিভিন্ন সিটি কর্পোরেশন ব্যবহৃত অ্যাবস্ট্রাক্ট রেজিস্টার ফর্ম[২] দেখানো হলো।

[২] বেঙ্গল মিউনিসিপ্যাল একাউন্ট রুলস, ১৯৩৫ এ ব্যবহৃত ফর্মের তুলনায় এই ফর্ম আলাদা।

সারণী ৬-৪: অ্যাবস্ট্রাক্ট রেজিস্টার ফর্ম

খসড়া প্রস্তুত হওয়ার পরে, এটি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ এবং অন্যান্য কর্মীদের নিয়ে তাদের মন্তব্য এবং আরও তথ্য বা সমন্বয়ের জন্য পর্যালোচনা করা উচিত। তাদের মতামতের ভিত্তিতে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা খসড়া বার্ষিক প্রতিবেদনটি প্রয়োজনীয় সংশোধন করে প্রধান নির্বাহী কর্মকর্তা'র (সিইও) কাছে জমা দিবেন (বা মেয়রের নিকট জমা দিবেন যদি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সিইও নিজেই হন)।

২.৪ চূড়ান্তকরণ

খসড়া বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনটি মেয়র এবং কাউন্সিলগণের পর্যালোচনার জন্য তাদের কাছে প্রদান করা হবে। এটি আগস্ট বা সেপ্টেম্বরে সাধারণ সভায় আলোচনা করা হবে যদিও এটি সাধারণ সভার সময়কাল এবং বার্ষিক প্রতিবেদন চূড়ান্তকরণের সময়ের উপর নির্ভর করে । সাধারণ সভায় প্রদত্ত মতামত এবং সুপারিশের ভিত্তিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বার্ষিক প্রতিবেদনটি চূড়ান্ত করবেন। সিটি কর্পোরেশন চূড়ান্ত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনটি ৩০ সেপ্টেম্বর-এর মধ্যে প্রকাশ করবে এবং বিভিন্ন উপায়ে নাগরিক এবং অন্যান্য অংশীজনদের (স্টেকহোল্ডারদের) নিকট বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। পাশাপাশি প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) চূড়ান্ত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের কপি স্থানীয় সরকার বিভাগ-এ দাখিল করবেন।

৩. বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনের বিষয়বস্তু

এ অনুচ্ছেদে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ফরমেটের বিভিন্ন উপাদান এবং সারণিগুলো সম্পর্কে ব্যাখ্যা দেয়া হয়েছে এবং প্রতিটি অংশ পূরণ করার জন্য প্রয়োজনীয় তথ্য/উপাত্তের দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশিকায় সংযুক্তি-১ এ বার্ষিক প্রতিবেদন ফরমেটটি দেয়া হয়েছে।

পূর্বে উল্লেখ করা হয়েছে যে, বার্ষিক হিসাব বিবরণী পৃথকভাবে প্রস্তুত করা হয় এবং বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুতের তিন মাসের মধ্যে এটি চূড়ান্ত করা হয়। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে রাজস্ব আদায় ও পরিশোধসহ পরিকল্পিত বাজেট এবং প্রকৃত বাজেটের (নতুন বছরের বাজেট প্রস্তুতির সময় প্রাক্কলিত বাজেট) তথ্য থাকবে। অধ্যায়-৫ এ বাজেট এবং অর্থ সম্পর্কিত তথ্য প্রদান করতে হবে।

নিম্নে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ফরমেটটির অধ্যায় ১ থেকে অধ্যায় ১১ পর্যন্ত বর্ণনা করা হয়েছে । একের পর এক প্রতিটি অধ্যায়ের বিস্তারিত নির্দেশনা প্রদান করা হয়েছে।

অধ্যায় ১: মেয়রের বার্তা

অংশ

(১)	**....সিটি কর্পোরেশন মেয়রের শুভেচ্ছা** - **ভিশন, মিশন ও কার্যক্রম** - **উল্লেখযোগ্য ঘটনা/অর্জন** - **অপ্রত্যাশিত ঘটনা**
(২)	**অর্থবছর ২০--- - ---এর অর্জনসমূহ, পূর্ববর্তী অর্থবছর অর্থাৎ যে বছরের জন্য বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে** - **রাজস্ব আয় ও ব্যয় সম্পর্কিত তথ্য** - **বাস্তবায়িত প্রধান প্রধান প্রকল্প- সেবা প্রদান বিষয়ক অর্জন**
(৩)	**অর্থবছর ২০--- - ---এবং পরবর্তী অর্থবছরের জন্য আমাদের প্রতিশ্রুতি (পরবর্তী অর্থবছর, অর্থাৎ বর্তমান অর্থবছর এবং ভবিষ্যত অর্থবছর)** **- চলমান ও আসন্ন প্রকল্প এবং পদক্ষেপসমূহ**

মেয়রের বার্তার উদ্দেশ্য হ'ল বার্ষিক প্রতিবেদনের একটি নির্বাহী সারসংক্ষেপ প্রদানের মাধ্যমে প্রতিবেদনকালীন অর্থবছরের (অর্থাৎ গত অর্থবছর, যে অর্থবছরের জন্য বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে) অর্জনসমূহ প্রদর্শন করা এবং পরবর্তী অর্থবছর (অর্থাৎ বর্তমান অর্থবছর যখন প্রতিবেদনটি প্রকাশিত হচ্ছে) ও ভবিষ্যতের বছরগুলির জন্য পরিকল্পিতভাবে এগিয়ে যাওয়ার নির্দেশনা প্রদান করা। মেয়রের বার্তার বিষয়বস্তু নিম্নরুপ হতে পারে। মেয়রের হয়তো অনেক বিষয় জনগণকে অবহিত করার অভিপ্রায় থাকতে পারে, তবে খেয়াল রাখতে হবে বার্তাটি যেন সংক্ষিপ্ত হয়, সর্বাধিক দুই পৃষ্ঠার হতে পারে।

১.১ .....সিটি কর্পোরেশন মেয়রের শুভেচ্ছাবার্তা

ভিশন, মিশন ও কার্যক্রম

বার্ষিক প্রতিবেদন সিটি কর্পোরেশনের ভিশন ও মিশন পুনর্বিবেচনার সুযোগ করে দিবে। মেয়র সিটি কর্পোরেশনের ভিশন ও মিশনের সাথে সম্পর্কিত মূখ্য কার্যক্রম ও অর্জন সম্পর্কে মন্তব্য করতে পারেন এবং সংশ্লিষ্ট বিভাগ, শাখা এবং অধ্যায়গুলো থেকে প্রাসঙ্গিক সারমর্ম তুলে ধরতে পারেন। এতে করে সিটি কর্পোরেশনের ভিশন ও মিশনের সাথে সম্পর্কিত উন্নয়নমূলক কার্যক্রম এবং সেবা সম্পর্কে পাঠকদের বুঝতে সুবিধা হবে।

উল্লেখযোগ্য ঘটনাসমূহ

ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম, সচেতনতা বৃদ্ধিমূলক প্রচারণা অর্থাৎ যে সকল বিষয়ে নাগরিকদের সম্মিলিত প্রচেষ্টার প্রয়োজন এবং সুনির্দিষ্ট থিম(প্রতিপাদ্য) নিয়ে সিটি কর্পোরেশন প্রতি বছর জনসভা, উৎসব এবং অন্যান্য সমাবেশের আয়োজন করে থাকেন। সিটি কর্পোরেশন কর্তৃক অনুষ্ঠিত উল্লেখযোগ্য কর্মসূচিও মেয়র মহোদয় ফোকাস করতে পারেন।

অপ্রত্যাশিত ঘটনা

সিটি কর্পোরেশন এলাকার মধ্যে নাগরিকদের জানমালের ক্ষয়ক্ষতি ঘটাতে পারে এমন অনেক ঘটনা ঘটতে পারে যেমন প্রাকৃতিক দুর্যোগ, মহামারী, আগুন, ট্র্যাফিক দুর্ঘটনা, অর্থনৈতিক অসুবিধা ইত্যাদি। প্রতিবেদন দাখিলকালীন সময়ে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটে থাকলে সেক্ষেত্রে আনুসঙ্গিক ক্ষয়ক্ষতি, দূর্ঘটনা মোকাবেলায় কি ধরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল এবং অনুরূপ ঘটনা রোধে বা ভবিষ্যতে এধরণের ঝুঁকি হ্রাস করার কোন পরিকল্পনা যদি থাকে মেয়র মহোদয় প্রতিবেদনে সেটিও উল্লেখ করতে পারেন।

১.২ অর্থবছর ২০--/০০ আমাদের অর্জনসমূহ

রাজস্ব আয় ও ব্যয় সম্পর্কিত অর্জন

মেয়রের বার্তার অংশ হিসাবে প্রতিবেদনে হোল্ডিং ট্যাক্স, সম্পত্তি হস্তান্তর কর, হার, ফিস ইত্যাদি থেকে মোট রাজস্ব আদায় (প্রাপ্তি) এবং ব্যয়ের (পরিশোধ) বিষয়টি উল্লেখ করা যেতে পারে। বিগত বছরগুলির তুলনায় অধিকতর বাজেট বাস্তবায়নের হার এবং উচ্চতর হোল্ডিং ট্যাক্স আদায় (দক্ষতা) এর ক্ষেত্রে যেসব উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে এবং যেসব পদক্ষেপ গ্রহণের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে সে বিষয়গুলো তুলে ধরা উচিত।

বৃহৎ প্রকল্প বাস্তবায়ন

সিটি কর্পোরেশন প্রতিবছর সরকার, নিজস্ব অর্থায়ন এবং উন্নয়ন অংশীদারদের অর্থায়নে অনেক অবকাঠামোগত প্রকল্পের বাস্তবায়ন শুরু করে থাকে। মেয়রের বার্তায়, উল্লেখযোগ্য প্রকল্পসমূহ এবং গবেষণা/সমীক্ষা যা চলমান রয়েছে বা শুরু হয়েছে বা প্রস্তুতির পর্যায়ে রয়েছে তার উল্লেখ করা যেতে পারে। অবকাঠামো ও অ-অবকাঠামো (কারিগরি সহায়তা) সম্পর্কিত প্রকল্প ও গবেষণা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে। অবকাঠামোগত প্রকল্পগুলির মধ্যে থাকবে সড়ক যোগাযোগ, পানি সরবরাহ, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা এবং স্বাস্থ্যসেবা সম্পর্কিত সুবিধা ইত্যাদি।

সেবা প্রদানের ক্ষেত্রে অর্জন

অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি নিয়মিত সেবাপ্রদান কার্যক্রম যেমন: বর্জ্য ব্যবস্থাপনা, স্বাস্থ্য, সমাজকল্যাণ ইত্যাদি সেবা প্রদানের ক্ষেত্রেও আরও অনেক অর্জন রয়েছে। মেয়রের বার্তায় এ ধরণের সেবাসমূহের উন্নয়নে জন্য গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করা উচিত যাতে প্রতিদিনের সেবা প্রদানের বিষয়টি অংশীজনদের (স্টেকহোল্ডারদের) নিকট আরো গুরুত্ব পায় এবংস্বীকৃতি লাভ করে কেননা, এধরণের সেবা তাদের নিকট কম দৃশ্যমান হতে পারে ।

১.৩ অর্থবছর ২০--/০০ এবং পরবর্তী বছরগুলোর জন্য আমাদের প্রতিশ্রুতি

চলমান ও আসন্ন বড় প্রকল্প/গৃহীত পদক্ষেপসমূহ

মেয়র তার প্রতিশ্রুতিতে পরবর্তী বছরের জন্য (অর্থাৎ বর্তমান বছর যখন বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে) এবং ভবিষ্যতের বছরগুলোতে চলমান থাকবে এমন প্রকল্পসমূহ, আসন্ন বড় প্রকল্পসমূহ এবং সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ নিয়ে যাবতীয় তথ্য তুলে ধরবেন, যা নাগরিকদেরকে সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ এবং ভিশন উপলব্ধি করতে, বুঝতে ও প্রশংসা করতে সহায়তা করবে। যেমন ট্র্যাফিক জ্যাম, জলাবদ্ধতা, মৌসুমী মহামারী অন্যান্য জনস্বাস্থ্য সম্পর্কিত সমস্যা এবং সুরক্ষা, যা নাগরিকদের জীবন ও কল্যাণের উপর প্রভাব ফেলবে এমন বিষয়গুলো অবশ্যই উল্লেখ থাকতে হবে এবং সেইসাথে

কিভাবে সেগুলো সিটি কর্পোরেশনের নিজস্ব প্রচেষ্টা, সরকারি সংস্থা, নাগরিক এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে মোকাবেলা করা হবে তাও উল্লেখ থাকতে হবে।

অধ্যায় ২: একনজরে সিটি কর্পোরেশন

সেকশন

২.১	**ঐতিহাসিক পটভূমি এবং মূল বৈশিষ্ট্য** - সিটি কর্পোরেশনের উৎপত্তি - আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক সম্পদ এবং শহরের পরিবেশ - আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে শহরের আর্থ-সামাজিক বৈশিষ্ট্য -আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে নগরীর প্রধান শিল্প এবং বাণিজ্য
২.২	**অর্থবছর ২০--/০০ এর উল্লেখযোগ্য অর্জনসমূহ**

এ অধ্যায়ের উদ্দেশ্য হ'ল সিটি কর্পোরেশনের একটি সংক্ষিপ্ত ইতিহাস এবং মূল বৈশিষ্ট্যসমূহ তুলে ধরা। এসব তথ্য পাঠকদের বিশেষ করে নাগরিকদের ও অংশীদারী সংগঠন যারা শহরে তুলনামূলকভাবে নতুন তাদেরকে সিটি কর্পোরেশন সম্পর্কে একটি সম্যক ধারণা পেতে সহায়তা করবে। এ অধ্যায়ের বিস্তারিত বিবরণীর জন্য প্রতিবেদন ফরমেটে প্রদত্ত শিরোনামগুলি অনুসরণ করা যেতে পারে। প্রতিটি সিটি কর্পোরেশনের ভৌগলিক অবস্থা, প্রকৃতি এবং বিশেষ বৈশিষ্ট্যের উপর নির্ভর করে প্রতিটি অংশের তথ্যের পরিমাণ সিটি কর্পোরেশনভেদে পৃথক হতে পারে এবং আরও বেশী তথ্য উপাত্ত উপস্থাপন করা যেতে পারে। পাঠকদের পড়ার সুবিধার্থে তথ্য-উপাত্তগুলোকে সুসংগঠিত, যৌক্তিকভাবে সাজানো ও কার্যকর শব্দ ও বাক্য ব্যবহার করা যেতে পারে। প্রতি বছর নাটকীয়ভাবে এ অধ্যায়ে বর্ণিত তথ্য-উপাত্তসমূহের পরিবর্তন নাও হতে পারে। সুতরাং, বেশিরভাগ অংশগুলো আগের বছরের বার্ষিক প্রতিবেদনের মতোই থাকতে পারে, তবে নতুন কিছু যদি থাকে তা উল্লেখ করা উচিত।

২.১ ঐতিহাসিক পটভূমি এবং মূল বৈশিষ্ট্যসমূহ

<u>সিটি কর্পোরেশন এর উৎপত্তি</u>

সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে ও বিভিন্ন ডকুমেন্টে উল্লেখিত তথ্য ব্যবহার করে কর্পোরেশনের ঐতিহাসিক পটভূমি এখানে বর্ণিত হবে। নিম্নলিখিত প্রশ্নগুলোর আলোকে ঐতিহাসিক পটভূমির বর্ণনা লেখার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করতে পারে।

- জনগণ কখন এ এলাকায় বসতি স্থাপন শুরু করে? তাদের বসতি স্থাপনের কারণ কী ছিল?

- অঞ্চলটিতে কখন এবং কেন নগরায়নের প্রক্রিয়া শুরু হয়েছিল?

- সিটি কর্পোরেশন হিসাবে কখন প্রতিষ্ঠা লাভ করে? সরকার কর্তৃক সিটি কর্পোরেশন প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণের মূল কারণগুলো কী ছিল?

ঐতিহাসিক পটভূমি এবং এতদসংশ্লিষ্ট তথ্যসমূহ সাধারণত সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। এটি ব্রিটিশ আমলে প্রকাশিত জেলা গেজেট এবং বিগত ও সাম্প্রতিক বছরগুলোতে প্রকাশিত অনেক ইতিহাস বইয়েও পাওয়া যাবে।

<u>আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে প্রাকৃতিক সম্পদ এবং শহরের পরিবেশ</u>

সিটি কর্পোরেশন যে অঞ্চলে অবস্থিত তার ভৌগলিক এবং ভূতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো এখানে ব্যাখ্যা করতে হবে। উদাহরণস্বরূপ, নদী, নদী প্রবাহের দিক, প্রধান জলাশয়, মাটির প্রকার এবং গাছপালা বর্ণনা করা যেতে পারে। তথ্য যদি সহজলভ্য হয়, তবে মাসিক বা মৌসুমী গড় তাপমাত্রা, আর্দ্রতা, বৃষ্টিপাত, বায়ুর মান এবং অন্যান্য পরিবেশগত তথ্য যুক্ত করা যেতে পারে।

আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে শহরের আর্থ-সামাজিক বৈশিষ্ট্য

মোট আবাসিক জনসংখ্যা, জনসংখ্যার ঘনত্ব, লিঙ্গ, বয়স ও গোষ্ঠী ভিত্তিক জনসংখ্যা, আনুমানিক দিনের-বেলার জনসংখ্যা (যেমন আবাসিক জনসংখ্যা এবং যারা সিটি কর্পোরেশন এলাকার বাইরে থেকে কাজ করতে আসে তারা) নৃগোষ্ঠী অথবা ধর্মীয় গোষ্ঠীভিত্তিক জনসংখ্যা (যদি প্রাসঙ্গিক হয়), চাকুরিজীবীদের সংখ্যা (নাগরিকদের প্রধান পেশা বা তাদের আয়ের উৎস) ইত্যাদি যতটুকু নির্ভরযোগ্য তথ্য থাকে, তা এ অংশে উপস্থাপন করতে হবে। জনসংখ্যা সম্পর্কিত তথ্য অবশ্যই মাস্টার প্ল্যান বা অনুরূপ সমীক্ষা দ্বারা অনুমিত জনসংখ্যা বা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত সর্বশেষ আদমশুমারি থেকে নেওয়া উচিত। তথ্যের উৎস পরিস্কারভাবে উল্লেখ করা উচিত, কারণ তথ্য কেবল সিটি কর্পোরেশন নয় পরবর্তীতে বিভিন্ন অংশীজন (স্টেকহোল্ডার) এবং অন্যান্য উদ্দেশ্যেও ব্যবহৃত হতে পারে।

আর্থ-সামাজিক কার্যক্রমের ক্ষেত্রে, শহরের সামাজিক বৈশিষ্ট্য হিসেবে সামাজিক বা সাংস্কৃতিক ক্লাব, সমিতি, এনজিও, অন্যান্য সামাজিক দল, চেম্বার অব কমার্স এবং অন্যান্য ব্যবসায়িক সংস্থা এবং পাশাপাশি তাদের উল্লেখযোগ্য কার্যক্রম (যদি থাকে) এবং প্রকাশ্যে-উন্মুক্ত ইভেন্টগুলো (যদি থাকে) উল্লেখ করা যেতে পারে। শিক্ষাপ্রতিষ্ঠান এবং একাডেমিক প্রতিষ্ঠানের সংখ্যা এবং পাশাপাশি তাদের ধরণ, প্রাতিষ্ঠানিক অবস্থান এবং উল্লেখযোগ্য কার্যক্রম বর্ণনা করা যেতে পারে।

আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে শহরের প্রধান শিল্প এবং বাণিজ্য

শহরে অনেক শিল্প ও বাণিজ্যিক সুবিধা রয়েছে। তবে খাত ও প্রকারভেদে সিটি কর্পোরেশনগুলিতে এসব শিল্প-কারখানা ভিন্ন ভিন্ন হতে পারে। তৈরি পোশাক, চামড়া প্রক্রিয়াজাতকরণ, ইস্পাত প্রক্রিয়াজাতকরণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ এবং অন্যান্য বৃহৎ,মাঝারি ও হালকা শিল্পগুলি সাধারণত শহরে অবস্থিত। সিটি কর্পোরেশন এলাকায় কৃষি ও জলজ পণ্য, পোশাক ও অন্যান্য পণ্য, ছোট থেকে বড় বাজার, ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠান, গুদামজাত ব্যবসা ইত্যাদির পাইকারি ও খুচরা ক্রয়-বিক্রয় সম্পর্কিত সাধারণ বাণিজ্যিক কার্যক্রম পরিচালিত হয়। সিটি কর্পোরেশন এলাকার বর্তমান অবস্থা, প্রবণতা এবং শিল্প ও বাণিজ্যিক কার্যক্রমের ভবিষ্যত সম্ভাবনা এবং মূল বৈশিষ্ট্যগুলি এখানে বর্ণিত হবে।

২.২ অর্থবছর ২০--/--এর উল্লেখযোগ্য অর্জনসমূহ

বার্ষিক প্রতিবেদন ফরমেটটিতে নিম্নে উল্লেখিত বিষয়ে বছরের উল্লেখযোগ্য অর্জনসমূহ তুলে ধরতে একটি সারণি দেয়া হয়েছে ।

- অবকাঠামো উন্নয়ন
- বর্জ্য ব্যবস্থাপনা
- জনস্বাস্থ্য (সংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণসহ)
- সমাজকল্যাণ, শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি
- বৃত্তিমূলক প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নসহ প্রাপ্ত বয়স্ক শিক্ষা
- শিশু পার্ক, পার্ক (উদ্যান) ও বনায়ন
- প্রশাসনিক উন্নতিকরণ
- নাগরিক সম্পৃক্ততা
- অন্যান্য উদ্ভাবনিমূলক অর্জন

উল্লেখ্য, প্রতিবেদনের সারণিতে তালিকাভূক্ত আইটেমগুলো উদাহরণ হিসেবে দেয়া হয়েছে। সিটি কর্পোরেশনের যেখানে অনেক অর্জন থাকবে সেক্ষেত্রে প্রতি সেক্টর থেকে দুটি বা তিনটি প্রধান প্রধান অর্জন যা বুলেট পয়েন্ট আকারে সারণিতে বর্ণনা করা উচিত । তবে যদি উল্লেখ করার মত উল্লেখযোগ্য অন্য কোনও অর্জন থাকে তবে সেগুলো সারণিতে যুক্ত হতে পারে।

অধ্যায় ৩: ভিশন ও মিশন

সেকশন

৩.১	**ভিশন**
৩.২	**মিশন**

এ অধ্যায়ের উদ্দেশ্য হচ্ছে সিটি কর্পোরেশনের ভিশন ও মিশন উপস্থাপন করা। ভিশন হচ্ছে শহরের ভবিষ্যতের চিত্র যা সিটি কর্পোরেশনসমূহ অর্জন করতে চায়। মিশন হচ্ছে ভিশন অর্জনে সিটি কর্পোরেশনের ভূমিকা। সিটি কর্পোরেশনের নির্বাচিত প্রতিনিধি, কর্মকর্তা, কর্মচারী এবং নাগরিকদের সাথে আলোচনার করে তাদের কাছ থেকে মতামত নিয়ে (যেসব কার্যক্রম বাস্তবায়ন সম্ভব) ভিশন ও মিশন প্রস্তুত করা হয় এবং সিটি কর্পোরেশনের সাধারণ সভায় তা গৃহীত হয়। সিটি কর্পোরেশনগুলো ইতোমধ্যে উন্নয়ন পরিকল্পনার পাশাপাশি মন্ত্রিপরিষদ বিভাগ সমন্বিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর মাধ্যমে তাদের ভিশন এবং মিশন প্রস্তুত করেছে। উক্ত ভিশন ও মিশন বার্ষিক প্রতিবেদনের এ অধ্যায়ে লিখতে হবে এবং যে কোনও প্রাসঙ্গিক বিবরণ এতে যুক্ত করা যেতে পারে। উল্লেখ্য যে, ভিশন ও মিশন স্থায়ী কোন বিষয় নই। সিটি কর্পোরেশন পরিস্থিতি বিবেচনায় নিয়ে সময়ে সময়ে ভিশন ও মিশন পুনঃনির্ধারণ করতে পারে।

সংক্ষিপ্ত ও অর্থবহ বাক্যে ভিশন ও মিশনের বর্ণনা করতে হবে। নিম্নলিখিত উদাহরণগুলো বিবেচনা করা যেতে পারে।

উদাহরণ ১:
ভিশন: একটি আধুনিক, টেকসই ও বাসযোগ্য শহর।
মিশন: মানসম্মত নাগরিক সেবার মাধ্যমে জীবনযাত্রার মান ও নগরের পরিবেশের উন্নয়ন।

উদাহরণ ২:
ভিশন: পরিবেশবান্ধব, পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর, নিরাপদ ও দারিদ্র্যমুক্ত নগরী।
মিশনঃ জলাবদ্ধতা নিরসন, পরিবেশ সংরক্ষণ ও নগরীর পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য অবকাঠামোগত পরিকল্পনা ও উন্নয়ন, বর্জ্য ব্যবস্থাপনা ও জনস্বাস্থ্য সম্পর্কিত সেবা প্রদান এবং সিটি কর্পোরেশনের সকল পর্যায়ে সুশাসন নিশ্চিত করা।

অধ্যায় ৪: সাংগঠনিক কাঠামো ও মানবসম্পদ

সেকশন

৪.১	**বিভাগ ও জনবল**
৪.২	**কাউন্সিলরগণ**

এ অধ্যায় পাঠকদের সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামো ও অনুমোদিত জনবল এ দুটি বিষয় বুঝতে সহায়তা করবে: কার্যনির্বাহী (সিইও, সচিব এবং প্রশাসন ও সেবা প্রদানকারী বিভাগ) এবং নীতি-নির্ধারণী/ তদারকি (কাউন্সিলর)। কার্যনির্বাহী (৪.১) এর জন্য প্রতিটি বিভাগে নিযুক্ত অফিসার, নিয়োগকর্তা এবং চুক্তিভিত্তিক কর্মীদের সংখ্যা ছকের (ফরমেটের) সংশ্লিষ্ট সারণিতে অন্তর্ভুক্ত করতে হবে। অনুমোদিত পদের সংখ্যা ও পূরণকৃত পদের সংখ্যা উভয় বিবেচনায় কর্মকর্তা-কর্মচারীদেরকে তাদের শ্রেণি অনুযায়ী বন্টন করতে হবে। প্রতিটি বিভাগ/শাখার জন্য চুক্তিভিত্তিক কর্মীদের (দৈনিক কর্মীসহ) সংখ্যাও এখানে উল্লেখ করা হয়েছে। মানবসম্পদ সম্পর্কিত তথ্য প্রশাসন বিভাগ বা মানবসম্পদ পরিচালনার দায়িত্বে যিনি রয়েছেন তিনি বা কর্মীর বেতন পরিচালনার জন্য হিসাব বিভাগের যিনি দায়িত্বপ্রাপ্ত তাকে সরবরাহ করতে হবে। উল্লেখ্য যে, সিটি কর্পোরেশন যদি তাদের বিভাগীয় কাঠামো বিশদভাবে উপস্থাপন করতে চায়, তাহলে সময়-সুযোগ থাকা সাপেক্ষে সারণির শেষে যুক্ত করা যেতে পারে।

এছাড়াও সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোর অবস্থা, অর্থাৎ বর্তমান সাংগঠনিক কাঠামোটি কখন অনুমোদিত হয়েছিল, কখন সংশোধিত সাংগঠনিক কাঠামোটি প্রস্তাব করা হয়েছিল (প্রযোজ্যক্ষেত্রে) এবং প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোর বর্তমান অবস্থা উল্লেখ করতে হবে।

আইনি কার্যক্রম / তদারকির জন্য (৪.২) ওয়ার্ডগুলির সাথে সংশ্লিষ্ট সকল কাউন্সিলরগণের নাম ফরমেটে প্রদত্ত সারণিতে উপস্থাপন করতে হবে।

অধ্যায় ৫ : বাজেট ও আর্থিক

সেকশন

৫.১	**সংক্ষিপ্ত বাজেট বিবরণী** (১) আয়/প্রাপ্তি (রাজস্ব) (২) পরিশোধ (ব্যয়)
৫.২	**রাজস্ব আদায়** (১) হোল্ডিং ট্যাক্স (২) ওয়ার্ড ভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায় (৩) সময়মত হোল্ডিং ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ (৪) অন্যান্য প্রধান প্রধান রাজস্ব আয়ের উৎস (৫) অন্যান্য নিজস্ব উৎসে আয় বৃদ্ধি করতে উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ

এ অধ্যায়ের উদ্দেশ্য হলো প্রতিবেদনের বছরে সিটি কর্পোরেশনের আর্থিক সম্পাদনার সারসংক্ষেপ ও মূল দিকগুলো উপস্থাপন করা, যদিও চূড়ান্ত ও সম্পূর্ণ তথ্য বছর শেষে বার্ষিক হিসাব বিবরণীতে উল্লেখ করা হবে।

৫.১ বাজেট বিবরণী

এ অধ্যায়ে (১) প্রাক্কলিত বাজেট ও প্রকৃত বাজেটের পরিমাণ এবং (২) রাজস্ব ও উন্নয়ন উভয় হিসাবের মোট প্রাপ্তি (রাজস্ব) এবং পরিশোধ (ব্যয়) উপস্থাপন করা হবে।

উল্লেখ্য যে, বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত সম্পন্ন হলে প্রকৃত বাজেট অর্থাৎ চূড়ান্ত প্রাপ্তি ও পরিশোধ নির্ধারণ করা হবে। এখানে,

প্রাক্কলিত পরিমাণ, যা পরবর্তী (চলতি) অর্থবছরের বাজেটের জন্য ব্যবহৃত হয়েছিল তা উপস্থাপিত হবে।

প্রতিবেদনের বছরের আগের অর্থবছরের প্রাক্কলিত ও প্রকৃত প্রাপ্তি এবং পরিশোধ একই সাথে দেখানো হবে, যাতে প্রতিবেদনের বছরের বাজেটের কার্যসম্পাদনকে সামষ্টিক স্তরে তুলনামূলক দৃষ্টিকোণ থেকে ধরা যায়। সিটি কর্পোরেশনসমূহ পুরনো তথ্য উপস্থাপনের লক্ষ্যে বিগত কয়েক বছরের বাজেট সংক্রান্ত তথ্য যোগ করতে পারে। সার্বিকভাবে এটি একটি অনুকরণীয় দৃষ্টান্ত হিসাবে বিবেচিত হতে পারে ।

প্রতিবেদনের বছরে (সারণির (খ)-তে বর্ণিত প্রকৃত পরিমাণ এবং সারণির (ক)-তে বর্ণিত প্রাক্কলিত বাজেট), (খ) কে (ক) এর শতকরা হারে এর তুলনা করা হবে। এছাড়াও, প্রতিটি কম্পোনেন্ট এর শতকরা হারকে যোগ করে মোট অংশ হিসাব করা হবে।

বিস্তারিত তথ্য সংযুক্তি হিসাবে উপস্থাপন করতে হবে। সংযুক্ত সারণীটি সরকার অনুমোদিত বাজেটিং এবং অ্যাকাউন্টিং ক্লাসিফিকেশন সিস্টেম (বিএসিএস) এর সাথে সামঞ্জস্য রেখে ২০২৩ সালে এলজিডি কর্তৃক জারিকৃত বাজেট ফর্মের সংক্ষিপ্ত অংশের সাথে সাদৃশ্যপূর্ণ।

৫.২ রাজস্ব আদায়

এ অধ্যায়টি হলো সিটি কর্পোরেশনের নিজস্ব রাজস্ব আয়ের উৎস বিশেষত হোল্ডিং ট্যাক্সকে কেন্দ্র করে রাজস্ব সংগ্রহের সক্ষমতা উপস্থাপন করা, যা সাধারণত সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের সবচেয়ে বড় উৎস হিসেবে বিবেচিত।

"(১) হোল্ডিং ট্যাক্স" এর অধীনে প্রথম সারণিটি হলো হোল্ডিং ট্যাক্স আদায়ের সাথে সম্পর্কিত প্রতিটি কম্পোনেন্ট অর্থাৎ বিল্ডিং ও ভূমি, কনজারভেন্সী, সড়কবাতি স্বাস্থ্য এবং পানিসরবরাহ (যদি সিটি কর্পোরেশন পানি সরবরাহ করে থাকে ও পানির জন্য বিল সংগ্রহ করে থাকে) প্রাক্কলিত বাজেট (পরিকল্পিত) ও প্রকৃত রাজস্ব আদায় উপস্থাপন করা। (উল্লেখ্য, প্রাক্কলিত বাজেটে করের পরিমাণ "চাহিদা" হিসেবে বিবেচিত) শেষ কলামে ('ক' সারণিতে বর্ণিত) বাজেটের পরিমাণ এর তুলনায় ('খ' সারণিতে বর্ণিত) প্রকৃত আদায়ের শতাংশ হারের গুণন করে দেখানো হয়েছে, এ শতাংশের হার হচ্ছে "আদায় দক্ষতা"। প্রতিবেদনের বছরের পূর্বের বছরের কম্পোন্যান্টভিত্তিক প্রকৃত আদায়ের চিত্রও উপস্থাপন করা হবে। সিটি কর্পোরেশনসমূহ এ সংক্রান্ত বিগত কয়েক বছরের তথ্যও যোগ করতে পারে। সার্বিকভাবে এটি অনুকরণীয় অনুশীলন হিসাবে বিবেচিত হতে পারে।

দ্বিতীয় সারণি "(২) হোল্ডিং ট্যাক্স দাবী ও আদায়ের বিভাজন" হলো বর্তমান ও বকেয়ার পরিমাণের বিভাজনসহ প্রতিবেদন বছরের জন্য একই তথ্য উপস্থাপন করা, কারণ বকেয়ার পরিমাণ হলো কর আদায় ও দক্ষতার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ সূচক।

তৃতীয় সারণি "(৩) ওয়ার্ডভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায়" হলো প্রতিটি ওয়ার্ডের মোট হোল্ডিং ট্যাক্স আদায়ের তথ্য উপস্থাপন করা। প্রতিবেদন বছরের পূর্ববর্তী বছরের প্রকৃত আদায় এখানে উল্লেখ করতে হবে। যদি সম্ভব হয় প্রতিটি ওয়ার্ডের বকেয়া তথ্যের জন্য চতুর্থ সারণি "(৪) ওয়ার্ডভিত্তিক হোল্ডিং ট্যাক্স-এর বকেয়া ও চলতি আদায়" ব্যবহার করতে পারে।

হোল্ডিং ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত ও পদক্ষেপগুলি "(৫) এর কলামে বর্ণিত 'সময়মতো হোল্ডিং ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ"-এ সংক্ষেপে বর্ণনা করতে হবে।

"(৬) এর অধীনে 'অন্যান্য প্রধান প্রধান আয়ের উৎস" সারণিটি হলো ট্যাক্স ব্যতীত কর্পোরেশনের নিজস্ব উৎস থেকে আদায়কৃত প্রাক্কলিত ও প্রকৃত পরিমাণ উপস্থাপন করা। অন্যান্য নিজস্ব উৎসের আয় হলো ট্রেড লাইসেন্স, বিজ্ঞাপন কর এবং বাজার ফি। বাজেটে প্রাক্কলিত পরিমাণ ও প্রকৃত পরিমাণের মধ্যে পার্থক্য হিসাব করা হবে, যেমনটি হোল্ডিং ট্যাক্স আদায়ের ক্ষেত্রে করা হয়েছে।

অন্যান্য আয়ের উৎস থেকে আদায় বৃদ্ধি করার জন্য সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং পদক্ষেপগুলি সংক্ষেপে "(৭) - এর "অন্যান্য রাজস্ব উৎস থেকে আয়ের পরিমাণ বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ" এর অধীনে সংক্ষেপে বর্ণনা করতে হবে।

অধ্যায় ৬: অবকাঠামো উন্নয়ন

সেকশন

৬.১	প্রতিবেদন প্রস্তুতের বছরের **অবকাঠামোগত** উন্নয়ন প্রকল্প**/কাজসমূহ (গৃহীত ও চলমান)** ক) অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রকল্প/কাজসমূহ ক ১) সিটি কর্পোরেশনের নিজস্ব আয় হতে বাস্তবায়িত/গৃহীত কার্যক্রমের বিবরণ ক ২) ডিপিপি বহির্ভূত সরকারি অর্থায়নে বাস্তবায়িত/গৃহীত কার্যক্রমের বিবরণ খ) সরকারি অনুদানে বাস্তবায়িত ডিপিপি প্রকল্প গ) বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন প্রকল্প
৬.২	**ক্রমপুঞ্জিত উন্নয়ন অর্জনসমূহ**

সিটি কর্পোরেশনের বাজেটের একটি উল্লেখযোগ্য অংশ কর্পোরেশনের ভৌত অবকাঠামো উন্নয়নে ব্যয় করা হয়। এ অধ্যায়ে, সিটি কর্পোরেশন প্রতিবেদনের বছরে কোন ধরণের অবকাঠামো উন্নয়নে বাজেটের কত টাকা ব্যয় করা হয়েছে সেগুলো বর্ণনা করবে। যেহেতু একাধিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প গত এক বছরেরও অধিক সময় ধরে বাস্তবায়িত হয়ে আসছে, তাই যেসকল প্রকল্পগুলো পূর্ববর্তী বছর বা তারও আগে শুরু হয়েছিল সে সকল প্রকল্পগুলো সম্পর্কে বর্ণনা করতে হবে যাতে চলমান অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলো সম্পর্কে একটি সম্পূর্ণ চিত্র উপস্থাপন করা যায়। অধিকন্তু, সকল ভৌত অবকাঠামো প্রকল্পের ক্রমপুঞ্জিভূত তথ্য-উপাত্ত উপস্থাপন করতে হবে। এটি নাগরিকদের সিটি কর্পোরেশন কর্তৃক অর্জিত ও মালিকানাধীন সমস্ত সম্পদ সম্পর্কে ধারণা পেতে সহায়তা করবে। এছাড়া এটি কর্পোরেশনের দায়িত্বশীল কর্মকর্তা - কর্মচারীদের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের তালিকা হালনাগাদ রাখতে আরও বেশি মনোযোগী হতে সহায়তা করবে।

৬.১ উন্নয়নমূলক প্রকল্প এবং প্রধান মেরামত কার্যক্রম

এখানের সারণিগুলো তহবিলের ধরণ অনুযায়ী BACS-ভিত্তিক বাজেট ফর্মে মূলধন বিনিয়োগের শ্রেণীর সাথে মিলে যায়। শ্রেণীগুলো হল:

ক) অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রকল্প/কাজসমূহ
খ) সরকারি অনুদানে বাস্তবায়িত ডিপিপি প্রকল্প
গ) বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন প্রকল্প

ক্যাটাগরি এ-কে আবার দু'ভাগে বিভক্ত করা হয়েছে, যথা: সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত/গৃহীত প্রকল্প এবং ডিপিপি বহির্ভূত সরকারি অর্থায়নে বাস্তবায়িত/গৃহীত প্রকল্প। ডিপিপি অনুমোদিত প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ বাদ দিয়ে ডিপিপি বহির্ভূত সরকারি তহবিল সাধারণত বার্ষিক উন্নয়ন কর্মসূচ'র (এডিপি) অনুদান। প্রতিটি ক্যাটাগরির জন্য, সিটি কর্পোরেশন নির্ধারিত ক্যাটাগরি অনুযায়ী উন্নয়ন প্রকল্প ও প্রধান মেরামত কার্যক্রমগুলো তালিকাভুক্ত করবে। উল্লেখ্য, "প্রধান মেরামত কার্যক্রমসমূহ" মূলত: সময় সময় রক্ষণাবেক্ষণ বা পুনর্বাসন কার্যক্রমকে বোঝায়, যেটি অবকাঠামোগত সম্পদ বৃদ্ধি বা সম্পত্তি পুনরুদ্ধার বিষয়টি যুক্ত, তবে এটি কর্পোশেনের প্রদত্ত সেবা প্রদানের প্রাত্যহিক বা রুটিনমাফিক রক্ষণাবেক্ষনের কাজসমূহ এখানে অন্তর্ভুক্ত হবেনা। নিম্নের চিত্র-৪ এ উন্নয়ন প্রকল্প ও প্রধান মেরামত কার্যক্রমসমূহ এবং রাজস্ব ও উন্নয়ন বাজেটের মধ্যে সম্পর্ক তুলে ধরা হয়েছে।

	কার্যক্রম	**বাজেট (হিসাব)**
অপারেশন	অপারেশন	রাজস্ব বাজেট (আবর্তক)
	মনিটরিং	
রক্ষণাবেক্ষণ	নিয়মিত রক্ষণাবেক্ষণ	
	জরুরি রক্ষণাবেক্ষণ	
	পুনর্বাসন/নির্দিষ্ট সময় অন্তর রক্ষণাবেক্ষণ	উন্নয়ন বাজেট (মূলধন)
উন্নয়ন	উন্নয়ন	
	নতুন নির্মাণ কাজ	

(উৎস: এলজিইডি, ২০১৫)

চিত্র ৪: উন্নয়ন প্রকল্প ও প্রধান মেরামত কার্যক্রমসমূহ

সারণির দ্বিতীয় কলামে প্রকল্প আরম্ভের বছর উল্লেখ করতে হবে। অর্থাৎ সিটি কর্পোরেশন কেবল প্রতিবেদনের বছরই নয়, পূর্ববর্তী বছরে শুরু হওয়া প্রকল্পগুলোও এখানে উল্লেখ করবে যদি প্রকল্পটি প্রতিবেদনের বছরেও চলমান থাকে। তৃতীয় ও চতুর্থ কলামে যথাক্রমে 'ব্যয় প্রাক্কলন' ও 'প্রকৃত ব্যয়' উল্লেখ করতে হবে। 'ব্যয় প্রাক্কলন' বলতে মূলত প্রকল্পটি পরিকল্পনার সময় গৃহীত প্রাক্কলিত বাজেটকে বুঝাবে। 'প্রকৃত ব্যয়' হলো প্রকল্পের জন্য ব্যয় করা মোট ব্যয়।

শেষ দুটি কলামে প্রকল্পের ভৌত অবকাঠামো (কাজ) এবং আর্থিক (পরিশোধ) অগ্রগতি দেখাতে হবে। পুরকৌশলের প্রচলিত পদ্ধতি ও চুক্তি ব্যবস্থাপনা অনুসরণ করে ভৌত অবকাঠামোর অগ্রগতি রেকর্ড করা হবে; উদাহরণস্বরূপ, যদি কোন রাস্তা বা ড্রেন নির্মাণ প্রকল্প হয়, তবে এটি মোট দূরত্বের (কিলোমিটার) শতকরা কত ভাগ কাজ সম্পন্ন হয়েছে তার শতাংশ হিসাবে প্রকাশ করা যেতে পারে। আর্থিক অগ্রগতির জন্য, মোট চুক্তির পরিমাণের বিপরীতে কি পরিমাণ অর্থ পরিশোধ বা ব্যয় করা হয়েছে সেটি এ কলামগুলোতে লিখতে হবে।

৬.২ ক্রমপুঞ্জিত উন্নয়ন অর্জনসমূহ

এ অধ্যায়ে প্রতিবেদনের বছরের শেষান্তে এবং পূর্ববর্তী বছরের প্রতিটি খাত বা অবকাঠামোগত ক্যাটাগরিসমূহের (যেমন: রাস্তা, ড্রেন, ব্রিজ, কালভার্ট, সড়কবাতি, মার্কেট ইত্যাদি) ক্রমপুঞ্জিত উন্নয়নসংক্রান্ত অর্জনগুলো উপস্থাপন করবে। এ অর্জনগুলো অবকাঠামোর ধরণের উপর নির্ভর করে দূরত্ব (কিলোমিটার/মিটার) বা সংখ্যার দিক বিবেচনা করে প্রকাশ করা হয়। এটি সিটি কর্পোরেশনের উন্নয়নের একটি পরিমাপক এবং এ তথ্যটি জনসংখ্যা ও এলাকাভিত্তিক তথ্য-উপাত্তের সমন্বয়ে সিটি কর্পোরেশনগুলোর তুলনামূলক পার্থক্য নির্ধারণ ও তদানুযায়ী সিটি কর্পোরেশনের ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা গ্রহণে তদুপরি, সরকার কর্তৃক সম্পদ বরাদ্দের জন্য ব্যবহার করা যেতে পারে। যদি সিটি কর্পোরেশনে পর্যাপ্ত তথ্য-উপাত্ত না পাওয়া যায়, তবে উক্ত সেল/ঘরগুলো আপাতত ফাঁকা রাখা যেতে পারে। অথবা যদি সুনির্দিষ্ট তথ্য (যেমন, বিভিন্ন ধরণের রাস্তা ড্রেনের ডাটা) পাওয়া না যায়, সেক্ষেত্রে কর্পোরেশন বিদ্যমান কোন তথ্য ব্যাখ্যাসহকারে উপস্থাপন করতে পারে। সিটি কর্পোরেশন পরবর্তী এবং ভবিষ্যত বছরের জন্য বিদ্যমান অবকাঠামো ও এগুলোর গুনগত ও সংখ্যাগত তথ্য সংরক্ষণ করবে যাতে তারা নির্ভূলভাবে এ সারণিটি পূরণ করতে সক্ষম হয়।

অধ্যায় ৭: অবকাঠামো পরিচালনা ও রক্ষণাবেক্ষণসহ অন্যান্য সেবামূলক কার্যক্রমসমূহ

সেকশন

৭.১	**সচিবের দপ্তর** (১) প্রধান সেবাসমূহ (২) অর্জনের সূচকসমূহ (৩) পূর্ববর্তী বছরের চাইতে উল্লেখযোগ্য পরিবর্তনের বিষয়ে ব্যাখ্যা
৭.২	**রাজস্ব বিভাগ** (১) – (৩)
৭.৩	**প্রকৌশল বিভাগ** (১) – (৩)
৭.৪	**বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ** (১) – (৩)
৭.৫	**স্বাস্থ্য বিভাগ** (১) – (৩)
৭.৬	**সমাজ কল্যান, শিক্ষা ও সংস্কৃতি** (১) – (৩)

এ অধ্যায়ে অবকাঠামো উন্নয়ন (যা অধ্যায়-৬ এ বর্ণনা করা হয়েছে) ব্যতীত সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগ/ শাখাসমূহ কর্তৃক প্রদত্ত নাগরিক সুবিধাদির মূল বৈশিষ্ট্যগুলো বর্ণনা করা হবে। ফরমেটটিতে সাতটি বিভাগ/ শাখা দেওয়া হয়েছে। এছাড়াও, সিটি কর্পোরেশন ইচ্ছে করলে আরো অন্যান্য বিভাগ/শাখা বা ইউনিট যুক্ত করতে পারে যদি তারা নাগরিকদের অতিরিক্ত অন্যান্য নির্দিষ্ট সেবা প্রদান করে থাকে। প্রতিটি বিভাগ/শাখাসমূহকে নিম্নলিখিত তিনটি বিষয় বিবেচনায় রেখে প্রতিবেদন প্রস্তুত করতে হবে:

(১) প্রধান সেবাসমূহ: কর্পোরেশনের বিভাগ /শাখা কর্তৃক প্রদত্ত সেবাসমূহের বর্ণনা করা।

(২) অর্জনের সূচকসমূহ: প্রতিটি বিভাগ/ শাখাসমূহের জন্য প্রদত্ত সারণিতে সূচকসমূহের তালিকা প্রদান করা হয়েছে যার মাধ্যমে সিটি কর্পোরেশনগুলো যতদূর সম্ভব সংখ্যাগতভাবে সেবাপ্রদানের মাত্রা পরিমাপ করতে পারে। এছাড়া, সিটি কর্পোরেশনের যদি আরো অন্য কোন সূচক সম্পর্কে ধারণা থাকে, যার মাধ্যমে সংখ্যাগত তথ্য সহজেই পাওয়া যায় অথবা সহজেই তথ্য সন্নিবেশিত করা সম্ভব, সেক্ষেত্রে কর্পোরেশন সেগুলো সারণিতে যুক্ত করতে পারে এবং তদানুযায়ী তথ্য সংরক্ষণ করতে পারে। সূচকের সাথে সম্পর্কিত কোন তথ্য-উপাত্ত যদি না পাওয়া যায়, তাহলে সেখানে "প্রযোজ্য নয়" কথাটি লিখতে হবে। সংশ্লিষ্ট বিভাগ/শাখাসমূহ তাদের অধীনে বাস্তবায়িত পরিষেবাগুলির রেকর্ড সংরক্ষণ করবে যাতে ভবিষ্যতে সংখ্যাসূচক তথ্য - উপাত্তসমূহ খুব সহজেই বার্ষিক প্রতিবেদনে প্রদান করা সম্ভব হয়।

(৩) পূর্ববর্তী বছরের চাইতে উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যাখ্যা: এ অংশটি উপরের (২) এর সাথে সম্পর্কিত অর্থাৎ সেবা প্রদানের মাত্রায় পূর্ববর্তী বছরের চাইতে উল্লেখযোগ্য পরিবর্তনের ক্ষেত্রে যে কারণগুলি অবদান রেখেছিল তা ব্যাখ্যা করা, এটি হোক ইতিবাচক বা নেতিবাচক। পরিবর্তন যদি সামান্য হয় বা পরিবর্তনের কারণগুলি জানা না থাকে, তাহলে উক্ত ঘরটি ফাঁকা/খালি রাখতে হবে।

অধ্যায় ৮: প্রশাসনিক উন্নয়ন ও উদ্ভাবনীমূলক কার্যক্রম

সেকশন

৮.১	**লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম, উদ্দেশ্য ও ফলাফলসমূহ**
৮.২	**দক্ষতা উন্নয়ন (প্রশিক্ষণ)**

৮.১ লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম, উদ্দেশ্য ও ফলাফলসমূহ

এ অধ্যায়ে সিটি কর্পোরেশনের সুনির্দিষ্ট কার্যক্রমগুলোকে লক্ষ্য করে প্রশাসনিক উন্নয়ন বা উদ্ভাবনীমূলক কার্যক্রমগুলো বর্ণনা করে হবে। সিটি কর্পোরেশনের কোনো বিভাগ বা শাখা প্রতিবেদনের বছরে যদি সুনির্দিষ্ট সমস্যা চিহ্নিত করে এবং তা সমাধাণের জন্য কার্যক্রম/উদ্ভাবনীমূলক কার্যক্রম বাস্তবায়ন করে থাকে, তাহলে এ সংক্রান্ত কার্যক্রম ও ফলাফল বা অগ্রগতি এ অংশে উল্লেখ করা উচিত। লক্ষিত কার্যক্রমসমূহ সিটি কর্পোরেশনের পরিষেবা-সংক্রান্ত কার্যক্রমের পাশাপাশি অভ্যন্তরীন কার্যক্রম যেমন: প্রশাসনিক কার্যক্রম, আর্থিক প্রক্রিয়া এবং সাংগঠনিক ব্যবস্থার সাথে সরাসরি সম্পর্কিত হতে পারে। কাইজেন, বা নিয়মিত প্রচষ্টোর মাধ্যমে ক্রমাগত উন্নতি সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়িত হলে এখানে বর্ণনা করা যেতে পারে। টিমের সদস্যদের সম্মতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্ল্যান-ডু-চেক-অ্যাকশন (পিডিসিএ) চক্র ব্যবহারের মাধ্যমে উন্নয়ন-সংক্রান্ত/উদ্ভাবনীমূলক কার্যক্রমগুলো অবশ্যই নিয়মতান্ত্রিকভাবে বাস্তবায়ন করতে হবে।

৮.২ দক্ষতা উন্নয়ন (প্রশিক্ষণ)

এখানে অভ্যন্তরীণ মানবসম্পদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সিটি কর্পোরেশনের প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত তথ্য-উপাত্ত উপস্থাপন করা হবে। প্রদত্ত ছকের সারণিতে প্রতিবেদনের বছরে অনুষ্ঠিত প্রশিক্ষণের বিষয় এবং প্রশিক্ষিত কর্মকর্তা-কর্মচারী ও নির্বাচিত জনপ্রতিনিধির সংখ্যা উল্লেখ করতে হবে। সিটি কর্পোরেশন যদি বছরব্যপী অনুষ্ঠিত প্রশিক্ষণ সম্পর্কিত একটি প্রতিবেদন প্রস্তুত করে, তাহলে উক্ত সারণিটি পূরণ করার প্রয়োজনীয় তথ্য এ প্রতিবেদন থেকে সহজেই পাওয়া যাবে।

অধ্যায় ৯: কর্পোরেশন ও কমিটির সভাসমূহ

সেকশন

৯.১	**সিটি কর্পোরেশনের সাধারণ সভা**
৯.২	**স্থায়ী কমিটির সভাসমূহ**

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ -এর ধারা ৪৯ থেকে ৬১ অনুসারে, সিটি কর্পোরেশন মেয়র ও কাউন্সিলরদের নিয়ে একটি সভার আয়োজন করবে, যা সাধারণতঃ কর্পোরেশনের সাধারণ সভা হিসাবে বিবেচিত এবং কর্পোরেশন প্রতি মাসের প্রথম সপ্তাহের যে কোন কার্য দিবসে অন্যূন একবার সাধারণ সভায় মিলিত হবে। স্থায়ী কমিটিসমূহের সভাও সময় সময় আয়োজন করতে হবে। কর্পোরেশনের সাধারণ সভা এবং স্থায়ী কমিটি'র সভা উভয়ই সিটি কর্পোরেশেনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে নীতি-নির্ধারণী ভূমিকা পালন করে থাকে।

এ অধ্যায়ে উক্ত সভাগুলো সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ প্রদান করতে হবে। সভার কার্যবিবরণী জনসাধারণের জন্য উন্মুক্ত করা হলে (স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৫৭ (৩)এ বলা হয়েছে যে, সিটি কর্পোরেশনের প্রতিটি সভার কার্যবিবরণী কাউন্সিলরদের মধ্যে যথাসময়ে বিতরণ করিতে হইবে এবং যথাসম্ভব ওয়েবসাইটে প্রদান করিতে হইবে), সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত বা সুপারিশ গ্রহণের ক্ষেত্রে কর্পোরেশনের ভূমিকা সম্পর্কে নাগরিক এবং অন্যান্য অংশীজনদের দ্রুত বোঝার সুবিধার্থে এবং একই সাথে নাগরিকদের প্রতি তাদের জবাবদিহিতার ক্ষেত্রে অবদান রাখবে।

স্থায়ী কমিটিসমূহের সদস্যদের নামের তালিকা নির্দিষ্ট সারণিতে প্রদান করতে হবে যাতে করে নাগরিকগণ স্থায়ী কমিটি'র সংশ্লিষ্ট কাউন্সিলরদের সাথে যোগাযোগ করতে সক্ষম হন।

সাধারণ সভা এবং স্থায়ী কমিটির সভাসমূহের কার্যবিবরণীগুলো সাধারণত প্রশাসনিক শাখায় এবং সিটি কর্পোরশরেন ওয়েবসাইটে পাওয়া যায়। সভার কার্যবিবরণীগুলোতে সভার সিদ্ধান্ত এবং সুপারিশ বিস্তারিতভাবে বর্ণনা করা থাকে। সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে সন্নিবেশিত করার উদ্দেশ্যে মূল বিষয়গুলো সংক্ষিপ্তভাবে সাজিয়ে রাখতে হবে।

অধ্যায় ১০: নাগরিক সম্পৃক্ততা

সেকশন

১০-১	ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটির (ডব্লিউএলসিসি) সভা
১০.২	সিটি লেভেল কোঅর্ডিনেশন কমিটির (সিএলসিসি) সভা
১০.৩	জনতার মুখোমুখি সভা/বড় জনসভা
১০.৪	জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম
১০.৫	নাগরিক মতামত এবং অভিযোগ প্রতিকার (১) অভিযোগ প্রতিকার (২) উল্লেখযোগ্য অভিযোগ এবং মতামতসমূহ (৩) নাগরিক জরিপ-এর সংক্ষিপ্ত ফলাফল (যদি পরিচালিত হয়)

“সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা" (এলজিডি, ২০২০) - এ নাগরিকদের সম্পৃক্তকরণের বিভিন্ন পদ্ধতি সম্পর্কে বর্ণনা করা হয়েছে। এ অধ্যায়ে সিটি কর্পোরেশনের সাথে নাগরিকদের সম্পৃক্তকরণ বিষয়ক কর্মকান্ডগুলো বর্ণনা করতে হবে। প্রথম তিনটি সেকশন ১০.১-১০.৩-এ তিন ধরণের কর্পোরেশন-নাগরিক ফোরামের কর্মকান্ড বর্ণনা করতে হবে: ওয়ার্ড পর্যায়ের সমন্বয় কমিটি (ডব্লিউএলসিসি), সিটি লেভেল কোঅর্ডিনেশন কমিটি (সিএলসিসি) এবং জনঅংশগ্রহণে জনসভা বা জনতার মুখোমুখি অনুষ্ঠান। চতুর্থ সেকশন ১০-৪- এ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম বর্ণনা করতে হবে। পঞ্চম সেকশন ১০-৫-এ নাগরিক মতামত এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা পরিচালনা এবং ফলাফল বর্ণনা করতে হবে। যদি সিটি কর্পোরেশনসমূহ ইতোমধ্যে এটি চালু করে থাকে।

১০.১ ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি)

ওয়ার্ড লেভেল কোঅর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) হলো ওয়ার্ডভিত্তিক একটি কর্পোরেশন-নাগরিক ফোরাম। এ কমিটির সভাপতি হলেন সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর এবং সহ-সভাপতি হলেন উক্ত সংরক্ষিত ওয়ার্ডের নারী কাউন্সিলর। ডব্লিউএলসিসি কমিটির কাযর্ক্রমসমূহ “সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা” (এলজিডি ২০২০)- তে বর্ণনা করা হয়েছে। প্রতিটি ডব্লিউএলসিসি নির্দিষ্ট সময় অন্তর অন্তর (ত্রৈমাসিক) সভার আয়োজন করবে যা ফরম্যাটে প্রদত্ত ওয়ার্ড-ভিত্তিক সারণিতে তথ্য প্রদান করতে হবে। সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিটি ডব্লিউএলসিসি সভার কার্যবিবরণী সংগ্রহ করবেন এবং সভার তারিখ, আলোচ্য বিষয় এবং মূল সিদ্ধান্ত বা সুপারিশগুলো সারণিতে প্রদান করবেন। সভার সংখ্যা, আলোচ্য বিষয় এবং সিদ্ধান্ত বা সুপারিশগুলো উক্ত ওয়ার্ডের কর্মসম্পাদনার সূচক হিসেবে বিবেচিত হবে।

১০.২ সিটি লেভেল কোঅর্ডিনেশন কমিটির (সিএলসিসি)

সিএলসিসি হলো সিটি কর্পোরেশন পর্যায়ের একটি কর্পোরেশন-নাগরিক ফোরাম। কমিটির সভাপতি হলেন মেয়র এবং সদস্য হিসেবে কর্পোরেশনের কর্মকর্তা, নির্বাচিত কাউন্সিলর এবং কর্পোরেশন কর্তৃক মনোনীত বিভিন্ন নাগরিক সমাজ, সমাজকর্মী, ব্যবসায়ী ও বিভিন্ন পেশাজীবি গোষ্ঠীর প্রতিনিধি। সিএলসিসির গঠন এবং কার্যপরিধি "সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা" (এলজিডি, ২০২০) তে বর্ণিত হয়েছে। সিএলসিসি বছরে কমপক্ষে দু'বার সভার আয়োজন করবে। সভার কাযবিবরণী সাধারণ শাখায় সংরক্ষিত থাকবে। সভার আলোচ্যসূচি এবং সিদ্ধান্ত বা সুপারিশগুলো নাগরিক সম্পৃক্তকরণের বিষয়ে সিটি কর্পোরেশনের কর্মসম্পাদনার সূচক হিসেবে বিবেচিত হবে।

১০.৩ গণজমায়েত বা জনতার মুখোমুখি অনুষ্ঠান

মেয়রের নেতৃত্বে গণজমায়েত বা জনতার মুখোমুখি অনুষ্ঠান নাগরিকদের সাথে মত-বিনিময়ের একটি প্রচলিত মাধ্যম বা প্লাটফর্ম। "সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা" (এলজিডি, ২০২০)-তে গণজমায়েত বা জনতার মুখোমুখি অনুষ্ঠান আয়োজনের পদ্ধতিসমূহ বর্ণিত আছে। প্রতিবেদনের বছরে সিটি কর্পোরেশন যদি গণজমায়েত বা জনতার মুখোমুখি অনুষ্ঠানের আয়োজন করে থাকে, তাহলে সভার প্রধান আলোচিত বিষয় ও সিদ্ধান্তসমূহ প্রদত্ত ফরম্যাটে প্রদান করতে হবে।

১০.৪ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম

জনসচেতনতা বৃদ্ধিমূলক র‍্যালি ও প্রচার কার্যক্রম সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণের একটি কার্যকর মাধ্যম, যেটি "সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা" (এলজিডি, ২০২০)-তে বর্ণিত রয়েছে। বলা বাহুল্য, প্রতিটি কার্যক্রমের নির্দিষ্ট প্রতিপাদ্য বা বিষয়ে সুস্পষ্টভাবে পরিকল্পনা করতে হবে, যেমন, লক্ষ্যভূক্ত এলাকা, কমিউনিটি গ্রুপ ও পরিচালনা পদ্ধতি ইত্যাদি। অনুষ্ঠানে অংশগ্রহণকারী আনুমানিক সংখ্যক নাগরিকদের গণনা করতে বা হিসেব রাখতে হবে যাতে সিটি কর্পোরেশন সহজেই আউটরিচের সংখ্যা (তথ্য প্রচারের মাত্রা) মূল্যায়ন করতে পারে। কর্পোরেশন যদি প্রতিবেদনের বছরে এ জাতীয় কোন অনুষ্ঠান আয়োজন করে থাকে তাহলে সেগুলিও বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে।

১০.৫ নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার

"সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা" (এলজিডি, ২০২০) নাগরিকদের মতামত ও অভিযোগ গ্রহণ এবং অভিযোগগুলোর প্রতিকার প্রদানের বিষয়ে মৌলিক নীতি এবং পদ্ধতি ব্যাখ্যা করে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গৃহীত এবং ২০২০ সালে সকল সিটি কর্পোরেশনে জারীকৃত নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার বিষয়ক মডেল প্রবিধানগুলিতে এতদসংক্রান্ত বিশদ বিবরণ প্রদান করা হয়েছে। সিটি কর্পোরেশনগুলো উক্ত মডেল প্রবিধানের আলোকে তাদের নিজস্ব প্রবিধান প্রণয়ন করে নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার পদ্ধতির প্রাতিষ্ঠানিকীকরণ করবে বলে আশা করা হচ্ছে। এ অধ্যায়ের অধীনে প্রদত্ত সারণিটি হল প্রতিবেদনের বছরে প্রাপ্ত মতামত ও গৃহীত অভিযোগগুলোর প্রতিকার বিষয়ে সারসংক্ষেপ উপস্থাপন করা। প্রতিবেদনের বছরে যদি নাগরিক জরিপ পরিচালিত হয়ে থাকে, তাহলে এ সেকশনের "(৩) নাগরিক জরিপের সংক্ষিপ্ত ফলাফল" – অংশে নাগরিক জরিপ সম্পর্কিত তথ্য প্রদান করতে হবে। উল্লেখ্য যে, নাগরিক জরিপ বিষয়ে 'দিকনির্দেশনা "সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা" (এলজিডি, ২০২০) তে প্রদান করা হয়েছে।

অধ্যায় ১১: ফটো গ্যালারী

অবকাঠামো উন্নয়নের পাশাপাশি গভর্ন্যান্স সংক্রান্ত কার্যক্রমসহ উল্লেখযোগ্য অনুষ্ঠান ও অর্জনের ছবি, বিশেষত বার্ষিক প্রতিবেদনের বর্ণনার সাথে সম্পর্কিত ছবিগুলো এ ফটো গ্যালারীতে দেখানো যেতে পারে। প্রতিটি ছবিতে ক্যাপশনসহ (একটি সংক্ষিপ্ত ব্যাখ্যা) ছবি তোলার দিন, তারিখ বা মাস এবং বছর উল্লেখ করতে হবে। এ ছবি প্রদর্শনের মাধ্যমে উন্নয়ন কর্মকান্ডের তথ্য, যথার্থতা এবং বিশ্বাসযোগ্যতা নিশ্চিত করবে, যা বার্ষিক প্রতিবেদনের মান বৃদ্ধি করতে ভূমিকা রাখবে। উল্লেখ্য, এখানে ফটো গ্যালারীর জন্য একটি ফরমেট এবং ক্যাপশনসহকারে দেওয়া হয়েছে। তবে ফটো গ্যালারীর ফরমেটটি প্রয়োজনে সংশোধন করা যাবে, অথবা সিটি কর্পোরেশন আরো সৃজনশীল উদ্যোগ নিয়ে ছবিগুলির জন্য তাদের নিজস্ব উপস্থাপনা শৈলী প্রদর্শন করতে পারে।

সংযোজনী: বাজেট বিবরণী

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে একই অর্থ বছরের বার্ষিক হিসাব বিবরণী অন্তর্ভুক্ত নয়, কারণ এটি প্রস্তুত করতে সময়ের প্রয়োজন এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৭৭ ধারা অনুযায়ি ৩১ ডিসেম্বর এর মধ্যে বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করতে হয়। বরং এর পরিবর্তে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে নতুন বছরের বাজেটের সারসংক্ষেপ উপস্থাপন করা হয়, যেখানে গত অর্থবছরের বার্ষিক হিসাব বিবরণীর আনুমানিক তথ্যের পাশাপাশি নতুন অর্থবছরের বাজেটও উল্লেখ করা হয়।

সংযুক্তি ১: বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন ছক (ফরমেট)

বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন

অর্থবছর ২০..... -.... ...

সেপ্টেম্বর ২০....

-------- সিটি কর্পোরেশন

সূচিপত্র

অধ্যায় ১: মেয়রের বার্তা..... ১
১.১ -------সিটি কর্পোরেশনের মেয়রের শুভেচ্ছা ১
১.২ ২০-- / ... অর্থবছরে আমাদের অর্জনসমূহ.....১
১.৩ অর্থবছর ২০.... /..... এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি ১
অধ্যায় ২: একনজরে সিটি কর্পোরেশন..... ২
২.১ ঐতিহাসিক পটভূমি ও মূল বৈশিষ্ট্যসমূহ.....২
২.২ ২০--/--- অর্থবছরের উল্লেখযোগ্য অর্জনসমূহ.....২
অধ্যায় ৩ : ভিশন ও মিশন.....৩
৩.১ ভিশন..... ৩
৩.২ মিশন..... ৩
অধ্যায় ৪ : সাংগঠনিক কাঠামো ও মানবসম্পদ.....৩
৪.১ বিভাগ ও জনবল..... ৩
৪.২ কাউন্সিলর..... ৩
অধ্যায় ৫ : বাজেট ও আর্থিক ৫
৫.১ সংক্ষিপ্ত বাজেট বিবরণী ৫
৫.২ রাজস্ব আদায় ৬
অধ্যায় ৬ : অবকাঠামো উন্নয়ন ৮
৬.১ প্রতিবেদনের ও পূর্ববর্তী বছরের উন্নয়ন প্রকল্প এবং উল্লেখযোগ্য মেরামতসংক্রান্ত কাজসমূহ..... ৮
৬.২ ক্রমপুঞ্জিত উন্নয়ন-সম্পর্কিত অর্জনসমূহ.....১০
অধ্যায় ৭: অবকাঠামো রক্ষণাবেক্ষণসহ অন্যান্য সেবামূলক কার্যক্রমসমূহ ১১
৭.১ সচিবের দপ্তর..... ১১
৭.২ রাজস্ব বিভাগ..... ১১
৭.৩ প্রকৌশল বিভাগ.....১২
৭.৪ বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ.....১৩
৭.৫ স্বাস্থ্য বিভাগ..... ১৪
৭.৬ সমাজকল্যান , শিক্ষা ও সংস্কৃতি.....১৫
অধ্যায় ৮: প্রশাসনিক উন্নয়ন ও উদ্ভাবনীমূলক কার্যক্রম ১৬
৮.১ লক্ষিত কার্যাবলী, উদ্দেশ্য ও ফলাফলসমূহ.....১৬
৮.২ সক্ষমতা উন্নয়ন (প্রশিক্ষণ) ১৮
অধ্যায় ৯. কর্পোরেশন ও কমিটির সভা ১৯
৯.১ সিটি কর্পোরেশনের সাধারণ সভা ১৯

৯.২ স্থায়ী কমিটির সভা ১৯
অধ্যায় ১০ : নাগরিক সম্পৃক্তকরণ ২৬
১০.১ ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি'র (ডব্লিউএলসিসি) সভা ২৬
১০.২ সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি'র (সিএলসিসি) সভা ২৭
১০.৩ জনসভা/ জনতার মুখোমুখি ২৭
১০.৪ জনসচেতনতা বৃদ্ধি এবং প্রচার কার্যক্রম ২৭
১০.৫ নাগরিক মতামত এবং অভিযোগ প্রতিকার ২৮
অধ্যায় ১১: ফটোগ্যাল্যারী ২৯

সংযোজনী: বাজেট বিবরণী (সংক্ষেপিত বার্ষিক হিসাব বিবরণীসহ নতুন অর্থবছরের বাজেটের সারসংক্ষেপ)

নোট:

- স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রদত্ত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুতকরণের নির্দেশিকার সংগে সংযুক্ত একটি ফরমেট অনুসরণ করে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ৪৩ ধারা অনুয়ায়ী সিটি কর্পোরেশনের বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্য হচ্ছে (১) সিটি কর্পোরেশনের নিজেদের ব্যবহারের জন্য প্রতিবছরের বাস্তবায়িত কার্যক্রম এবং অর্জনসমূহ নথিভুক্ত করা (২) নাগরিকদের সাথে তথ্য শেয়ার করা এবং (৩) সরকার এবং অন্যান্য অংশীজনদের (স্টেকহোল্ডারদের) কাছে প্রতিবেদন দাখিল করা ।
- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯ এর ৭৭ ধারা অনুযায়ি ৩১ ডিসেম্বর এর মধ্যে বার্ষিক হিসাব বিবরণী সম্পন্ন করতে হবে এবং অন্যদিকে আইনের ৪৩ ধারা অনুযায়ি ৩০ সেপ্টেম্বর এর মধ্যে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন প্রস্তুত করতে হবে। আইন অনুযায়ী দু'টি প্রতিবেদন ভিন্ন সময়ে দাখিল করতে হয় বিধায় বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে একই অর্থবছরের বার্ষিক হিসাব বিবরণী অন্তর্ভুক্ত নয়। বার্ষিক প্রশাসনিক প্রতিবেদনে গত বছরের বার্ষিক হিসাব বিবরণীর সারসংক্ষেপ এবং প্রতিবেদন প্রস্তুতের বছরের বাজেট সংযুক্তি হিসেবে উপস্থাপন করা হয়েছে।

শব্দসংক্ষেপন ও ব্যাখ্যা

নোট: প্রয়োজনীয় অন্যান্য শব্দসংক্ষেপন

এডিপি	বার্ষিক উন্নয়ন কর্মসূচি
এপিএ	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি
বিডিটি	বাংলাদেশ টাকা
সিফরসি	ক্যাপাসিটি ফর সিটিজ (ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন প্রকল্পের সংক্ষিপ্তরূপ)
সিএলসিসি	সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি
জিআরও	অভিযোগ প্রতিকার কর্মকর্তা
জাইকা	জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা
আইডিপি	অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা
ডব্লিউএলসিসি	ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি

অধ্যায় ১: মেয়রের বার্তা

১.১ -------সিটি কর্পোরেশনের মেয়রের শুভেচ্ছা

১.২ ২০-- / ... অর্থবছরে আমাদের অর্জনসমূহ

১.৩ অর্থবছর ২০.... /..... এবং পরবর্তী বছরের জন্য আমাদের প্রতিশ্রুতি

অধ্যায় ২: একনজরে সিটি কর্পোরেশন

প্রতিষ্ঠার বছর:	
সিটি কর্পোরেশনের মোট আয়তন:	বর্গ কিঃমিঃ
ওয়ার্ডের সংখ্যা:	
আঞ্চলের সংখ্যা:	
মোট জনসংখ্যা (বিবিএস শুমারি ও প্রক্ষেপণের ভিত্তিতে):	
মোট হোল্ডিং সংখ্যা (হোল্ডিং ট্যাক্সের জন্য নিবন্ধিত):	

২.১ ঐতিহাসিক পটভূমি এবং মূল বৈশিষ্ট্যসমূহ

----------সিটি কর্পোরেশনের উৎপত্তি

আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে শহরের প্রাকৃতিক সম্পদ ও পরিবেশ

আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে শহরের আর্থসামাজিক বৈশিষ্ট্য

আঞ্চলিক / জাতীয় প্রেক্ষাপটে শহরের প্রধান প্রধান শিল্প -বানিজ্য

২.২ ২০--/--- অর্থবছরের উল্লেখযোগ্য অর্জনসমূহ

অবকাঠামো উন্নয়ন	▪ **----** ▪ **----** ▪ **----**
বর্জ্য ব্যবস্থাপনা	▪ ---- ▪ ----
জনস্বাস্থ্য (সংক্রামক রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণসহ)	▪ ---- ▪ ----
সমাজ কল্যাণ, শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি	▪ ---- ▪ ----

কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়নসহ প্রাপ্তবয়স্ক শিক্ষা	▪
শিশু পার্ক, পার্ক (উদ্যান) ও বনায়ন	▪
প্রশাসনিক উন্নয়ন	▪ ---- ▪ ----
নাগরিক সম্পৃক্তকরণ	▪ ---- ▪ ----
অন্যান্য উদ্ভাবনিমূলক অর্জন	

অধ্যায় ৩ : ভিশন ও মিশন

৩.১ ভিশন

৩.২ মিশন

অধ্যায় ৪ : সাংগঠনিক কাঠামো ও মানবসম্পদ

৪.১ বিভাগ ও জনবল

বিভাগ/শাখা	কর্মকর্তা-কর্মচারী ও চুক্তিভিত্তিক জনবলের সংখ্যা										
	প্রথম শ্রেণি (গ্রেড ১-৯)		দ্বিতীয় শ্রেণি (গ্রেড ১০)		তৃতীয় শ্রেণি (গ্রেড ১১-১৬)		চতুর্থ শ্রেণি (গ্রেড ১৭-২০)		চুক্তিভিত্তিক		মাষ্টার রুলে কর্মরত কর্মী
	অনুমোদিত	পূরণকৃত	অনুমোদিত	পূরণকৃত	অনুমোদিত	পূরণকৃত	অনুমোদিত	পূরণকৃত	স্টাফ	কর্মী	
মেয়রের/প্রশাসকের কার্যালয়											
প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর											
সচিবের দপ্তর											
রাজস্ব											
হিসাব											
প্রকৌশল											
জনস্বাস্থ্য											
বর্জ্য ব্যবস্থাপনা											
সমাজকল্যাণ											
ওয়ার্ড অফিস											
আইসিটি											
মোট											

৩০ জুন ২০.... পর্যন্ত

সার-সংক্ষেপ (জুন ২০.....পর্যন্ত)

সাংগঠনিক কাঠামো অনুমোদনের মাস/বছর	অনুমোদিত মোট পদের সংখ্যা	মোট পূরণকৃত পদের সংখ্যা	মোট শূণ্য পদের সংখ্যা	চুক্তিভিত্তিক কর্মীর সংখ্যা		মাষ্টার রুলে কর্মীর সংখ্যা
				স্টাফ	কর্মী	

সাংগঠনিক কাঠামো ও স্টাফ সম্পর্কে মন্তব্য:

৪.২ কাউন্সিলর

৩০ জুন ২০--- পর্যন্ত

ওয়ার্ড নং	কাউন্সিলরদের নাম	মোবাইল নং
১		
২		
৩		
৪		
৫		
৬		
৭		
৮		
৯		
১০		
১১		
১২		
১৩		
১৪		
১৫		
১৬		
১৭		
১৮		
১৯		
২০		
২১		
২২		
২৩		
২৪		
২৫		
২৬		
২৭		
২৮		
২৯		
৩০		
৩১		
৩২		
৩৩		
৩৪		
৩৫		
৩৬		
৩৭		
৩৮		
৩৯		
৪০		
সংরক্ষিত (নারী) কাউন্সিলর		

১,২,৩		
৪,৫,৬		
৭,৮,৯		
১০,১১,১২		
১৩,১৪,১৫		
১৬,১৭,১৮		
১৯,২০,২১		
২২,২৩,২৪		
২৫,২৬,২৭		
মোট কাউন্সিলর: (সাধারণ + সংরক্ষিত আসনের কাউন্সিলর)		

অধ্যায় ৫ : বাজেট ও আর্থিক

৫.১ সংক্ষিপ্ত বাজেট বিবরণী

(১) প্রাপ্তি / আয়

(ইউনিট: লক্ষ টাকা)

	অর্থবছর ২০--/--(প্রতিবেদন প্রস্তুতের বছর)			
	প্রাক্কলিত বাজেট (ক)	প্রকৃত (খ)	প্রকৃত প্রাপ্তির হার (খ/ক X১০০)	মোট প্রকৃত প্রাপ্তির শতকরা (%) হার
রাজস্ব (আবর্তক) খাতে প্রাপ্তি <পানিসহ (প্রযোজ্য ক্ষেত্রে)>		খ১	%	(খ১/মোট খ*১০০) %
উন্নয়ন খাতে প্রাপ্তি		খ২	%	(খ২/মোট খ*১০০) %
মোট প্রাপ্তি		মোট খ = খ১ + খ২	%	১০০%

	অর্থবছর ২০....-..... (পূর্ববর্তী বছর)			
	প্রাক্কলিত বাজেট (ক)	প্রকৃত (খ)	প্রকৃত প্রাপ্তির হার (খ/ক X ১০০)	মোট প্রকৃত প্রাপ্তির শতকরা হার (%)
রাজস্ব (আবর্তক) প্রাপ্তি <পানিসহ (প্রযোজ্য ক্ষেত্রে)>		খ ১	%	(খ১/মোট খ*১০০) %
উন্নয়ন খাতে প্রাপ্তি		খ ২	%	(খ২/মোট খ*১০০) %
মোট প্রাপ্তি		মোট খ = খ১ + খ২	%	১০০%

(২) পরিশোধ (ব্যয়)

(ইউনিট: লক্ষ টাকা)

	অর্থবছর ২০--/--(প্রতিবেদন প্রস্তুতের বছর)			
	প্রাক্কলিত বাজেট (ক)	প্রকৃত (খ)	প্রকৃত পরিশোধের হার (খ/কX১০০)	মোট প্রকৃত ব্যয়ের শতকরা হার (%)
রাজস্ব (আবর্তক) খাতে পরিশোধ/ব্যয় <পানিসহ (প্রযোজ্য ক্ষেত্রে)>		খ ১	%	(খ১/মোট খ*১০০) %
উন্নয়নখাতে ব্যয়		খ ২	%	(খ২/মোট খ*১০০) %
মোট পরিশোধ/ব্যয়		মোট খ = খ১ + খ২	%	১০০%

	অর্থবছর ২০…..-…. (পূর্ববর্তী অর্থবছর)			
	প্রাক্কলিত বাজেট (ক)	প্রকৃত (খ)	প্রকৃত পরিশোধের হার (খ/কX১০০)	মোট প্রকৃত ব্যয়ের শতকরা হার (%)
রাজস্ব (আবর্তক) খাতে পরিশোধ/ব্যয় <পানিসহ (প্রযোজ্য ক্ষেত্রে)>		খ ১	%	(খ১/মোট খ*১০০) %
উন্নয়নখাতে ব্যয়		খ ২	%	(খ২/মোট খ*১০০) %
মোট পরিশোধ		মোট খ = খ১ + খ২	%	১০০%

৫.২ রাজস্ব আদায়

১) হোল্ডিং ট্যাক্স

(ইউনিট: লক্ষ টাকা)

হোল্ডিং ট্যাক্স-এর উপাদান	অর্থবছর ২০--/-- পূর্ববর্তী বছর	অর্থবছর ২০--/-- (প্রতিবেদন প্রস্তুতের বছর)		
	প্রকৃত আদায়	দাবী (ক)	আদায় (খ)	সংগ্রহের হার খ/ক X ১০০ (%)
ভুমি ও ইমারতের উপর কর (-- %)				
কনজারভেন্সী রেইট (--%)				
বাতির রেইট (-- %)				
স্বাস্থ্য কর (--%)				
পানির রেইট (-- %)				
মোট হোল্ডিং ট্যাক্স (-- %)				

(২) হোল্ডিং ট্যাক্স দাবী ও আদায়ের বিভাজন

ইউনিট: লক্ষ টাকা

বর্ণনা	অর্থবছর ২০--/--(প্রতিবেদন প্রস্তুতের বছর)
দাবী (অর্থবছরের শুরুতে)	
চলতি দাবী	
বকেয়া দাবী	
মোট দাবী (ক)	
প্রকৃত আদায়	
চলতি আদায়	
বকেয়া আদায়	
মোট আদায় (খ)	
আদায়ের হার (দক্ষতা): খ/ক*১০০ (%)	**%**

(৩) ওয়ার্ড ভিত্তিক হোল্ডিং ট্যাক্স আদায় (ইউনিট: লক্ষ টাকা)

ওয়ার্ড নং	অর্থবছর ২০--/-- পূর্ববর্তী বছর	অর্থবছর ২০--/--(প্রতিবেদন প্রস্তুতের বছর)		
	প্রকৃত আদায়	দাবী (ক)	প্রকৃত আদায় (খ)	আদায়ের হার (দক্ষতা): খ/ক*১০০ (%)
১				
২				
৩				
৪				
৫				
৬				
৭				
৮				
৯				
১০				
১১				
১২				
১৩				
১৪				
১৫				
১৬				
১৭				
১৮				
মোট				

(৪) ওয়ার্ডভিত্তিক হোল্ডিং ট্যাক্স-এর বকেয়া ও চলতি আদায়

(ইউনিট: লক্ষ টাকা)

ওয়ার্ড নং	অর্থবছর ২০--/--(প্রতিবেদন প্রস্তুতের বছর)						
	দাবী			**প্রকৃত আদায়**			আদায়ের হার (দক্ষতা): খ/ক*১০০ (%)
	চলতি দাবী	**বকেয়া দাবী**	**মোট (ক)**	**চলতি আদায়**	**বকেয়া আদায়**	**মোট (খ)**	
১							
২							
৩							
৪							
৫							
৬							
৭							
৮							
৯							
১০							
১১							

১২							
১৩							
১৪							
১৫							
১৬							
১৭							
১৮							
মোট							

(৫) সময়মত হোল্ডিং ট্যাক্স আদায় বৃদ্ধির জন্য উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ

১.	(উদাহরণ) প্রথম ও দ্বিতীয় ত্রৈমাসিক ভিত্তিতে ট্যাক্স ক্যাম্পেইনের আয়োজন করা, অগ্রিম ট্যাক্স প্রদানের ক্ষেত্রে ছাড়ের আবেদন করা।
২.	
৩.	

(৬) নিজস্ব রাজস্ব আয়ের অন্যান্য উৎস

(ইউনিট: টাকা হাজারে)

	অর্থবছর ২০--/-- পূর্ববর্তী বছর	অর্থবছর ২০--/--(প্রতিবেদন প্রস্তুতের বছর)		
	প্রকৃত আদায়	দাবী (ক)	আদায় (খ)	পার্থক্য খ/ক **X** ১০০ (%)
ট্রেড লাইসেন্স				
বিজ্ঞাপন কর				

(৭) নিজস্ব রাজস্ব আয় বৃদ্ধি করার জন্য অন্যান্য উল্লেখযোগ্য পদক্ষেপ

১.	
২.	

অধ্যায় ৬ : অবকাঠামো উন্নয়ন

৬.১ প্রতিবেদন প্রস্তুতের বছরের অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প/কাজসমূহ (গৃহীত ও চলমান)

(ইউনিট: লক্ষ টাকা)

প্রকল্পের নাম	প্রকল্প শুরুর/গ্রহণের বছর	ব্যয় প্রাক্কলন	প্রকৃত ব্যয়	অগ্রগতি (%)	
				ভৌত	আর্থিক
ক) অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত প্রকল্প/কাজসমূহ					
ক ১) সিটি কর্পোরেশনের নিজস্ব আয় হতে বাস্তবায়িত/গৃহীত কার্যক্রমের বিবরণ					
পরিবহন (রাস্তা, ব্রীজ, কালভার্ট, ফুট ওভার ব্রীজ, ইত্যাদি)					
ড্রেনেজ/নিষ্কাশন					
পানি সরবরাহ ও স্যানিটেশন					
বর্জ্য ব্যবস্থাপনা					
সিটি কর্পোরেশনের অন্যান্য সুবিধাদি					
ক ২) ডিপিপি বহির্ভূত সরকারি অর্থায়নে বাস্তবায়িত/গৃহীত কার্যক্রমের বিবরণ					
পরিবহন (রাস্তা, ব্রীজ, কালভার্ট, ফুট ওভার ব্রীজ, ইত্যাদি)					
ড্রেনেজ/নিষ্কাশন					
পানি সরবরাহ ও স্যানিটেশন					
বর্জ্য ব্যবস্থাপনা					
সিটি কর্পোরেশনের অন্যান্য সুবিধাদি					

প্রকল্পের নাম	প্রকল্প শুরুর/গ্রহণের বছর	ব্যয় প্রাক্কলন	প্রকৃত ব্যয়	অগ্রগতি (%)	
				ভৌত	আর্থিক
খ) সরকারি অনুদানে বাস্তবায়িত ডিপিপি প্রকল্প					
গ) বৈদেশিক অর্থায়নে বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন প্রকল্প					

৬.২ ক্রমপুঞ্জীভূত উন্নয়ন-সম্পর্কিত অর্জনসমূহ

নোট: নীচের সারণিতে সরাসরি সিটি কর্পোরেশন কর্তৃক পরিচালিত/বাস্তবায়িত অবকাঠামো এবং প্রদেয় সেবামূলক কার্যক্রম দেখানো হয়েছে

	অর্থবছর ২০--/০০ শেষে মোট অর্জন পূর্ববর্তী বছর	অর্থবছর ২০--/০০ শেষে মোট অর্জন (প্রতিবেদন প্রস্তুতের বছর)	আগের বছর থেকে বৃদ্ধি পরিবর্তন /
মোট রাস্তা - মোট দৈর্ঘ্য	কি.মি.	কি.মি.	কি.মি.
বিসি (বিটুমিনাস কার্পেটিং)	কি.মি.	কি.মি.	কি.মি.
সিসি (সিমেন্ট কনক্রিট)	কি.মি.	কি.মি.	কি.মি.
আরসিসি (রড-সিমেন্ট-কনক্রিট)	কি.মি.	কি.মি.	কি.মি.
সেতু			
মোট সংখ্যা			
মোট দৈর্ঘ্য	কি.মি.	কি.মি.	কি.মি.
কালভার্টস			
মোট সংখ্যা			
ড্রেনেজ – মোট দৈর্ঘ্য	কি.মি.	কি.মি.	কি.মি.
ব্রিক - মোট দৈর্ঘ্য	কি.মি.	কি.মি.	কি.মি.
আরসিসি - মোট দৈর্ঘ্য	কি.মি.	কি.মি.	কি.মি.
কাঁচা - মোট দৈর্ঘ্য	কি.মি.	কি.মি.	কি.মি.
খাল - মোট দৈর্ঘ্য	কি.মি.	কি.মি.	কি.মি.
পানি সরবরাহ (প্রযোজ্য ক্ষেত্রে)			
সিটি কর্পোরেশন কর্তৃক পানি সরবরাহ ব্যবস্থায় সংযুক্ত পরিবার /ভবনের সংখ্যা			
খেলাধূলার মাঠ ও উদ্যান/পার্ক			
মোট সংখ্যা			
মোট আয়তন	বর্গ কি.মি.	বর্গ কি.মি.	বর্গ কি.মি.
বাস-ট্রাক টার্মিনাল			
মোট সংখ্যা			

কবরস্থান/শশ্মান			
মোট সংখ্যা			
সড়ক বাতি			
সড়কবাতির পুলের মোট সংখ্যা			
সাধারণের বাজার			
বাজারের মোট সংখ্যা			
মোট ফ্লোরের আয়তন			
কমিউনিটি সেন্টার			
মোট সংখ্যা			
পাঠাগার			
মোট সংখ্যা			
গণশৌচাগার			
মোট সংখ্যা			
জেন্ডার পৃথকীকরণ (নারী-পুরুষ অনুযায়ী) গণশৌচাগারের সংখ্যা			
ল্যান্ডফিল সাইট			
মোট সংখ্যা			
মোট আয়তন	কিঃমিঃ	কিঃমিঃ	কিঃমিঃ
সেকেন্ডারী ট্রান্সফার ষ্টেশন			
মোট সংখ্যা			
অন্যান্য			

অধ্যায় ৭ : অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণসহ অন্যান্য সেবামূলক কার্যক্রমসমূহ

৭.১ সচিবের দপ্তর

(১) উল্লেখযোগ্য সেবাসমূহ

উল্লেখযোগ্য সেবাসমূহ	বর্ণনা
সাধারণের বাজার ব্যবস্থাপনা	• ইজারা প্রদানকৃত বাজারের জায়গা
সনদ প্রদান (জন্ম, মৃত্যু, ওয়ারিশ সনদ)	• জন্ম ও মৃত্যু সনদপত্র ইস্যু তদারকি
যানজট নিয়ন্ত্রণ	• প্রধান প্রধান রাস্তা এবং বাজারের জায়গাগুলিতে ট্র্যাফিক কর্মীদের নিযুক্ত করা
নাগরিক তথ্যসেবা কেন্দ্র (সিআই এসসি)	• নাগরিকদের জন্য ওয়ান স্টপ সেবা সরবরাহ করা • অভিযোগ গ্রহণ
সাংস্কৃতিক কার্যক্রম প্রচার	• ক্রীড়া, সাংস্কৃতিক ও অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা • বেসরকারি সংস্থার মাধ্যমে সাংস্কৃতিক, ক্রীড়া ও অন্যান্য অনুষ্ঠানের স্পনসর করা

(২) অর্জনের সূচকসমূহ

সেবাসমূহ	সূচক ও অর্জন-সংক্রান্ত তথ্য		
	সূচক	অর্থবছর ২০--/--	অর্থবছর ২০--/--
জন্ম, মৃত্যু, ওয়ারিশ সনদ	অর্থবছরে জন্মসনদ প্রদানের মোট সংখ্যা	..টি	..টি
	অর্থবছরে মৃত্যুসনদ প্রদানের মোট সংখ্যা	..টি	..টি
অভিযোগ ও মতামত	অর্থবছরে প্রাপ্ত অভিযোগ ও মতামতের মোট সংখ্যা	..টি	..টি
	অর্থবছরে নিষ্পত্তিকৃত অভিযোগ ও মতামতের মোট সংখ্যা	..টি	..টি
অনধিকার প্রবেশ	অর্থবছরে সরকারি জায়গা থেকে অবৈধভাবে স্থাপিত দোকান ও অন্যান্য স্থাপনার মোট উচ্ছেদকৃত সংখ্যা	..টি	..টি

(৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যখ্যা

১.
২.
৩.

৭.২ রাজস্ব বিভাগ

(১) উল্লেখযোগ্য সেবাসমূহ

উল্লেখযোগ্য সেবাসমূহ	বর্ণনা
ট্রেড লাইসেন্স প্রদান	
অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স প্রদান	
পাবলিক মর্কেট ব্যবস্থাপনা	
কসাইখানার ব্যবস্থাপনা	

(২) অর্জনের সূচক

সেবাসমূহ	সূচক ও অর্জনসংক্রান্ত তথ্য		
	সূচক	অর্থবছর ২০--/--	অর্থবছর ২০--/--
ট্রেড লাইসেন্স	নতুনভাবে ইস্যুকৃত ট্রেড লাইসেন্সের সংখ্যা	..টি	..টি
	নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সংখ্যা	..টি	..টি
অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স	অযান্ত্রিক যানবাহনের (মোটর-বিহীন গাড়ীর) জন্য ইস্যুকৃত লাইসেন্সের সংখ্যা	..টি	..টি
	নবায়নকৃত লাইসেন্সের সংখ্যা	..টি	..টি
পাবলিক মর্কেট ব্যবস্থাপনা	অর্থবছরের শেষে পাবলিক মর্কেটে (অস্থায়ী বাজার ব্যতীত) খালি জায়গার পরিমানের হার *= সকল পাবলিক মার্কেটে মোট খালি দোকানের সংখ্যাকে সকল পাবলিক মার্কেটের মোট দোকানের সংখ্যা দিয়ে ভাগ করে ১০০ দিয়ে গুন*	%	%
কসাইখানা ব্যবস্থাপনা	কসাইখানার মোট সংখ্যা	..টি	..টি
	কসাইখানার ব্যবস্থাপনার জন্য চুক্তিবদ্ধ হওয়ার মোট সংখ্যা	..টি	..টি
গণশৌচাগার	সিটি কর্পোরেশনে মোট গণশৌচাগার এর সংখ্যা	..টি	..টি
	ব্যবস্থাপনার জন্য চুক্তিবদ্ধ মোট গণশৌচাগার এর সংখ্যা	..টি	..টি

(৩) পূর্ববর্তী বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিবর্তন সম্পর্কে ব্যখ্যা

১.

২.

৩.

